গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের আওতায় ২০১৯-২০২০ অর্থবছরের এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনের ওপর মন্ত্রণালয়/বিভাগভিত্তিক সারসংক্ষেপ

ক্রঃ নং	মন্ত্রণালয় /বিভাগের নাম	মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা	সমাপ্ত প্রকল্পের ধরণ			মূল সময় ও ব্যয়ের তুলনায়				
			বিনিয়োগ প্রকল্পের সংখ্যা	কারিগরী সহায়তা প্রকল্পের সংখ্যা	জেডি সিএফ ভুক্ত প্রকল্পের সংখ্যা	সময় ও ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন-সর্বোচ্চ	ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	ব্যয় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন-সর্বোচ্চ
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
০১	গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়	৭	৭	০	০	৪	৬	• +১২০ % • +১৮ %	৩	• +১৪.৫৪% • +৮ৎ

১। সমাপ্ত প্রকল্পের সংখ্যাঃ ০৬ (ছয়)

২। সমাপ্ত প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণঃ

<u>প্রকল্পের ব্যয় বৃদ্ধির কারণ:</u>

ক) প্রকল্প গ্রহণের সময় সুদূরপ্রসারী পরিকল্পনা না করে এবং ভবিষ্যতের প্রেক্ষাপট বিবেচনা না করে ডিপিপি প্রণয়ন করা হয়। ফলে পরবর্তীতে কাজের পরিধি বেড়ে যায়, ফলশ্রুতিতে ব্যয় বৃদ্ধি পায়;

খ) বার বার মেয়াদ বৃদ্ধির ফলে স্থানীয় ও আন্তর্জাতিক বাজারে দ্রব্যমূল্যে দাম বেড়ে যায় এবং কোন কোন ক্ষেত্রে দরপত্রের রেট শিডিউল পরিবর্তন হয়ে যায়, ফলে প্রকল্প ব্যয় বেড়ে যায়;

গ) জটিল ও ব্যতিক্রমধর্মী কাজের ক্ষেত্রে অনেক সময় টার্ণকী ঠিকাদারের উপর অতিমাত্রায় নির্ভরশীলতা বেড়ে যায় এবং চুক্তি স্বাক্ষরের সময় সকল শর্তাবলী সাবধানতার সাথে বিবেচনা করা হয়না বিধায় টার্ণকী ঠিকাদার বিভিন্ন সময় বাড়তি বিল দাবী করার সুযোগ পায়।

<u>প্রকল্পের মেয়াদ বৃদ্ধির কারণ:</u>

ক) মূল ডিপিপি অনুমোদনের তারিখের পরেও টেন্ডার ডকুমেন্ট তৈরি, টেন্ডার আহবান, মূল্যায়ন ও কার্যাদেশ প্রদানে অনেক বিলম্ব হয়। ফলে মাঠ পর্যায়ে প্রকল্পের বাস্তবায়ন কাজ শুরু হতে বেশির ভাগ ক্ষেত্রে এক বছর থেকে দুই বছর বিলম্ব হয়ে যায়;

খ) ভূমি অধিগ্রহণজনিত জটিলতার কারণে বেশির ভাগ প্রকল্পে যথেষ্ট সময়ক্ষেপণ হয়;

গ) প্রকল্প দপ্তরের অদক্ষতার কারণে এবং দূরদর্শিতার অভাবে প্রকল্পের বাস্তবায়ন বিলম্ব হয়।

৩। সমাপ্তকৃত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান প্রধান সমস্যা ও সুপারিশঃ

সমস্যা	সুপারিশ
৩.১ রক্ষণাবেক্ষণ	প্রকল্পের মাধ্যমে নির্মিত স্থাপনা, পাইপলাইন ও যন্ত্রপাতিসমূহের যথাযথ রক্ষণাবেক্ষণ ও নিরাপত্তা নিশ্চিত করতে হবে;
৩.২ Feasibility Study'র সুপারিশ অনুসরণ না করা	ভবিষ্যতে প্রকল্পের কার্যক্রম দক্ষতার সাথে সম্পন্নের জন্য যথাযথ সম্ভাব্যতা সমীক্ষা (Feasibility Study) পরিচালনা করা এবং সুপারিশের আলোকে ব্যবস্থা করতে হবে;
৩.৩ ডিপিপি/ টিপিপিতে স্টিয়ারিং কমিটির (PSC) ও পিআইসি (PIC) এর সংস্থান না রাখা	প্রকল্প বাস্তবায়ন কার্যক্রম যথাযথভাবে মনিটরিং এর জন্য ভবিষ্যতে প্রকল্প গ্রহণের সময় ডিপিপিতে স্টিয়ারিং কমিটি (PSC) ও পিআইসি (PIC) এর সংস্থান রাখতে হবে;
৩.৪ প্রকল্পের ব্যয় বৃদ্ধি ও বাস্তবায়নে অত্যাধিক বিলম্ব	প্রকল্প প্রণয়নের ক্ষেত্রে বাস্তবসম্মতভাবে ব্যয় ও সময় নির্ধারণ এবং বাস্তবায়ন পর্যায়ে তা অনুসরণ করা প্রয়োজন।
৩.৫ অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ	নিরীক্ষা অধিদপ্তর কর্তৃক প্রকল্পের অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।

ঢাকার ইস্কাটনে সিনিয়র সচিব/সচিব/গ্রেড-১ কর্মকর্তাদের জন্য আবাসিক ফ্ল্যাট নির্মাণ শীর্ষক **প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন**

(সমাপ্ত: জুন, ২০২০)

১। প্রকল্পের নাম: ঢাকার ইস্কাটনে সিনিয়র সচিব/সচিব/গ্রেড-১ কর্মকর্তাদের জন্য আবাসিক ফ্ল্যাট নির্মাণ ।

২। প্রকল্পের ধরন (বিনিয়োগ/কারিগরি সহায়তা/সমীক্ষা): বিনিয়োগ প্রকল্প।

৩। অর্থায়নের উৎস: জিওবি।

৩.১। উন্নয়ন সহযোগী: প্রযোজ্য নয়।

৪। উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ: গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।

৪.১। বাস্তবায়নকারী সংস্থা: গণপূর্ত অধিদপ্তর।

৫। (ক) প্রকল্প ব্যয়, বাস্তবায়নকাল ও অনুমোদন সংক্রান্ত:

বিষয়	অনুমোদিত প্রাক্কলন				বাস্তবায়নকাল	অনুমোদন		পরিবর্তন (+/-)	
	মোট	জিওবি	প্র: সা:	অন্যান্য		একনেক	প্রশাসনিক	ব্যয় (%)	মেয়াদ (%)
মূল	২৭৩৯৬.০০	২৭৩৯৬.০০	--	--	নভেম্বর, ২০১৬ থেকে জুন, ২০১৮	০৪/০৮/১৬	--	৩৯৮৫.৩২ বা ১৪.৫৪%	২৪ মাস বা ১২০%
১ম সংশোধিত	৩১৩৮১.৩২	৩১৩৮১.৩২	--	--	নভেম্বর, ২০১৬ থেকে জুন, ১৯	২০/০৬/১৯	--		
মেয়াদ বৃদ্ধি	৩১৩৮১.৩২	৩১৩৮১.৩২	--	--	নভেম্বর, ২০১৬ থেকে জুন, ২০২০	ডিসেম্বর, ১৯			
প্রকৃত ব্যয়	৩০৯৯৮.০৯	৩০৯৯৮.০৯							

(খ) মূল প্রাক্কলনের সাথে ক্রমপুঞ্জিত ব্যয় বৃদ্ধির হার: ১৪.৫৪%।

(গ) মূল প্রাক্কলনের সাথে ক্রমপুঞ্জিত মেয়াদ বৃদ্ধির হার: ১২০%।

৬। প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন: প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (PCR) অনুযায়ী প্রকল্পটির অঙ্গভিত্তিক বাস্তব ও আর্থিক অগ্রগতি নিম্নে দেয়া হল:

(লক্ষ টাকায়)

ক্রঃনঃ	পিসিআর অনুযায়ী কাজের বিভিন্ন অঙ্গের নাম	একক	অনুমোদিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
	(ক) রাজস্ব ব্যয়:					
১.	মুদ্রণ ও প্রকাশনা (আর্কিটেকচারাল ড্রয়িং ডিওএ)	**থোক**	১০.০০		৮.০৪	১০০%
২.	মুদ্রণ ও প্রকাশনা (স্ট্রাকচারাল, প্লাম্বিং ড্রয়িং ডিপিপি, টেন্ডার ডকুমেন্ট ইত্যাদি	**থোক**	১৫.০০		৫.০০	১০০%
৩.	স্টেশনারি ক্রয়	**থোক**	১৫.০০		১২.৭১	১০০%
৪.	সম্মানী	**থোক**	৫.০০		৪.০০	১০০%
৫.	যানবাহনের রেজিস্ট্রেশন ফি	**থোক**	৪.০০		-	১০০%
৬.	পত্রিকায় বিজ্ঞাপন	**থোক**	১২.০০		৮.৪৯	১০০%

ক্রঃনঃ	পিসিআর অনুযায়ী কাজের বিভিন্ন অঙ্গের নাম	একক	অনুমোদিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
৭.	মেটারিয়াল টেস্ট ও সোয়েল ইনভেস্টিগেশন	**থোক**	১০.০০		৫.০০	১০০%
৮.	পরিদর্শনের যানবাহনের জন্য ফুয়েল ও লুব্রিক্যান্ট	**থোক**	১০.০০		৯.২৪	১০০%
৯.	যানবাহনের মেরামত ও রক্ষণাবেক্ষণ	**থোক**	৫.০০		৪.০৬	১০০%
১০.	ভিত্তি প্রস্তর	**থোক**	৬.০০		৫.৯৭	১০০%
	উপ-মোট		**৯২.০০**		**৬২.৫১**	
	(খ) মূলধন ব্যয়:					
১.	বেইজমেন্ট সহ ২০ তলা আবাসিক ভবন নির্মাণ (ভবন 'এ')	১৬৬৬৪.৮০ ব:মি:	৮৫১০.০০		৮৪৯৯.২৮	১০০%
	বহিস্থ বিদ্যুতায়ন (ই/এম) ভবন 'এ'					
২.	অবশিষ্ট বহিস্থ বিদ্যুতায়ন (ই/এম) ভবন 'এ' এর কাজ		১৬৭.০০		১৬৭.০০	
৩.	বেইজমেন্ট সহ ২০ তলা আবাসিক ভবন নির্মাণ (ভবন 'বি')	১৬৯৮৩.৪৬ ব:মি:	৮২৮৫.০০		৮২১৫.০৬	১০০%
	বহিস্থ বিদ্যুতায়ন (ই/এম) ভবন 'বি'					
৪.	বেইজমেন্ট সহ ২০ তলা আবাসিক ভবন নির্মাণ (ভবন 'সি')	১৬৬৬৪.৮০ ব:মি:	৮১৯১.০০		৮১০৪.৫৩	১০০%
	বহিস্থ বিদ্যুতায়ন (ই/এম) ভবন 'সি'					
৫.	আবাসিক ভবনে ফিটনেসসেন্টার ও কমিউনিটি ভবন নির্মাণ	১৮১৫.৪২ ব:মি:	৬৯৫.২৪		৬৯৫.২৪	১০০%
	বহিস্থ বিদ্যুতায়ন ফিটনেস সেন্টার (ই/এম)					
৬.	সাবস্টেশন, গ্রাউন্ড রুম, অগ্নিনির্বাপক ভবন, ও ভান্ডারী ওয়াল	১৫৭৬.১৫ ব:মি:	৪৩৮.২৬		৪৩৮.২৬	১০০%
৭.	অভ্যন্তরীণ আরসিসি রোড, প্লেভড ওয়াক ওয়ে, সাইট উন্নয়নের কাজ, লন টেনিস, ব্যাডমিন্টন কোর্ট ও কার সিস্টেম নির্মাণ	৩৪৫৪.২৮ ব:মি:	৩৩৯.৭৪		৩১৪.৫২	১০০%
	অবশিষ্ট সিভিল কার্যক্রম মেইন ভবন 'এ' 'বি' ও 'সি'					
	অবশিষ্ট সিভিল কার্যক্রম মাল্টিপারপাস ভবন এবং আনুষঙ্গিক কাজ					
৮.	সুইমিংপুল	১টি	২৫০.০০		২৫০.০০	১০০%
৯.	ডিপটিউবওয়েল সাব-মার্জিবল পাম্প মটর ওয়াসা চার্জসহ	১টি	৮৩.০৪		৮৩.০৪	১০০%
১০.	সুয়্যারেজ ট্রিটমেন্ট প্ল্যান্ট (এসটিপি)	১টি	৩৪০.০০		৩৪০.০০	১০০%
১১.	বহি:স্থ পানি সরবরাহ, ভূগর্ভস্থ পানি সংরক্ষণাগার, বিতরণ লাইন, পাম্প হাউজ, বৃষ্টির পানি সংরক্ষণাগার, মাস্টার ড্রেন ও সুয়্যারেজ লাইন	১০০০০০ গ্যালন	১০৮.১০		১০৮.১০	১০০%
১২.	বহি:স্থ বিদ্যুতায়ন, ইলেক্ট্রোমেকানিকেল ও এয়ার-কন্ডিশনার	৩টি ভবন				
১৩.	স্পেশাল লাইট ফিটিংস	৩টি ভবন	৩৪৮.০০		৩৪৬.৫০	১০০%
১৪.	লিফট ১২৫০ কেজি	৬টি	৮২২.০০		৭৫০.২৫	১০০%

ক্রঃনঃ	পিসিআর অনুযায়ী কাজের বিভিন্ন অঙ্গের নাম	একক	অনুমোদিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
১৫	লিফট ৮০০ কেজি	১টি	২৮.৫০		২৭.৩০	১০০%
১৬.	ওয়াটার হিটার	৩৮টি	৭৩.০০		৭২.১৭	১০০%
১৭.	সিসিটিভি	৩টি ভবন	৬৫.০০		৬৪.৪৩	১০০%
১৮.	ফায়ার হাইড্রেন্ট সিস্টেম	৩টি ভবন	৩৪৮.০০		৩৪৭.৫৩	১০০%
১৯.	১৫০০ কেভিএ সাব-স্টেশন প্রয়োজনীয় যন্ত্রপাতিসহ	২টি	২৬৫.০০		২৬২.৩৬	১০০%
২০.	এলটি ফিডার ক্যাবলস	২টি	১৫৮.০০		১৫৮.০০	১০০%
২১.	৫০০ কেভিএ জেনারেটর প্রয়োজনীয় যন্ত্রপাতিসহ	২টি	২১৪.০০		২১২.০০	১০০%
২২.	সাব-মর্জিবল ওয়াটার পাম্প	৩টি ভবন	০০			
২৩.	ডিজিটাল সাইনবোর্ড	৩টি ভবন	৯.৫০		৯.৫০	১০০%
২৪.	নিরাপত্তা ও কম্পাউন্ড লাইট	৩টি ভবন	৮৬.০০		৮৫.৪৩	১০০%
২৫.	ইন্টারকম, নেটওয়ার্কিং সিস্টেম এবং লাইটিং কন্ডাকটর	৩টি ভবন	৭৫.০০		৭৩.৮০	১০০%
২৬.	এয়ার কন্ডিশনার (২*১১৪*১.৪৫)	২২৮টি	২৬৫.০০		২৬৫.০০	১০০%
২৭.	এয়ার কন্ডিশনার ফেইজ-২	২২৮টি	২৬৮.০০		২৬৮.০০	১০০%
২৮.	মাল্টিপারপাস বিল্ডিং		১৫০.০০		১২৪.২৪	১০০%
২৯.	কন্সট্রাকশন অফ ১১ কেভি এক্সপ্রেস ফিডার লাইন কানেকশন ফি এন্ড রোড কাটিং অফ সিটি ক্রোপ		৩০৩.০০		৩০৩.০০	১০০%
৩০.	সোলার প্যানেল সিস্টেম (৭২ কিলোওয়াট)	৭২ কি:ও:	১২৫.০০		১২৩.১২	১০০%
৩১.	আরবরিকালচার এন্ড ল্যান্ডস্ক্যাপিং	থোক	৫০.০০		৪৫.০০	১০০%
৩২.	ফায়ার প্রোটেকশন (ইন্সট্রুমেন্ট এন্ড আদার সার্ভিস কাজ)	৩ টি ভবন	৪০.০০		৪০.০০	১০০%
৩৩.	বহি:স্থ গ্যাস লাইন তিতাস ফি ও অন্যান্যসহ	৩ টি ভবন	৩.০০		২.৪৫	১০০%
৩৪.	প্রকল্প উদ্বোধনী	থোক	৪০.০০		৬.১৬	
৩৫.	কম্পিউটার ৪ সেট ও ল্যাপটপ ৪সেট (সফটওয়্যার, প্রিন্টার, ইউপিএস ইত্যাদিসহ)	৮টি	১১.৫০		৮.৮৭	১০০%
৩৬.	ফটোকপি মেশিন	৩টি	৯.০০			১০০%
৩৭	যানবাহন ২টি জিপ (১টি পিডব্লিউডি ও ১টি স্থাপত্য অধিদপ্তরের জন্য)	২টি	১২৫.৪৪		১২৫.৪৪	১০০%
	উপ-মোট		**৩১৩৮১.৩২**		**৩০৯৩৫.৫৮**	
	সর্বমোট		**৩১৩৮১.৩২**		**৩০৯৯৮.০৯**	

৭। কাজ অসমাপ্ত থাকলে তার কারণ: ডিপিপি'র লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রকল্পের সকল কাজ সম্পন্ন হয়েছে।

৮। মূল্যায়ন পদ্ধতিঃ প্রকল্পটির সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নে নিম্নোক্তবিষয়/পদ্ধতি অনুসরন করা হয়েছে:

প্রকল্পের ডিপিপি পর্যালোচনা;

- প্রকল্পের PCR পর্যালোচনা;
- কাজের বাস্তব অগ্রগতি যাচাই ও তথ্য সংগ্রহের জন্য সরেজমিন পরিদর্শন;
- প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা ও মতামত গ্রহণ;

৯। প্রকল্পের মূল উদ্দেশ্য:

- ❖ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সিনিয়র সচিব, সচিব ও গ্রেড-০১ কর্মকর্তাদের আধুনিক সুযোগ সুবিধা ও নিরাপত্তা সম্বলিত বাসস্থান নির্মাণ;
- ❖ ভূমির সর্বোত্তম ব্যবহার; এবং
- ❖ সুশাসন নিশ্চিতকরণ।

৯.১। **প্রকল্পের পটভূমি:** "ঢাকার ইস্কাটনে সিনিয়র সচিব/সচিব/গ্রেড-১ কর্মকর্তাদের জন্য আবাসিক ফ্ল্যাট নির্মাণ" প্রকল্পের জন্য ইস্কাটনে ৫টি টেনামেন্ট হাউজ অপসারণ করে ৭.৬৩ বিঘা জমিতে ৩টি ভবনে ১১৪টি ফ্ল্যাটের সংস্থান রেখে মোট ৩১৩.৮১ কোটি টাকায় ৩ বছরে সম্পন্ন করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছিল। ৩টি ভবনের প্রতি ভবনে ৩,৪৯০.০০ বর্গফুট বিশিষ্ট ৩৮টি ফ্ল্যাট এবং ৩টি ভবনে সর্বমোট ৩৮×৩=১১৪টি ফ্ল্যাট নির্মাণ করা হয়েছে। এছাড়াও স্বাস্থ্য কমপ্লেক্স, কমিউনিটি সেন্টার, ফায়ার হায়ড্রেন্ট বিল্ডিং, সুইমিংপুল, এয়ারকন্ডিশন সিস্টেম, এসটিপি, হাঁটার পথ এবং বাউন্ডারী ওয়াল ইত্যাদি নির্মাণসহ আনুষাঙ্গিক ভৌত কাজ করা হয়েছে।

১০। **প্রকল্পের অনুমোদন প্রক্রিয়া:** আলোচ্য প্রকল্পটি ২৭৩৯৬.০০ লক্ষ টাকা প্রাক্কলনে নভেম্বর, ২০১৬ থেকে জুন, ২০১৮ মেয়াদে গত ০৮/০৩/২০১৬ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে প্রকল্পটি ১ম সংশোধনীর মাধ্যমে প্রাক্কলন ৩১৩৮১.৩২ লক্ষ টাকা এবং মেয়াদ নভেম্বর, ২০১৬ থেকে জুন, ২০১৯ নির্ধারণ করে গত ২০/০৬/২০১৬ তারিখে মাননীয় মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়। যার মাধ্যমে প্রাক্কলন বৃদ্ধি পায় ৩৯৮৫.৩২ লক্ষ টাকা বা ১৪.৫৪% এবং মেয়াদ বৃদ্ধি পায় ১ বছর বা ৬০%। নির্ধারিত মেয়াদে বাস্তবায়ন কাজ শেষ না হওয়ায় পুনরায় ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ আরো ১ বছর অর্থাৎ নভেম্বর, ২০১৬ থেকে জুন, ২০২০ পর্যন্ত বৃদ্ধি করা হয় যার ফলে প্রকল্পের মেয়াদ আরো ৬০% বৃদ্ধি পায় যা গত ডিসেম্বর, ২০১৯ এ অনুমোদিত হয়।

১১। **প্রকল্প এলাকা পরিদর্শন:** প্রকল্পটি সমাপ্তির পর প্রকল্পের কার্যক্রম মূল্যায়নের নিমিত্ত বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের ৭ নং সেক্টরের পরিচালক জনাব মো: রফিকুল আলম গত ০৩/১১/২০২০ তারিখে প্রকল্প এলাকাতে প্রকল্পের কার্যক্রম সরেজমিন পরিদর্শন করেন। পরিদর্শনকালে প্রকল্প পরিচালকসহ প্রকল্প সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন এবং প্রয়োজনীয় তথ্যাদি দিয়ে সহযোগিতা করেন। প্রকল্প সরেজমিন পরিদর্শন ও রেকর্ডপত্র যাচাই করে প্রতিবেদন প্রণয়ন করা হয়েছে।

১১.১। **নিম্নে পরিদর্শিত অংশের চিত্র দেয়া হলো:**

	
প্রকল্পের মাধ্যমে নির্মিত ভবনের দৃশ্য	প্রকল্পের মাধ্যমে নির্মিত পাওয়ার হাউসের দৃশ্য

	
নির্মিত জিম কক্ষের দৃশ্য	নির্মিত সুইমিংপুলের দৃশ্য

১২। <u>প্রকল্প বাস্তবায়নে মনিটরিং কার্যক্রম:</u>

পরিদর্শনের সময় দেখা যায়, সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও সংস্থা এবং আইএমইডি'র কর্মকর্তাবৃন্দ প্রকল্প বাস্তবায়নকালে বিভিন্ন সময়ে প্রকল্পের কার্যক্রম পরিদর্শন করেছেন। এদের মধ্যে প্রধান প্রকৌশলী মোহাম্মাদ রফিকুল ইসলাম, প্রধান প্রকৌশলী মোঃ খোরশেদ আলম, প্রধান প্রকৌশলী মোঃ শাহাদাত হোসেন, প্রধান প্রকৌশলী মোঃ আশরাফুল আলম উল্লেখযোগ্য। আইএমইডি কর্তৃক সহকারী পরিচালক, আব্দুল্লাহ-আল-মাসুদ গত ১২/১০/২০১৭ তারিখে এবং উপ পরিচালক, মশিউর রহমান গত ২৩/০২/২০১৯ এবং ২৭/০১/২০২০ তারিখে সরেজমিন পরিদর্শন করেছেন। পরিদর্শন প্রতিবেদনের সুপারিশগুলো বাস্তবায়িত হয়েছে।

১৩। **প্রকল্পের জনবল নিয়োগ:** এ প্রকল্পের প্রকল্প পরিচালকসহ অন্যান্য জনবল গণপূর্ত অধিদপ্তরের নিজস্ব জনবল যারা এ প্রকল্পে অতিরিক্ত দায়িত্ব পালন করেছেন। এ কারণে এ প্রকল্পে কোন জনবল নিয়োগ করার প্রয়োজন হয়নি।

১৪। **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:**

ক্রঃ নং	কর্মকর্তার নাম	পদবি	পূর্ণকালীন/খন্ডকালীন	সময়কাল
১।	জনাব মোঃ মিজানুর রহমান	তত্ত্বাবধায়ক প্রকৌশলী ঢাকা গণপূর্ত সার্কেল-১, ঢাকা	অতিরিক্ত দায়িত্ব	০১/১১/২০১৬ হতে ২৬/০১/২০১৬ ইং পর্যন্ত
২।	জনাব আব্দুল কাদের চৌধুরী	তত্ত্বাবধায়ক প্রকৌশলী ঢাকা গণপূর্ত সার্কেল-১, ঢাকা	অতিরিক্ত দায়িত্ব	২৬/০১/২০১৬ হতে ২৩/০১/২০১৭ ইং পর্যন্ত
৩।	জনাব উৎপল কুমার দে	তত্ত্বাবধায়ক প্রকৌশলী ঢাকা গণপূর্ত সার্কেল-১, ঢাকা	অতিরিক্ত দায়িত্ব	২৩/০১/২০১৭ ইং হতে ২৭/০৮/২০১৮ ইং পর্যন্ত
৪।	জনাব এ.কে.এম সোহরাওয়ার্দী	তত্ত্বাবধায়ক প্রকৌশলী ঢাকা গণপূর্ত সার্কেল-১, ঢাকা	অতিরিক্ত দায়িত্ব	২৭/০৮/২০১৮ ইং হতে সমাপ্তি পর্যন্ত

১৫। <u>প্রকল্পের ক্রয় কার্যক্রম:</u>

প্রকল্প অফিসে সংরক্ষিত প্রকল্পের ক্রয় সংক্রান্ত দলিলপত্র পর্যালোচনা করা হয়। ক্রয় সম্পর্কিত তথ্য নিম্নরুপ:
ক. ডিপিপি/আরডিপিপিতে মোট প্যাকেজ সংখ্যা: পণ্যের জন্য ১০টি ও কার্যের জন্য ১৮ টিসহ মোট ২৮টি।

খ. পণ্য, কার্য ও সেবা ক্রয় সংক্রান্ত তথ্য:

ক্র:নং	প্যাকেজের বর্ণনা	দরপত্র আহবানের তারিখ চুক্তি মূল্য		চুক্তির তারিখ		কাজ সমাপ্তির তারিখ			বাস্তবায়ন বিলম্বের কারণ
		ডিপিপি অনুযায়ী	প্রকৃত	ডিপিপি অনুযায়ী	প্রকৃত	চুক্তি অনুযায়ী	প্রকৃত	সময় বৃদ্ধি সংক্রান্ত	
1	WD 3	জানু: ১৬ থেকে জুন, ১৯ এর মধ্যে	৫/৪/১৬	জানু: ১৬ থেকে জুন, ১৯	৮/১/১৭	জানু: ১৬ থেকে জুন, ১৯	৩০/৬/২০২০		
2	WD 4	জানু: ১৬ থেকে জুন, ১৯	৫/৪/১৬	জানু: ১৬ থেকে জুন, ১৯	৮/১/১৭	জানু: ১৬ থেকে জুন, ১৯	৩০/৬/২০২০		
3	WD 5	জানু: ১৬ থেকে জুন, ১৯	৫/৪/১৬	জানু: ১৬ থেকে জুন, ১৯	৮/১/১৭	জানু: ১৬ থেকে জুন, ১৯	৩০/৬/২০২০		
4	WD 6-WD 9, WD11	জানু: ১৬ থেকে জুন, ১৯	১৬/৪/১৮	জানু: ১৬ থেকে জুন, ১৯	৩/৭/১৮	জানু: ১৬ থেকে জুন, ১৯	৩০/৬/২০২০		
5	WD 10, WD12	জানু: ১৮ থেকে জুন, ১৯	১০/৫/১৮	জানু: ১৮ থেকে জুন, ১৯	২৫/৭/১৮	জানু: ১৮ থেকে জুন, ১৯	৩০/৬/২০২০		
6	WD 16	জানু: ১৮ থেকে জুন, ১৯	১৫/৯/১৯	জানু: ১৮ থেকে জুন, ১৯	২৪/১০/১৯	জানু: ১৮ থেকে জুন, ১৯	৩০/৬/২০২০		

১৬। **<u>প্রকল্পের উদ্দেশ্য অর্জন:</u>**

পরিকল্পনা	অর্জন	পরিদর্শনের আলোকে
(ক) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সিনিয়র সচিব, সচিব ও গ্রেড-০১ কর্মকর্তাদের আধুনিক সুযোগ সুবিধা ও নিরাপত্তা সম্বলিত বাসস্থান নির্মাণ;	ক) ৩টি ভবনে ৩৪৯০.০০ বর্গফুট বিশিষ্ট মোট ১১৪টি ফ্ল্যাট নির্মাণ করা হয়েছে।	ক) সরেজমিন পরিদর্শনে দেখা যায়, সিনিয়র সচিব, সচিব ও গ্রেড-১ কর্মকর্তাগণের আবাসিক বাসস্থান নিশ্চিতকরণের জন্য ৩টি ভবনের প্রতিটি ভবনে ৩৪৯০.০০ বর্গফুট বিশিষ্ট ৩৮টি করে ফ্ল্যাট নির্মাণ করা হয়েছে। সে হিসেবে ৩টি ভবনে মোট ১১৪টি ফ্ল্যাট নির্মাণ করা হয়েছে।
(খ) ভূমির সর্বোত্তম ব্যবহার;	খ) ৫টি টেনামেন্ট হাউজ অপসারণ করে ৭.৬৩ বিঘা ভূমিতে ৩টি ভবনে ১১৪টি আধুনিক ফ্ল্যাট নির্মাণ করা হয়েছে। এর মাধ্যমে ভূমির সর্বোত্তম ব্যবহার নিশ্চিত হয়েছে।	খ) সরেজমিন পরিদর্শনে দেখা যায়, প্রকল্পের জন্য ইস্কাটনে ৫টি টেনামেন্ট হাউজ অপসারণ করে ৭.৬৩ বিঘা জমিতে ৩টি ভবনে ১১৪টি ফ্ল্যাট নির্মাণ করা হয়েছে। যার মাধ্যমে প্রকল্পের উদ্দেশ্য অনুযায়ী ৭.৬৩ একর ভূমির সর্বোত্তম ব্যবহার নিশ্চিত হয়েছে।
(গ) সুশাসন নিশ্চিতকরণ।	গ) উন্নত ও স্বাস্থ্যসম্মত বাসস্থান নিশ্চিত করা হয়েছে।	গ) ৩টি ভবনে ১১৪টি ফ্ল্যাট নির্মাণের মাধ্যমে ১১৪ জন উর্ধ্বতন কর্মকর্তাগণের আবাসন ব্যবস্থা নিশ্চিত করা হয়েছে। সুশাসন নিশ্চিতকরণের সাথে এ প্রকল্পের কোন সম্পর্ক নেই।

১৭। **উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে তার কারণ:** প্রকল্পটির উদ্দেশ্য অর্জিত হয়েছে বলে পরিদর্শনে প্রতীয়মান হয়েছে।

১৭.১। অডিট সম্পাদন ও আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত তথ্য:

অডিটের অর্থবছর	অডিটের ধরণ	অডিটের তারিখ	অডিট আপত্তি সংখ্যা	নিষ্পত্তির সংখ্যা	নিষ্পত্তির পর্যায়	মন্তব্য
২০১৬-১৭	ইন্টার্নাল ও এক্সটার্নাল	১৪/৫/১৮ হতে ১৮/৫/১৮ এবং ২৮/১২/১৭ হতে ৩/১/১৮	নেই	-	-	
২০১৭-১৮	ইন্টার্নাল ও এক্সটার্নাল	১১/৮/১৮ হতে ১৬/৮/১৮ এবং ৩১/১/১৯ হতে ৬/২/১৯	নেই	-	-	
২০১৮-১৯	ইন্টার্নাল ও এক্সটার্নাল	৩১/০৮/১৯- ০৭/০৯/১৯ এবং ০১/২/২০ হতে ১০/২/২০	নেই	-	-	
২০১৯-২০	ইন্টার্নাল ও এক্সটার্নাল	১৬/০৮/২০ হতে ২২/৮/২০	নেই	-	-	

১৮। **বাস্তবায়ন পর্যবেক্ষণ:**

১৮.১। **মেয়াদ ও ব্যয় বৃদ্ধি সংক্রান্ত:** প্রকল্পটির মূল ডিপিপি ২৭৩৯৬.০০ লক্ষ টাকা প্রাক্কলনে নভেম্বর ২০১৬ হতে জুন, ২০১৮ মেয়াদে গত ০৮/০৩/২০১৬ তারিখে অনুমোদিত হয়েছিল। ১ম সংশোধনীতে প্রাক্কলন ৩১৩৮১.৩২ লক্ষ টাকা নির্ধারণ করে নভেম্বর, ২০১৬ হতে জুন, ২০১৯ মেয়াদে অনুমোদিত হয়। যার ফলে প্রকল্পের প্রাক্কলন বৃদ্ধি পায় ৩৯৮৫.৩২ লক্ষ টাকা বা ১৪.৫৪% এবং মেয়াদ বৃদ্ধি পায় ১ বছর বা ৬০%। নির্ধারিত সময়ে কাজ শেষ না হওয়ায় পরবর্তীতে প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ নভেম্বর, ২০১৬ থেকে জুন, ২০১৯ এর পরিবর্তে নভেম্বর, ২০১৬ থেকে জুন, ২০২০ করা হয় ফলে প্রকল্পের মেয়াদ আরো ১ বছর বৃদ্ধি পায়। এ প্রকল্পের মেয়াদ ২ বারে ২৪ মাস বা ১২০% বৃদ্ধি পেয়েছে।

১৮.২। **প্রকল্প বাস্তবায়ন অবস্থা**: প্রকল্পের মোট ৩৬টি অঙ্গ ছিল, পিসিআর দৃষ্টে দেখা যায়, প্রতিটি অঙ্গের বিপরীতে সংস্থানকৃত অর্থের মধ্যে ব্যয় হয়েছে। কোন অঙ্গের ব্যয় আরডিপিপি সংস্থানের চেয়ে বেশি হয়নি। ডিপিপি/আরডিপিপিতে প্রকল্পের বিভিন্ন অঙ্গের জন্য সংস্থান ছিল ৩১৩৮১.৩২ লক্ষ টাকা, ব্যয় হয়েছে ৩০৯৯৮.০৯ লক্ষ টাকা বা ৯৮.০৮%। প্রকল্প পরিচালক জানান, অব্যয়িত অর্থ সংস্থা হতে ছাড় হয়নি, এ কারণে সরকারি কোষাগারে জমা করার প্রয়োজন হয়নি।

১৮.৩। **প্রকল্পের ভৌত কাজ সংক্রান্ত**: ডিপিপিতে ৩টি ২০ তলা ভবনে ১১৪টি ফ্ল্যাট নির্মাণের প্রাক্কলন করা হয়। প্রকল্পের মাধ্যমে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সিনিয়র সচিব, সচিব ও গ্রেড-০১ কর্মকর্তাগণের জন্য ইস্কাটনে ৭.৬৩ একর ভূমির উপর বেইজমেন্টসহ ২০ তলা বিশিষ্ট ৩টি আধুনিক সুযোগ সুবিধা ও নিরাপত্তা সম্বলিত সুপিরিয়র টাইপ ভবন নির্মাণ করা হয়েছে। প্রতিটি ভবনে ৩৪৯০.০০ বর্গফুট বিশিষ্ট ৩৮টি করে ৩টি ভবনে মোট ১১৪টি ফ্ল্যাট রয়েছে। ভবনের বিভিন্ন কমন প্লেসের ফ্লোরে ২ ফুট বাই ৪ ফুট আয়তনের গ্রানাইড পাথর এবং ফ্ল্যাটের ভেতরের ফ্লোরে ৪৮/৪৮ আয়তনের মার্বেল পাথর ও টাইলস (গানিমেট) ব্যবহার করা হয়েছে। ফ্ল্যাটের বিভিন্ন ফিটিংস এন্ড ফিক্সিং এ ইউরো স্ট্যান্ডার্ড পণ্য (উন্নতমানের লাইট, এসি, ফ্যান, কমোড, বিব কক, বেসিন ইত্যাদি) ব্যবহার করা হয়েছে। প্রকল্প পরিচালক জানান, উপরে বর্ণিত বিষয়গুলো সন্নিবেশ করা হলে তাদের মতে সেটি সুপিরিয়র টাইপ ভবন হিসেবে বিবেচিত হয়। ভবনটির গ্রাউন্ড ফ্লোরে ১৩৮টি গাড়ি পার্কিং এর সুবিধা রয়েছে। পানি সরবরাহের জন্য একটি ডিপ টিউবওয়েল, আন্ডার গ্রাউন্ডে ৭টি ৪০,০০০ গ্যালোন ধারণ ক্ষমতার পানি রিজার্ভার স্থাপিত হয়েছে। ভবনটিতে পর্যাপ্ত ফায়ার প্রটেকশন সিস্টেম স্থাপন করা হয়েছে। এছাড়াও আবাসিক ভবনটিগুলোতে ৭টি লিফট স্থাপন, গ্যাস সংযোগ, বিদ্যুতায়ন, আসবাবপত্র ক্রয়, দুইটি জিপ গাড়ি ক্রয় ইত্যাদি কাজ করা হয়েছে। এছাড়া আবাসিক এলাকার মধ্যে স্বাস্থ্য কমপ্লেক্স, কমিউনিটি সেন্টার, ফায়ার হায়ড্রেন্ট বিল্ডিং, সুইমিংপুল, এয়ারকন্ডিশন সিস্টেম, এসটিপি, হাঁটার পথ এবং বাউন্ডারী ওয়াল ইত্যাদি নির্মাণসহ আনুষাঙ্গিক ভৌত কাজ করা হয়েছে।

১৮.৪। **অডিট সম্পাদন সংক্রান্ত:** এ প্রকল্পের মেয়াদে ৪টি ইন্টার্নাল যথা: ২০১৬-১৭, ২০১৭-১৮, ২০১৮-১৯ এবং ২০১৯-২০ অডিট এবং ৩টি এক্সটার্নাল যথা: ২০১৬-১৭, ২০১৭-১৮, ২০১৮-১৯ অডিট সম্পাদন হয়েছে। অডিট রিপোর্টগুলো যাচাই করে দেখা হয়েছে। ইন্টার্নাল এবং এক্সটার্নাল ৭টি অডিটে কোন আপত্তি উত্থাপিত হয়নি।

১৮.৫। ক) **ব্যায়ামাগার**: এ প্রকল্পের মাধ্যমে মাল্টিপারপাস ভবনের গ্রাউন্ড ফ্লোরে একটি ব্যায়ামাগার স্থাপন করা হয়েছে। ব্যায়ামাগারটি মহিলা ও পুরুষ সবার জন্য উন্মুক্ত এবং সবাই ব্যবহার করতে পারবে। কিন্তু মহিলা ও পুরুষদের জন্য মাত্র একটি ব্যায়ামাগার থাকায় সময় নির্ধারণ নিয়ে সমস্যা তৈরি হবে। এছাড়া ১১৪টি ফ্ল্যাট সম্বলিত প্রকল্পের একটি মাত্র ব্যায়ামাগার পর্যাপ্ত হয়নি। মহিলা এবং পুরুষের জন্য পৃথক পৃথক দুইটি ব্যায়ামাগার স্থাপন করা সমিচীন ছিল বলে প্রতীয়মান হয়।

খ) **সুইমিংপুল**: এ প্রকল্পের মাধ্যমে মাল্টিপারপাস ভবনের পাশে ছোট আকারের একটি সুইমিংপুল স্থাপন করা হয়েছে। ১১৪টি ফ্ল্যাট সম্বলিত ভিআইপি আবাসিক এরিয়ায় সুইমিংপুলটি পর্যাপ্ত নয়। সইমিংপুলটি আরো বড় আকারে হওয়া সমিচিন ছিল। পরবর্তীতে প্রয়োজনের নিরীক্ষে সুইমিংপুলটি বড় আকারে করা যায় কিনা তা বিবেচনা করা প্রয়োজন।

গ) **সুয়্যারেজ ট্রিটমেন্ট প্ল্যান্ট (এসটিপি):** এ প্রকল্পের মাধ্যমে ৩৪০.০০ লক্ষ টাকা ব্যয়ে মাল্টিপারপাস ভবনের আন্ডারগ্রাউন্ডে একটি উন্নতমানের সুয়্যারেজ ট্রিটমেন্ট প্ল্যান্ট (এসটিপি) স্থাপন করা হয়েছে। পরিদর্শনের সময় দেখা যায়, এসটিপিটি চলমান রয়েছে এবং তা কাজ করছে। কিন্তু এসটিপিটি যে কক্ষে স্থাপন করা হয়েছে, সেই কক্ষের মেঝেতে ময়লাযুক্ত পঁচা পানি লক্ষ করা গেছে। এ বিষয়ে প্রকল্প পরিচালক জানান, এসটিপিটি পরীক্ষামূলকভাবে চালু করার সময় কিছু পানি বের হয়েছিল, কিন্তু এখন আর কোন লিকেজ নেই। উপস্থিত প্রকৌশলীদের কাছ থেকে জানা

যায়, শোধনাগারের মাধ্যমে পরিশোধিত পানি পুনরায় ময়লাযুক্ত ড্রেনে ছাড়া হচ্ছে। কারণ এসটিপিটি এখনো পরীক্ষামূলকভাবে চলছে এবং পরিশোধনকৃত পানি এখনো পরীক্ষা করে দেখা হয়নি। পরীক্ষার পর যদি দেখা যায় পানির মান ভালো আছে এবং কোন গন্ধ নেই, তখন পানি সার্ফেস ড্রেনে ছাড়া হবে। এসটিপি'র মাধ্যমে পরিশোধিত পানি দ্রুত পরীক্ষা শেষ করে উক্ত পানি পয়:নিস্কাশনে না ছেড়ে সার্ফেস ড্রেনে ছাড়ার ব্যবস্থা নেয়া প্রয়োজন।

ঘ) ফ্ল্যাটের রান্না ঘরে বাসনপত্র পরিষ্কারের জন্য স্থাপিত সিঙ্কগুলোতে কিছু সমস্যা দেখা গেছে। এ কারণে সিঙ্কের বাইরের পানি গড়িয়ে নিচে পড়ে কিচেন কেবিনেটের কাঠগুলো ভিজে নষ্ট হয়ে যাচ্ছে। এ বিষয়ে প্রকল্প পরিচালক জানান, সিঙ্কের চার পাশে সামান্য উচু থাকায় এ সমস্যা হচ্ছে। ইতোমধ্যে ঠিকাদার প্রতিষ্ঠানকে জানানো হয়েছে এবং এ সমস্যা সমাধানে ব্যবস্থা নেয়া হচ্ছে।

১৮.৬। **প্রকল্পের নির্মাণকাজের গুণগত মান:** প্রকল্পের নির্মিত ভবন সরেজমিন পরিদর্শন করে ভবন নির্মাণকালীন ব্যবহৃত নির্মাণ সামগ্রীর গুনগতমান যাচায়ের জন্য বিভিন্ন টেস্ট রিপোর্ট পর্যবেক্ষণ করা হয়। প্রকল্প পরিচালক জানান, নির্মাণ সামগ্রী বুয়েটের ল্যাবরেটরিতে টেস্ট করে নির্মাণ কাজে ব্যবহার করা হয়েছে। টেস্ট রিপোর্টসমূহ পরিদর্শনকালে প্রদর্শন করা হয়েছে। ইলেক্ট্রোমেকানিক্যাল সরঞ্জাম, ইলেক্ট্রিক্যাল ফিটিংস, সেনেটারি ফিটিংস, ম্যানুফেকচারাল গাইডলাইন এবং দরপত্রের স্প্যাসিফিকেশন অনুযায়ী ব্যবহার করা হয়েছে। দরপত্রে উল্লেখিত বিভিন্ন ফিটিংসের সাথে নির্মিত ভবনের ব্যবহৃত বিভিন্ন ইলেক্ট্রিক্যাল ফিটিংস, সেনেটারি ফিটিংস, ইলেক্ট্রোমেকানিক্যাল সরঞ্জাম, ম্যানুফেকচারাল গাইডলাইন, এবং লিফট র‍্যান্ডম ব্যাসিসে যাচাই করে সঠিক পাওয়া যায়। টেস্ট রিপোর্ট হতে দেখা যায়, নির্মাণ কাজের ব্যবহৃত বিভিন্ন পণ্য (ইট, বালি, সিমেন্ট, রড, কংক্রিট) ব্যবহার করার পূর্বে টেস্ট করা হয়েছে এবং টেস্টের ফলাফল সিডিউল অনুযায়ী আছে।

১৮.৭। **প্রকল্পের উদ্দেশ্য অর্জন:** এ প্রকল্পের মাধ্যমে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সিনিয়র সচিব, সচিব ও গ্রেড-০১ কর্মকর্তাগণের আধুনিক সুযোগ সুবিধা ও নিরাপত্তা সম্বলিত বাসস্থান নির্মাণ, ভূমির সর্বোত্তম ব্যবহার, এবং সুশাসন নিশ্চিতকরণ এই ০৩ টি উদ্দেশ্য ছিল। উদ্দেশ্য বাস্তবায়নের জন্য প্রকল্পের মাধ্যমে সরকারি অব্যবহৃত ৭.৬৩ বিঘা জমিতে সরকারি কর্মকর্তাগণের জন্য বেজমেন্টসহ ২০ তলা বিশিষ্ট ৩টি ভবন নির্মাণ করা হয়েছে, যার মাধ্যমে ১১৪ জন সরকারি উর্ধ্বতন কর্মকর্তাগণের আবাসিক চাহিদা পূরণ হয়েছে এবং ৭.৬৩ একর ভূমির সর্বোত্তম ব্যবহার নিশ্চিত হয়েছে। ৩টি ভবনে ১১৪টি ফ্ল্যাট নির্মাণের মাধ্যমে ১১৪ জন উর্ধ্বতন কর্মকর্তাদের আবাসন ব্যবস্থা নিশ্চিত করা হয়েছে। সুশাসন নিশ্চিতকরণের সাথে এ প্রকল্পের কোন সম্পর্ক নেই। প্রকল্পটি বাস্তবায়নের ফলে ঢাকা মহানগরীর সরকারি কর্মকর্তাদের নবনির্মিত ভবনে উন্নত ও স্বাস্থ্যসম্মত বাসস্থান নিশ্চিত হয়েছে। এর ফলে সরকারি চাকুরিজীবীদের কাছ থেকে আরো উন্নত সেবা আদায় করা সম্ভব হবে।

১৮.৮। **ঘন ঘন প্রকল্প পরিচালক পরিবর্তন এবং একাধিক প্রকল্পের অতিরিক্ত দায়িত্ব পালন:** এ প্রকল্প বাস্তবায়নকালীন ৪ জন প্রকল্প পরিচালক দায়িত্ব পালন করেছেন, প্রত্যেকেই অতিরিক্ত হিসেবে দায়িত্ব পালন করেছেন। এছাড়া PIU এর সকলে PWD'র রাজস্ব খাতের জনবল এবং তারা অতিরিক্ত দায়িত্ব পালন করেছেন। পরিকল্পনা বিভাগ হতে জারিকৃত "সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন পদ্ধতি" বিষয়ক পরিপত্র অনুসারে ৫০ কোটি টাকার উর্ধ্বে প্রকল্পের ক্ষেত্রে নিয়মিত প্রকল্প পরিচালক নিয়োগ দিতে হয়। এ প্রকল্পটির প্রাক্কলন ছিল ৩১৩৮১.৩২ লক্ষ টাকা বা ৫০ কোটি টাকার উর্ধ্বে, কিন্তু পরিপত্র অনুযায়ী নিয়মিত প্রকল্প পরিচালক নিয়োগ দেয়া হয়নি। উপরন্ত তারা দাপ্তরিক দায়িত্বসহ একাধিক প্রকল্পের অতিরিক্ত দায়িত্বে ছিলেন।

১৮.৯। **প্রকল্পের ক্রয় কার্যক্রম পর্যালোচনা:** প্রকল্পের ডিপিপি/আরডিপিপি পর্যালোচনায় দেখা যায়, পণ্য ও কার্যের জন্য ২৮টি প্যাকেজ ছিল। সকল প্যাকেজের কাজ সমাপ্ত হয়েছে। এই প্রকল্পের ক্ষেত্রে প্যাকেজগুলোর দরপত্র আহ্বান কার্যক্রম ডিপিপি/আরডিপিপি'র সিডিউল অনুযায়ী হয়নি এবং চুক্তি মেয়াদের মধ্যে কাজ শেষ হয়নি, দুইবারে ১২ মাস মেয়াদ বৃদ্ধি করা হয়েছে। প্রকল্প পরিচালক জানান, প্রকল্প স্থানের পুরাতন ভবন অপসারণ করে ঠিকাদারি প্রতিষ্ঠানকে সাইট বুঝিয়ে দিতে বিলম্ব হয়েছে। এছাড়া এ প্রকল্পের বিভিন্ন ফিটিং এন্ড ফিক্সিং উর্ধ্বতন কর্তৃপক্ষকে দেখিয়ে অনুমোদন করতে হয়েছে এবং কয়েকবার পরিবর্তন করা হয়েছে। এ কারণে প্রকল্পের মেয়াদ বৃদ্ধি পেয়েছে এবং সেই সাথে ঠিকাদারি প্রতিষ্ঠানের চুক্তির মেয়াদ বৃদ্ধি করতে হয়েছে।

১৮.১০। **সুবিধাভোগীর মতামত:** পরিদর্শনের সময় নির্মিত ভবন ৬৯ এর ৩/এ, ৩/বি ও ৫/এ এবং ভবন ৭১ এর ৩/এ ফ্ল্যাট পরিদর্শন করা হয়। ভবন ৬৯ এর ৩/এ তে বসবাস করছেন জনাব নুরুল আমীন, সাবেক সচিব, পরিকল্পনা বিভাগ, ৩/বি তে বসবাস করছেন জনাব মোহাম্মাদ জয়নুল বারী, সচিব, সমাজকল্যান মন্ত্রণালয়, ৫/এ তে বসবাস করছেন, জনাব আনিছুর রহমান, সিনিয়র সচিব, জ্বালানি ও খণিজ সম্পদ বিভাগ এবং ভবন ৭১ এর ৩/এ তে বসবাস করছেন জনাব প্রদীপ রঞ্জন চক্রবর্তী, সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ। পরিদর্শনের সময় ফ্ল্যাটে

বসবাসকারীগণের সাথে মতবিনিময় হয়। তাদের সাথে মতবিনিময়ের সময় কিছু সমস্যা পাওয়া যায়, যেমন: পর্দার রেলিং ভালোভাবে লাগানো নেই, কিছু কিছু টাইলস নড়বড়ে হয়ে গেছে ও দুই একটি টাইলস ভাঙ্গা, দরজার ছিটকানি ভালোভাবে লাগানো যায় না, রান্না ঘরের বেসিনসহ কিচেন কেবিনেট ত্রুটিপূর্ণ, রান্না ঘরের দেয়াল পানি চুঁইয়ে ড্যাম হয়ে যাচ্ছে ইত্যাদি। পরিদর্শনের সময় উপস্থিত প্রকল্প পরিচালকসহ প্রকৌশলীগণ বলেন, এ সমস্যাগুলো ইতোমধ্যে সনাক্ত হয়েছে এবং ঠিকাদার প্রতিষ্ঠান প্রতিনিয়ত মেরামতের কাজ করছেন। তারা আরো বলেন, আজকের মধ্যেই টিম গঠন করে সকল ফ্ল্যাটে পরীক্ষা করে দেখা হবে। আরো নতুন কোন সমস্যা দৃষ্টিগোচর হলে তা সাথে সাথে ঠিক করা হবে। প্রতিবেদন লেখাকালীন বেশ কয়েকবার তাদের সাথে যোগাযোগ করা হয়েছে। তারা জানিয়েছেন, সব ফ্ল্যাটের যতো সমস্যা ছিল সব ঠিক করে দিয়েছেন এবং পরবর্তীতে আরো কোন সমস্যা দেখা দিলে তাৎক্ষণিক ব্যবস্থা নেয়া হবে।

১৮.১১। জনবল সমস্যা: এ প্রকল্পের মাধ্যমে ৭.৬৩ একর ভূমির উপর সিনিয়র সচিব/সচিব/গ্রেড-১ কর্মকর্তাগণের আবাসনের জন্য ৩টি ভবনে ১১৪টি ফ্ল্যাট নির্মাণ করা হয়েছে। পরিদর্শনের সময় প্রকল্প পরিচালকসহ অন্যান্য ব্যক্তিবর্গের সাথে আলোচনায় জানা যায়, সিকিউরিটি গার্ড, মালি, লিফট ম্যান, পরিচ্ছন্নতাকর্মী, ইলেক্ট্রিশিয়ান, এসটিপি পরিচালনাসহ প্রায় ২০-২৫ জন জনবলের প্রয়োজন। কিন্তু এ প্রকল্পের মাধ্যমে নির্মিত ভবনের জন্য এখনো রাজস্বখাতে অর্গানোগ্রামে পদ সৃজন করে কোন জনবল নিয়োগের ব্যবস্থা করা হয়নি। গণপূর্ত অধিদপ্তরের নিজস্ব জনবল দিয়ে সাময়িক দায়িত্ব পালিত হচ্ছে। কিন্তু গণপূর্ত অধিদপ্তরের উল্লেখিত পদে পর্যাপ্ত জনবল নেই।

১৮.১২। প্রকল্পের ক্রয়কৃত যানবাহন: এ প্রকল্পের ডিপিপিতে দুইটি জিপ গাড়ি ক্রয়ের সংস্থান ছিল, যা ক্রয় করা হয়েছিল। যানবাহনটি প্রকল্প শেষে এখনো হস্তান্তর করা হয়নি। প্রকল্প পরিচালক জানান, ক্রয়কৃত গাড়ী বর্তমানে গণপূর্ত অধিদপ্তরের পরিবহণ পুলে জমা দেয়া হয়েছে। প্রকল্প শেষে ক্রয়কৃত যানবাহন পরিবহনপুলে জমা করার বিধান রয়েছে। যানবাহনটি পরিবহনপুলে জমা করা প্রয়োজন।

১৯। **<u>মতামত/সুপারিশ</u>** :

১৯.১। প্রকল্পটি নির্ধারিত মেয়াদ ও প্রাক্কলনে শেষ হয়নি, প্রাক্কলন বৃদ্ধি পেয়েছে ৩৯৮৫.৩২ লক্ষ টাকা বা ১৪.৫৪% এবং মেয়াদ বৃদ্ধি পেয়েছে ২৪ মাস বা ১২০%। মন্ত্রণালয়/বাস্তবায়নকারী সংস্থার পরবর্তী নতুন প্রকল্পের ক্ষেত্রে মেয়াদ ও প্রাক্কলন এমনভাবে করতে হবে যাতে মেয়াদ ও প্রাক্কলন বৃদ্ধি করতে না হয়।

১৯.২। এ প্রকল্পের মাধ্যমে নির্মিত ভবনের বিভিন্ন ফ্ল্যাট ও কমন স্পেসে কিছু ত্রুটি দেখা গেছে যেমন: পর্দার রেলিং ভালোভাবে লাগানো নেই, কিছু কিছু টাইলস নড়বড়ে হয়ে গেছে ও দুই একটি টাইলস ভাঙ্গা, দরজার ছিটকানি ও ম্যাগনেট ভালোভাবে লাগেনা, রান্না ঘরের বেসিনসহ কিচেন কেবিনেট ত্রুটিপূর্ণ, রান্না ঘরের দেয়াল পানি চুঁইয়ে ড্যাম হয়ে যাচ্ছে ইত্যাদি। নিয়মিত সার্ভিসিং এর মাধ্যমে ত্রুটিগুলো মেরামত করতে হবে এবং ত্রুটিপূর্ণ কাজের জন্য ঠিকাদার প্রতিষ্ঠানের বিরুদ্ধে ব্যবস্থা নিতে হবে।

১৯.৩। এ প্রকল্পের মাধ্যমে নির্মিত সুইমিংপুলটি খুবই ছোট এবং স্থাপিত ব্যায়ামাগারটি পর্যাপ্ত নয়। পরবর্তীতে প্রয়োজনের নিরীক্ষে সুইমিংপুলটির আকার বড় এবং মহিলা ও পুরুষের জন্য পৃথক পৃথক দুইটি ব্যায়ামাগার স্থাপন করা যায় কিনা তা বিবেচনা করা প্রয়োজন।

১৯.৪। এ প্রকল্পের মাধ্যমে মাল্টিপারপাস ভবনের আন্ডারগ্রাউন্ডে স্থাপিত সুয়্যারেজ ট্রিটমেন্ট প্ল্যান্ট কক্ষের মেঝেতে ময়লাযুক্ত পঁচা পানি লক্ষ্য করা গেছে এবং পরিশোধিত পানি পুনরায় ময়লাযুক্ত ড্রেনে ছাড়া হচ্ছে। এসটিপি'র লিকেজ বন্ধ করে কক্ষের মেঝে শুকনো ও পরিস্কার রাখার এবং পরিশোধিত পানি পয়:নিস্কাশনে না ছেড়ে সার্ফেস ড্রেনে ছাড়ার ব্যবস্থা নিতে হবে।

১৯.৫। এ প্রকল্পের ক্রয়কার্যক্রমে ডিপিপি'র সিডিউল অনুসরণ করা হয়নি এবং ঠিকাদার প্রতিষ্ঠানের চুক্তির মেয়াদের মধ্যে কাজ সম্পন্ন হয়নি। মন্ত্রণালয় ও বাস্তবায়নকারী সংস্থার চলমান প্রকল্পের ক্রয়কার্যক্রমে যথাসম্ভব ডিপিপি'র সিডিউল অনুসরণ করতে হবে এবং চুক্তি মেয়াদের মধ্যে কাজ সম্পন্ন করতে হবে।

১৯.৬। এ প্রকল্পে ৪ জন প্রকল্প পরিচালক দাপ্তরিক দায়িত্বসহ একাধিক প্রকল্পের অতিরিক্ত দায়িত্বে ছিলেন। এ ছাড়া এ প্রকল্পের সকল জনবল PWD'র রাজস্ব খাত হতে অতিরিক্ত দায়িত্ব পালন করেছেন। মন্ত্রণালয় ও বাস্তবায়নকারী সংস্থার পরবর্তী প্রকল্পের ক্ষেত্রে পরিকল্পনা বিভাগের পরিপত্রের বিধান অনুসরণ করে প্রকল্প পরিচালকসহ অন্যান্য জনবল নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

১৯.৭। এ প্রকল্পের মাধ্যমে নির্মিত ৩টি আবাসিক ভবন পরিচালনার জন্য সিকিউরিটি গার্ড, মালি, লিফট ম্যান, পরিচ্ছন্নতাকর্মী, ইলেক্ট্রিশিয়ান, এসটিপি পরিচালনাসহ প্রায় ২০-২৫ জন প্রয়োজনীয় জনবল নিয়োগ হয়নি। ভবন তিনটি পরিচালনার জন্য প্রয়োজনীয় পদ সৃজন বা আউটসোর্সিংয়ের মাধ্যমে জনবল দ্রুত নিয়োগের ব্যবস্থা করতে হবে।

১৯.৮। এ প্রকল্পে ২০১৬-১৭, ২০১৭-১৮, ২০১৮-১৯ এবং ২০১৯-২০ অর্থবছরে এক্সটার্নাল ও ইন্টার্নাল ৭টি অডিট হয়েছে এবং অডিটে কোন আপত্তি উত্থাপিত হয়নি। ২০১৯-২০ অর্থবছরে এক্সটার্নাল অডিট এখনো সম্পন্ন হয়নি। ২০১৯-২০ অর্থবছরের এক্সটার্নাল অডিট দ্রুত সম্পন্ন করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।

১৯.৯। এ প্রকল্পের আওতায় দুইটি জিপ গাড়ি ক্রয় করা হয়েছিল, যা এখনো পরিবহণপুলে জমা দেওয়া হয়নি। গাড়ী দুটি দ্রুত পরিবহণপুলে জমা দেওয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

১৯.১০। **উপর্যুক্ত সুপারিশ/মতামত অনুযায়ী প্রশাসনিক মন্ত্রণালয়/সংস্থা কর্তৃক গৃহীত ব্যবস্থা সম্পর্কে আগামী ০১ (এক) মাসের মধ্যে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ-কে অবহিত করতে হবে।**

এসএসএফ এর অফিসার্স মেস ও নন-গেজেটেড কর্মচারীদের আবাসিক ভবনের উর্ধ্বমুখী সম্প্রসারণ শীর্ষক প্রকল্পের **সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন**

(সমাপ্ত, জুন, ২০২০)

০১। প্রকল্পের নাম : এসএসএফ এর অফিসার্স মেস ও নন-গেজেটেড কর্মচারীদের আবাসিক ভবনের উর্ধ্বমুখী সম্প্রসারণ

০২। প্রকল্পের ধরন : বিনিয়োগ প্রকল্প

০৩। প্রকল্প এলাকা : এলেনবাড়ি, তেজগাঁও, ঢাকা

০৪। অর্থায়নের উৎস : জিওবি

০৫। উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ : গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

৫.১। বাস্তবায়নকারী সংস্থা : গণপূর্ত অধিদপ্তর

০৬। (ক) প্রকল্প ব্যয়, বাস্তবায়নকাল ও অনুমোদন সংক্রান্ত :

(লক্ষ টাকায়)

বিষয়	প্রাক্কলন	অনুমোদিত প্রাক্কলন		বাস্তবায়নকাল	অনুমোদনের তারিখ	পরিবর্তন (+/-)	
		মোট	জিওবি			ব্যয় (%)	মেয়াদ (%)
মূল	৩২৯৮.৯৬	৩২৯৮.৯৬	৩২৯৮.৯৬	ফেব্রুয়ারি ২০১৮ হতে জুন ২০১৯ (১৭ মাস)	০৮/০২/২০১৮	-	-
১ম সংশোধিত	৩৫৯৩.৪৪	৩৫৯৩.৪৪	৩৫৯৩.৪৪	ফেব্রুয়ারি ২০১৮ হতে জুন ২০১৯ (১৭ মাস)	১৭/০৬/২০১৯	৮.৯৩%	-
ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি	৩৫৯৩.৪৪	৩৫৯৩.৪৪	৩৫৯৩.৪৪	ফেব্রুয়ারি ২০১৮ হতে জুন ২০২০ (২৯ মাস)	০২/১০/২০১৯	-	৭০.৫৯%

(খ) মূল প্রাক্কলনের সাথে ক্রমপুঞ্জিত ব্যয় বৃদ্ধির হার : ৮.৯৩%

(গ) মূল প্রাক্কলনের সাথে ক্রমপুঞ্জিত মেয়াদ বৃদ্ধির হার : ৭০.৫৯%

০৭। প্রকল্পের মূল উদ্দেশ্য:

ক) মাননীয় প্রধানমন্ত্রীর নিরাপত্তায় নিযুক্ত বিশেষ নিরাপত্তা বাহিনী (এস এস এফ)-এর কর্মকর্তা এবং প্রধানমন্ত্রী কার্যালয়ে কর্মরত সকল নন-গেজেটেড কর্মচারীদের জন্য পর্যাপ্ত এবং সুপরিকল্পিত আবাসিক অবকাঠামো নির্মাণ করার মাধ্যমে সুন্দর পরিবেশে বসবাসের ব্যবস্থা করা।

খ) উপযুক্ত, মানসম্পন্ন ও স্বাস্থ্যকর বাসস্থান নিশ্চিত করার মাধ্যমে কর্মকর্তা/কর্মচারীদের কর্মস্পৃহা ও কাজের মান বৃদ্ধি করা।

০৮। প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (PCR) অনুযায়ী প্রকল্পটির অঙ্গ-ভিত্তিক বাস্তব ও আর্থিক অগ্রগতি নিম্নরূপ:

(লক্ষ টাকায়)

ক্রঃ নঃ	পিসিআর অনুযায়ী কাজের বিভিন্ন অঙ্গের নাম	একক	অনুমোদিত লক্ষ্যমাত্রা (সংশোধিত ডিপিপি অনুযায়ী)		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব পরিমাণ (%)	আর্থিক	বাস্তব পরিমাণ (%)
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
(ক) রাজস্বঃ						
০১	মান নিয়ন্ত্রণ, উপাদান নমুনা সংগ্রহ ও পরীক্ষাকরণ	থোক	০.২৫	১০০%	০.০০	০%
০২	জ্বালানী খরচ	থোক	১.৫০	১০০%	১.৫০	১০০%
০৩	দরপত্র	থোক	১.০০	১০০%	১.০০	১০০%
০৪	স্থাপত্য নকশা	থোক	২.৫০	১০০%	২.৫০	১০০%
০৫	কাঠামোগত নকশা	থোক	১.০০	১০০%	১.০০	১০০%
০৬	বৈদ্যুতিক নকশা	থোক	০.১০	১০০%	০.১০	১০০%
০৭	প্ল্যাম্বিং নকশা (পাইপ লে-আউট)	থোক	০.১০	১০০%	০.১০	১০০%
০৮	বিজ্ঞাপন	থোক	১.০০	১০০%	১.০০	১০০%
০৯	অনারারিয়াম	থোক	১.৫০	১০০%	১.৫০	১০০%
১০	কম্পিউটার ও ষ্টেশনারী সামগ্রী (পিডব্লিওডি, ডিওএ)	থোক	০.৫০	১০০%	০.৫০	১০০%
	উপমোট (রাজস্ব)		৯.৪৫	১০০%	৯.২০	১০০%
(খ) মূলধনঃ						
০১	অফিসার্স মেস (৫ম ও ৬ষ্ঠ তলা নির্মাণ) এর উর্ধ্বমুখী সম্প্রসারণ) (সুপার স্ট্রাকচার, অভ্যন্তরীণ বিদ্যুতায়ন, অভ্যন্তরীণ পানি সরবরাহ ও পয়ঃনিস্কাশন, গ্যাস সংযোগ)	বর্গমিটার	১১৭৬.৩০	১০০%	১১৭৬.৩০	১০০%
০২	নন গেজেটেড কর্মচারীদের আবাসিক ভবনের উর্ধ্বমুখী সম্প্রসারণ (৭ম-১৪তম তলা) (সুপার স্ট্রাকচার, অভ্যন্তরীণ বিদ্যুতায়ন, অভ্যন্তরীণ পানি সরবরাহ ও পয়ঃনিস্কাশন, গ্যাস সংযোগ)	বর্গমিটার	১২১৭.৬০	১০০%	১২১৭.৬০	১০০%
০৩	বহিঃস্থ পানি সরবরাহ (পাম্প হাউজ, সরবরাহ লাইন, পয়ঃনিস্কাশন লাইনও ইন্সপেকশন পিট)		৩২.৬৩	১০০%	৩২.৬৩	১০০%
০৪	৬৩০ কেভিএ ও ৩১৫ বৈদ্যুতিক উপকেন্দ্র, এইচটিএলটি তার ও সুইচ গিয়ার	সেট	১০৯.৯৭	১০০%	১০৫.৬২	১০০%
০৫	৩০০ কেভিএ ও ১৫০ কেভিএ ইমার্জেন্সী ডিজেল জেনারেটর	সেট	৮৯.৯৫	১০০%	৮৬.৬৭	১০০%
০৬	লিফট ২টি (৬৩০ কেজি, ৮ প্যাসেঞ্জার, ৬ স্টপবিশিষ্ট) এবং ২টি (৮০০ কেজি, ১০ প্যাসেঞ্জার, ১৪ স্টপবিশিষ্ট)	সংখ্যা	১৭০.০০	১০০%	১৬৩.৭৩	১০০%
০৭	পাম্প মটর সেট (৫০ এইচপি, ২ সেট)	সেট	৭.৮৫	১০০%	৭.৮৫	১০০%
০৮	পিএবিএক্স ও ইন্টারকম টেলিফোন		১২.৭২	১০০%	১২.৭২	১০০%

ক্রঃ নঃ	পিসিআর অনুযায়ী কাজের বিভিন্ন অঙ্গের নাম	একক	অনুমোদিত লক্ষ্যমাত্রা (সংশোধিত ডিপিপি অনুযায়ী)		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব পরিমাণ (%)	আর্থিক	বাস্তব পরিমাণ (%)
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
০৯	সিকিউরিটি লাইট, ওয়ারিং সিস্টেম ও অন্যান্য নিরাপত্তা		৩.৪৬	১০০%	৩.৪৬	১০০%
১০	শীতাতপ নিয়ন্ত্রণ		৪৪.৭৬	১০০%	৪৪.৭৬	১০০%
১১	সিসি টিভি সিস্টেম		৬১.৬০	১০০%	৬১.৬০	১০০%
১২	সোলার সিস্টেম	কিঃ ওয়াট	৩২.৬৭	১০০%	৩২.৬৭	১০০%
১৩	অগ্নি নির্বাপণ ব্যবস্থা		৯১.৬৪	১০০%	৯১.৬৪	১০০%
১৪	বজ্র নিরোধক		১০.৬৯	১০০%	১০.৬৯	১০০%
১৫	নন গেজেটেড কর্মচারীদের আবাসিক ভবনের ১ম দফার অবশিষ্টাংশের কাজ (৬ষ্ঠ তলা পর্যন্ত)		১৮৫.২৮	১০০%	১৮৩.৮৯	১০০%
১৬	ভূমি উন্নয়ন ও বিদ্যমান কাঠামো অপসারণ		০.৫০	১০০%	০.০০	১০০%
১৭	বিদ্যমান এমটি শেড নবায়ন		৯.০০	১০০%	৯.০০	১০০%
১৮	কম্পাউন্ড ড্রেন	মিটার	২.৯৫	১০০%	২.৯৫	১০০%
১৯	আরসিসি রাস্তা	বর্গমিটার	১০.৯৬	১০০%	১০.৯৬	১০০%
২০	সীমানা প্রাচীর, অর্নামেন্টাল গেইট ইত্যাদি	মিটার	২৪.৩৮	১০০%	২৪.৩৮	১০০%
২১	অফিসার্স মেসে আসবাবপত্র সরবরাহ ও ভিআইপি স্যুটের অভ্যন্তরীণ সাজসজ্জা		২৭৩.০৮	১০০%	২৭৩.০৮	১০০%
২২	আরবরিকালচার		২.০০	১০০%	১.৯৪	১০০%
২৩	পরিদর্শকযান ক্রয় (গণপূর্ত অধিদপ্তরের জন্য দুটি মটর সাইকেল)	সংখ্যা	৪.০০	১০০%	২.৬০	১০০%
	উপমোট (মূলধন)		৩৫৭৩.৯৯	১০০%	৩৫৪৮.০৩	১০০%
	মোট (রাজস্ব+মূলধন)		৩৫৮৩.৪৪		৩৫৫৭.২৩	
	ফিজিক্যাল কন্টিনজেন্সী ১%		৫.০০	-	**০.০০**	
	প্রাইস কন্টিনজেন্সী ১%		৫.০০	-	**০.০০**	
	সর্বমোট =		৩৫৯৩.৪৪		৩৫৫৭.২৩	

জুন ২০২০ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতিঃ ৯৮.৯৯%
জুন ২০২০ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত বাস্তব অগ্রগতিঃ ১০০%

০৯। অর্থবছর ভিত্তিক ডিপিপি/টিপিপি'র সংস্থান, বরাদ্দ, অর্থছাড় ও বাস্তবায়ন অবস্থা:

(লক্ষ টাকা)

অর্থবছর	মূল/সর্বশেষ সংশোধিত অনুমোদিত ডিপিপি/টিপিপিতে সংস্থান	মূল/সংশোধিত এডিপি বরাদ্দ	অবমুক্তকৃত টাকা	আর্থিক ব্যয় (মোট টাকা)
	মোট (টাকা)	মোট (টাকা)		
১	২	৩	৪	৫
২০১৭-১৮	৩৪৪.৫০	৩৪৪.৫০	৩৪৪.৫০	৩৪৪.৫০
২০১৮-১৯	৩২৪৮.৯৪	২৭৯১.৪১	২৭৯১.৪১	২৭৯১.৪১
২০১৯-২০	০০.০০	৪২১.৩২	৪২১.৩২	৪২১.৩২
সর্বমোট	৩৫৯৩.৪৪	৩৫৫৭.২৩	৩৫৫৭.২৩	৩৫৫৭.২৩

তথ্য সূত্রঃ প্রকল্প অফিস হতে প্রাপ্ত

১০। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:

ক্রঃ নং	কর্মকর্তার নাম	পদবি	পূর্ণকালীন/খন্ডকালীন	সময়কাল
১।	উৎপল কুমার দে	তত্ত্বাবধায়ক প্রকৌশলী	খন্ডকালীন	২৩/০১/২০১৭ থেকে ২৭/০৮/২০১৮
২।	এ,কে, এম সোহরাওয়ার্দী	তত্ত্বাবধায়ক প্রকৌশলী	খন্ডকালীন	২৭/০৮/২০১৮ থেকে ২৬/০৮/২০২০

১১। অডিট সম্পাদন ও আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত তথ্য:

অডিট কর্তৃপক্ষ	অডিটের অর্থ বছর	আপত্তির সংখ্যা	আপত্তির পূর্ণ শিরোনাম ও জড়িত অর্থের পরিমাণ	নিষ্পত্তির লক্ষ্যে গৃহীত পদক্ষেপ	আপত্তি নিষ্পত্তির অবস্থা
অডিট অধিদপ্তর	২০১৭-১৮	০২টি	অনুচ্ছেদ-০৮: দরপত্রের শর্ত মোতাবেক চুক্তি মূল্যের বিবিধ ঝুঁকির উপর বীমা না করায় ভ্যাট বাবদ ১,১৪,০৩,২৩৯.০০ (এক কোটি চৌদ্দ লক্ষ তিন হাজার দুইশত উনচল্লিশ) টাকার রাজস্ব ক্ষতি। জড়িত টাকার পরিমাণ ১,৯০,৯১০.০০	কাজটির বিপরীতে বীমা করা হয়েছে। প্রধান প্রকৌশলীর দপ্তর হতে অত্র দপ্তরের জবাব গ্রহণযোগ্য বিবেচিত হওয়াতে মহাপরিচালক, পূর্ত অডিট অধিদপ্তর বরাবর আপত্তিটি নিষ্পত্তির জন্য সুপারিশ করা হয়েছে।	সুপারিশ করা হয়েছে।
			অনুচ্ছেদ-০৬: নির্ধারিত হার অপেক্ষা কম হারে আয়কর কর্তন ও জমা দানে বিলম্ব করায় দন্ড সুদসহ সরকারের ২৩,৭৮,৬২৯.০০ (তেইশ লক্ষ আটাত্তর হাজার ছয়শত উনত্রিশ) টাকা ক্ষতি। জড়িত টাকার পরিমাণ ৬,৬১,০৩৭.০০	কম কর্তনকৃত টাকা ও দন্ড সুদ ঠিকাদারের জামানত হতে সমন্বয় পূর্বক অক্টোবর/২০২০ মাসের হিসাবভুক্ত করা হয়েছে।	গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় হতে আপত্তিটি নিষ্পত্তির জন্য পত্র প্রেরণ করা হয়েছে।

তথ্য সূত্রঃ প্রকল্প অফিস হতে প্রাপ্ত

১২। স্টিয়ারিং/পিআইসি সভা সংক্রান্ত:

পরিকল্পনা বিভাগ হতে জারীকৃত 'সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন পদ্ধতি' বিষয়ক পরিপত্র অনুসারে প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়ন, মনিটরিং ও তদারকির স্বার্থে প্রতি ৩ মাসে ১ বার পিআইসি এবং পিএসসি সভা করতে হবে। প্রকল্পের ডিপিপিতে প্রতি ৩ মাসে অন্ততঃ ১ বার পিআইসি ও ৩ মাসে অন্ততঃ ১ বার পিএসসি সভা আয়োজনের বিষয়ে উল্লেখ রয়েছে।

সভার নাম	সময়ের ধরণ		এই সময় পর্যন্ত মোট লক্ষ্যমাত্রা		প্রকৃত অর্জন
	পরিপত্র অনুযায়ী	ডিপিপি অনুযায়ী	পরিপত্র অনুযায়ী	ডিপিপি অনুযায়ী	
প্রকল্প বাস্তবায়ন কমিটির সভা (PIC)	প্রতি ৩ মাসে ১ বার	প্রতি ৩ মাসে ১ বার	১০ বার	১০ বার	২ বার
প্রকল্প স্টিয়ারিং কমিটির সভা (PSC)	প্রতি ৩ মাসে ১ বার	প্রতি ৩ মাসে ১ বার	১০ বার	১০ বার	২ বার
এডিপি রিভিউ সভা (ADP)	প্রতি মাসে ১ বার	প্রতি মাসে ১ বার	২৯ বার	২৯ বার	২৯ বার

তথ্য সূত্রঃ প্রকল্প অফিস হতে প্রাপ্ত

১৩। প্রকল্পের ক্রয় কার্যক্রম পর্যালোচনা:

অনুমোদিত ক্রয় পরিকল্পনায় পণ্য সরবরাহ খাতে মোট ০৪ (চার) টি এবং ভৌত কাজের মোট ০৯(নয়)টিসহ সর্বমোট ১৩টি প্যাকেজ রয়েছে। সবগুলো প্যাকেজের কাজ সমাপ্ত হয়েছে।

ক্রঃ নং	কাজের নাম	চুক্তি মূল্য	টেন্ডার বিজ্ঞপ্তির তারিখ	কার্যাদেশের তারিখ	চুক্তি অনুযায়ী কাজ সমাপ্তির তারিখ	সমাপ্তির তারিখ	ক্রয় পদ্ধতি	
							ডিপিপি অনুযায়ী	প্রকৃত
১	অফিসারস মেস(পঞ্চম ও ষষ্ঠ তলা নির্মাণ) ও নন-গেজেটেড কর্মচারীদের আবাসিক ভবনের উর্ধ্বমুখী সম্প্রসারণ উর্ধ্বমুখী সম্প্রসারণ (৭ম-১৪তম তলা) (সিভিল, অভ্যন্তরীণ পানি ও স্যানিটারি, অভ্যন্তরীণ বিদ্যুৎ আয়ন , গ্যাস সংযোগ, পিএবিএক্স, ইন্টারকম, টেলিফোন , বজ্রনিরোধক, শীতাতপ নিয়ন্ত্রক, সিসিটিভি সিস্টেম, সোলার প্যানেল ও অগ্নি নির্বাপণ ব্যবস্থা।	২৬৪৭.৯৮	৪/০৪/২০১৮	১৪/০৬/২০১৮	১৩/০৬/২০১৯	১৩/০৬/২০১৯	ওটিএম	ওটিএম
২	নন-গেজেটেড কর্মচারীদের আবাসিক ভবনের ১ম দফার অবশিষ্টাংশের কাজ (৫ম তলা পর্যন্ত)।	১৮৫.২৮	৪/০৪/২০১৮	০৮/০৬/২০১৮	২৮/০৬/২০১৯	২৪/০৬/২০১৯	ওটিএম	ওটিএম
৩	নন-গেজেটেড কর্মচারীদের আবাসিক ভবনের সিকিউরিটি পোস্ট নির্মাণসহ আনুষঙ্গিক কাজ।	১৮.৪৪	০৫/০২/২০১৯	২৪/০৪/২০১৮	২২/০৭/২০১৯	২৮/০৫/২০১৯	ওটিএম	ওটিএম
৪	নন-গেজেটেড কর্মচারীদের আবাসিক ভবনের অগ্নি নির্বাপণ এর জলাধার , সীমানা প্রাচীর,	৫৭.০১	৩১/০৩/২০১৯	২৯/০৪/২০১৮	২৯/০৫/২০১৯	২৮/০৫/২০১৯	ওটিএম	ওটিএম

ক্রঃ নং	কাজের নাম	চুক্তি মূল্য	টেন্ডার বিজ্ঞপ্তির তারিখ	কার্যাদেশের তারিখ	চুক্তি অনুযায়ী কাজ সমাপ্তির তারিখ	সমাপ্তির তারিখ	ক্রয় পদ্ধতি	
							ডিপিপি অনুযায়ী	প্রকৃত
	অরনামেন্টাল গেইট নির্মাণ।							
৫	বিদ্যমান এমটি শেড নবায়ন	৯.০০	২৩/০১/২০১৯	১১/০২/২০১৯	১২/০৩/২০১৯	১০/০৩/২০১৯	ওটিএম	ওটিএম
৬	১৫০ কেভিএ জেনারেটর , ২৫ অশ্বশক্তি ক্ষমতা সম্পন্ন পাম্প, গেইট, কম্পাউন্ড ও নিরাপত্তা বাতি।	১০১.২৬	০৯/০৯/২০১৮	১৫/১০/২০১৮	৩১/০১/২০১৯	৩১/০১/২০১৯	ওটিএম	ওটিএম
৭	৬৩০ কেভিএ ও ৩১৫ বৈদ্যুতিক উপ-কেন্দ্র, এইচটি এলটি তার সুইচ গিয়ার	৯৭.৯৭	০৯/০৯/২০১৮	০৪/১০/২০১৮	৩১/১২/২০১৮	৩১/১২/২০১৮	ওটিএম	ওটিএম
৮	৬৩০ কেজি, ৮-প্যাসেঞ্জার, ৬-স্টপ লিফট	১০৫.৯৮	০৯/০১/২০১৯	২৬/০২/২০১৯	১২/০৮/২০১৯	১২/০৮/২০১৯	ওটিএম	ওটিএম
৯	৮০০ কেজি, ১০-প্যাসেঞ্জার, ১৪-স্টপ লিফট	৫৭.৮৬	০৯/০৯/২০১৮	০৪/১০/২০১৮	৩১/১২/২০১৮	৩১/১২/২০১৮	ওটিএম	ওটিএম
১০	ডিপিডিসি চার্জ	১২.০০				৩০/০৬/২০১৯	ডিপিএম	ডিপিএম
১১	অফিসারস মেসে আসবাবপত্র সরবরাহ ও ভিআইপি স্যুইট এর অভ্যন্তরীণ সাজসজ্জা (সিভিল, স্যানিটারি, ই/এম, ফার্নিচার)	২৭৩.০৮	১৯/০৫/২০১৯	১৯/০৬/২০১৯	১৩/০৭/২০১৯	২৭/০৬/২০১৯	ওটিএম	ওটিএম
১২	পরিদর্শক যান ক্রয় (গণপূর্ত অধিদপ্তরের জন্য ২টি মটর সাইকেল)	২.৬০		১৩/০৬/২০১৯	১২/০৯/২০১৯	১২/০৯/২০১৯	ডিপিএম	ডিপিএম
১৩	আরবরিকালচার	১.৯৪		১৭/০৬/২০১৯	২৭/০৬/২০১৯	২৬/০৬/২০১৯	ওটিএম	ওটিএম

তথ্য সূত্রঃ প্রকল্প অফিস হতে প্রাপ্ত

১৪। প্রকল্প বাস্তবায়ন সম্পর্কিতঃ

১৪.১। প্রকল্প বাস্তবায়নে মনিটরিং কার্যক্রমঃ

পরিচালক, আয়েশা আক্তারের পূর্বে গত ৩০শে সেপ্টেম্বর ২০১৯ আইএমইডি এর উপ-পরিচালক মশিউর রহমান প্রকল্পটি সরেজমিনে পরিদর্শন করেছেন। এছাড়া গত ১৬ই মে ২০১৯ তারিখে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (উন্নয়ন) কর্তৃক প্রকল্পটি সরেজমিনে পরিদর্শন করা হয়

১৪.২। Time & cost over run:

গত ১১/০২/২০১৮ খ্রিঃ তারিখে ২০.১৫১০.১৫৩.০০.০০.৫৭৭.২০১৭-২৯২ স্মারকমূলে ৩২৯৮.৯৬ লক্ষ টাকা মূল্যের প্রকল্পটি অনুমোদিত হয়। পরবর্তীতে ২৫.০০.০০০০.০৩১.১৪.০৯০.১৭-২৭৭ স্মারকমূলে ১৭/০৬/২০১৯ খ্রিঃ তারিখে প্রকল্পটির ১ম সংশোধনী অনুমোদিত হয়। ১ম সংশোধনীতে ৮.৯৩% ব্যয় বৃদ্ধি পেয়ে প্রকল্পটির মূল্য দাঁড়ায় ৩৫৯৩.৪৪ লক্ষ টাকা। পরবর্তীতে প্রকল্পের সময় বৃদ্ধি পায় ৭০.৫৯% অর্থাৎ প্রকল্পের মেয়াদ ০১ ফেব্রুয়ারি ২০১৮ হতে জুন ২০১৯ এর পরিবর্তে ০১ ফেব্রুয়ারি ২০১৮ হতে জুন ২০২০ পর্যন্ত বৃদ্ধি করা হয়।

১৪.৩। প্রকল্প বাস্তবায়ন অবস্থাঃ

১ম সংশোধনীর পর প্রকল্প মূল্য দাঁড়ায় ৩৫৯৩.৪৪ লক্ষ টাকা যার মধ্যে রাজস্ব ৯.৪৫ লক্ষ টাকা, মূলধন ৩৫৭৩.৯৯ লক্ষ টাকা, ফিজিক্যাল কন্টিনজেন্সি ৫.০০ লক্ষ এবং প্রাইস কন্টিনজেন্সি ৫.০০ লক্ষ টাকা। রাজস্ব খাতের ৯.৪৫ লক্ষ টাকার মধ্যে ৯.২০ লক্ষ টাকা ব্যয় হয়েছে। অন্যদিকে মূলধনের ৩৫৭৩.৯৯ লক্ষ টাকার মধ্যে ৩৫৪৮.০৩ লক্ষ টাকা ব্যয় হয়েছে। রাজস্ব ও মূলধন নিয়ে সর্বমোট ৩৫৫৭.২৩ লক্ষ টাকা ব্যয় হয়েছে।

১৪.৪। প্রকল্পের বিবিধ নির্মাণ কাজ সম্পর্কিতঃ

প্রকল্প পরিচালক জানিয়েছেন, ভূমিকম্পের বিষয়টি বিবেচনায় নিয়ে প্রকল্পের আওতায় নির্মিত ভবনগুলোর ডিজাইন প্রণয়ন করা হয়েছিল। বুয়েট কর্তৃক পরীক্ষা করে সাইটে ব্যবহৃত কংক্রিটের স্ট্রেংথ ২৫ এমপিএ এর বেশি পাওয়া গেছে। তাছাড়া অফিসার্স মেস ভবনে উন্নত মানের সেগুন কাঠের, নন-গেজেটেড কর্মচারীদের ফ্লাটসমূহের সম্মুখ দরজায় গামারি কাঠের এবং অভ্যন্তরীণ কক্ষের দরজায় যুগোপযোগী পার্টিক্যাল বোর্ডের ফ্লাস ডোর দেয়া হয়েছে। ডেঙ্গু-এডিস মশার প্রকোপ কমাতে জানালায় মশার নেটসহ এলুমিনিয়াম সাটার স্থাপন করা হয়েছে। অফিসার্স মেসে বিদেশি ও কর্মচারীদের আবাসিক ভবনে দেশীয় উন্নত মানের স্যানিটারি ফিটিংস ব্যবহার করা হয়েছে। এছাড়া মাননীয় প্রধানমন্ত্রীর অনুশাসন অনুযায়ী প্রতিটি কক্ষে প্রাকৃতিক আলো-বাতাস চলাচলের জন্য ঘুলঘুলি স্থাপন করা হয়েছে। নবায়নযোগ্য জ্বালানি ব্যবহারের লক্ষ্যে ভবনসমূহে সোলার প্যানেল সংযুক্ত করা হয়েছে। বসবাসকারীদের নিরাপত্তার বিষয় বিবেচনা করে প্রকল্পের চারপাশে সীমানা প্রাচীর ও গেইট নির্মাণ করা হয়েছে।

১৪.৫। প্রকল্পের ক্রয়কৃত যানবাহনঃ

প্রকল্প কর্তৃপক্ষ জানিয়েছেন, এই প্রকল্পের আওতায় ২টি পরিদর্শন যান (মোটর সাইকেল) ক্রয় করা হয়েছে। একটির নং-DHAKA METRO-HA-57-7644, ENGINE NO:ZS158FMI-28G400622 এবং অপরটি হলো DHAKA METRO-HA-57-7645, CHASIS NO: LZSPCJLB8G5207398, ENGINE NO:ZS158FMI-28G400598। মোটর সাইকেল দুটি ইতোমধ্যে গণপূর্ত অধিদপ্তরে টিএন্ডই রেজিস্টার এ অন্তর্ভুক্ত করা হয়েছে। এগুলো সচল অবস্থায় রয়েছে।

১৪.৬। প্রকল্প সংশোধন ও মেয়াদ বৃদ্ধির কারণঃ

প্রকল্প পরিচালক জানিয়েছেন, নিম্নলিখিত কারণে প্রকল্প সংশোধনের প্রয়োজন হয়েছে এবং প্রকল্পের মেয়াদ বৃদ্ধি পেয়েছে-

ক) ফিনিসিং আইটেমের পরিবর্তনঃ

অনুমোদিত ডিপিপি প্রণয়নের সময় খসড়া প্রাক্কলন এ অফিসার্স মেস ভবনের ৫ম ও ষষ্ঠ তলা এর ফিনিসিং এর জন্য সুপিরিয়র হিসেবে বিবেচনা করা হয়েছে। পরবর্তীতে মহাপরিচালক (এসএসএফ) মহোদয়ের নির্দেশক্রমে ফ্লোরে বিদেশী টাইলস এবং টয়লেট এ বিদেশী ফিটিংস, ভিভিআইপি কক্ষে দরজায় বার্মা টিক কাঠ এর ব্যয় অন্তর্ভুক্ত করায় ব্যয় বৃদ্ধি পেয়েছে। উল্লেখ্য যে, সুপিরিওর ফিনিসিং অনুযায়ী ফ্লোরে লোকাল হোমজিনিয়াস টাইলস ও টয়লেট এ লোকাল ফিটিংস অন্তর্ভুক্ত আছে।

খ) দর তফসীল পরিবর্তনঃ

অনুমোদিত ডিপিপি গণপূর্ত অধিদপ্তরের ২০১৪ সালে প্রণীত দর তফসীল অনুযায়ী করা হয়েছে। পরবর্তীতে মূল ভবনের দরপত্র মার্চ ২০১৮ এ আহবান করা হয় এবং ১৪/০৬/২০১৮ ইং তারিখে চুক্তি সম্পাদন করা হয়। ইতোমধ্যে বিগত ০১ মে ২০১৮ হতে গণপূর্ত অধিদপ্তরের নতুন দর তফসিল কার্যকর হওয়াতে কিছু অঙ্গ যেমন বহিঃস্থ পানি সরবারহ, সীমানা প্রাচীর, গেইট, অফিসার্স মেস এর ফার্নিচার ও ভিআইপি স্যুটের অভ্যন্তরীণ সাজসজ্জা কাজ এর ব্যয় বৃদ্ধি পাওয়াতে প্রকল্পের ব্যয় বৃদ্ধি পেয়েছে।

গ) ভিভিআইপি কক্ষসমূহ ও পাঠাগার কক্ষের আভ্যন্তরীণ সাজসজ্জার পরিধি বৃদ্ধিঃ

মূল ডিপিপিতে শুধুমাত্র ভিভিআইপি স্যুটের অভ্যন্তরীণ সাজসজ্জা অন্তর্ভুক্ত ছিল। পরবর্তীতে সংশোধিত ডিপিপিতে প্রত্যাশী সংস্থার চাহিদা অনুযায়ী পাঠাগার কক্ষের অভ্যন্তরীণ সাজসজ্জা, বুকশেলফ এবং ভিভিআইপি স্যুটের সাজসজ্জা ও আসবাবপত্রের পরিধি বৃদ্ধি পাওয়ায় এবং ওই কক্ষসমূহে ক্যাসেট টাইপের শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র স্থাপনের ফলে ব্যয় বৃদ্ধি পেয়েছে।

ঘ) অফিসার্স মেসে সিসিটিভি ও ইন্টারনেট ক্যাবল স্থাপনঃ

মূল ডিপিপিতে নন-গেজেটেড আবাসিক ভবনে সিসিটিভি স্থাপনের সংস্থান ছিল এবং ইন্টারনেট স্থাপনের কোন আইটেম অন্তর্ভুক্ত না থাকায়, মহাপরিচালক (এসএসএফ) এর নির্দেশনায় অফিসার্স মেসেও সিসিটিভি স্থাপন ও ইন্টারনেট লাইন স্থাপন করতে হয়েছে বিধায় সংশোধিত ডিপিপি তে আইটেমসমূহ অন্তর্ভুক্ত করায় ব্যয় বৃদ্ধি পেয়েছে।

ঙ) নন-গেজেটেড আবাসিক ভবনের সুয়্যারেজ লাইন, পিট ও সেন্ট্রি পোস্ট স্থাপনঃ

মূল ডিপিপি এর খসড়া প্রাক্কলনে নন-গেজেটেড আবাসিক ভবনের সুয়ারেজ লাইন, পিট ও সেন্ট্রিপোস্ট স্থাপনের ব্যয় অন্তর্ভুক্ত ছিল না। ভবন হতে ওয়াসা এর সুয়্যারেজ লাইন প্রায় ৪৫০ ফুট দূরে অবস্থিত বিধায় সংশোধিত ডিপিপিতে সুয়্যারেজ লাইন, পিট ও সেন্ট্রিপোস্ট স্থাপনের ব্যয় অন্তর্ভুক্ত করায় ব্যয় বৃদ্ধি পেয়েছে।

চ) মুল ভবন দুইটির উর্ধ্বমুখী সম্প্রসারণ কাজের প্যাকেজে বিল পরিশোধের IBAS জটিলতার কারণে চুক্তির মেয়াদ বৃদ্ধি করতে হয়েছে। ফলশ্রুতিতে প্রকল্পের মেয়াদ বৃদ্ধি পেয়েছে।

১৫.৮। প্রকল্পের উদ্দেশ্য অর্জনঃ

প্রকল্পের প্রধান উদ্দেশ্য ছিল মাননীয় প্রধানমন্ত্রীর নিরাপত্তায় নিযুক্ত বিশেষ নিরাপত্তা বাহিনী (এসএসএফ)'র ব্যাচেলর কর্মকর্তা ও এসএসএফ এর নন-গেজেটেড কর্মচারীদের জন্য সুপরিকল্পিত আবাসনের ব্যবস্থা করা। প্রকল্পের কাজ সমাপ্তের পর (এসএসএফ)'র ৩৬ জন (১৮টি কক্ষে ২জন করে) ব্যাচেলর কর্মকর্তা ও ৫২ জন নন-গেজেটেড কর্মচারীবৃন্দ তাদের পরিবারসহ এই প্রকল্পের আওতায় নির্মিত ভবনগুলোতে বসবাস করছেন। প্রকল্প কর্তৃপক্ষের তথ্য মোতাবেক, বর্তমানে এই প্রকল্পের আওতায় নির্মিত কোন ফ্ল্যাট ও মেসের কোন কক্ষ খালি নেই। এতে করে সরকারি রাজস্ব বেড়েছে এবং প্রকল্পের উদ্দেশ্য অর্জিত হয়েছে।

১৫.৯। প্রকল্পের অব্যয়িত অর্থ সমর্পণঃ

প্রকল্প পরিচালক জানিয়েছেন, রাজস্ব ও মূলধন মিলিয়ে প্রকল্পের অনুকূলে সর্বমোট ৩৫৫৭.২৩ লক্ষ টাকা ব্যয় হয়েছে। বরাদ্দকৃত বাকি অর্থ ফেরত প্রদান করা হয়েছে।


১৬। আইএমইডি কর্তৃক সরেজমিনে পরিদর্শনঃ

আইএমইডির পরিচালক, আয়েশা আক্তার কর্তৃক বিগত ২৩/০৩/২০২২ তারিখ প্রকল্প এলাকা সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক, নির্বাহী প্রকৌশলী ও উপ-বিভাগীয় প্রকৌশলীসহ প্রকল্প সংশ্লিষ্ট ঠিকাদারগণ উপস্থিত ছিলেন।

১৭। আইএমইডি'র পর্যবেক্ষণঃ

- পরিকল্পনা বিভাগ হতে জারীকৃত 'সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন পদ্ধতি' বিষয়ক পরিপত্র অনুসারে প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়ন, মনিটরিং ও তদারকির স্বার্থে প্রতি ৩ মাসে অন্ততঃ ১ বার পিআইসি ও ৩ মাসে অন্ততঃ ১ বার পিএসসি সভা আয়োজনের বিষয়ে উল্লেখ রয়েছে। আলোচ্য প্রকল্পের ক্ষেত্রে প্রকল্প মেয়াদে মাত্র ০২ বার পিআইসি এবং ০২ বার পিএসসি সভা করা হয়েছে;
- ২০১৭-১৮, ২০১৮-১৯ ও ২০১৯-২০ অর্থবছরে ইন্টারনাল ও এক্সটারনাল অডিট সম্পন্ন হয়েছে বলে প্রকল্প পরিচালক জানিয়েছেন। কিন্তু প্রকল্প সমাপ্তির দীর্ঘ দুই বছর পরও অডিট অধিদপ্তর হতে অডিট নিরীক্ষা প্রতিবেদন সংগ্রহ করতে সক্ষম হননি;
- আলোচ্য প্রকল্পের আওতায় ক্রয়কৃত মোটর সাইকেল দুটি পরিবহন পুলে জমা না দিয়েই গণপূর্ত অধিদপ্তরে টিওএন্ডইভুক্ত করা হয়েছে;
- প্রকল্পের আওতায় নির্মিত ভবনের বর্জ্য ব্যবস্থাপনার কোনও ব্যবস্থা না থাকায় ফ্লাটের সম্মুখে বালতি করে ময়লা রেখে দেয়ার ফলে করিডোরে দুর্গন্ধের সৃষ্টি হয়;
- আলোচ্য প্রকল্পে নন-গেজেটেড কর্মচারীদের ভবনের নীচতলায় বৈদ্যুতিক উপকেন্দ্র স্থাপন করা হয়েছে, যার ফলে দুর্ঘটনা ঘটলে ভবনে বসবাসকারীদের ক্ষয়ক্ষতি হতে পারে বলে প্রতীয়মান হয়েছে। এছাড়াও উক্ত কক্ষের ক্যাবল ড্রেনসমূহ উন্মুক্ত অবস্থায় রাখা হয়েছে, যা ঝুঁকিপূর্ণ;
- নন-গেজেটেড কর্মচারীদের আবাসিক ভবনের শিশুদের জন্য কোন খেলার মাঠের ব্যবস্থা রাখা হয়নি।

১৮। প্রকল্প পরিদর্শনের স্থির চিত্র

<table>
<tr><td></td><td></td></tr>
<tr><td>নির্বাহী প্রকৌশলী ও উপবিভাগীয় প্রকৌশলীর সাথে
প্রকল্প সংশ্লিষ্ট কাগজপত্রাদি পর্যালোচনা</td><td>নির্মিত এসএসএফ অফিসার্স মেসের একাংশ</td></tr>
<tr><td></td><td></td></tr>
<tr><td>প্রকল্প পরিচালকসহ সাব স্টেশন পরিদর্শন</td><td>প্রকল্প সংশ্লিষ্ট সকল কর্মকর্তাসহ
নন-গেজেটেড কর্মচারীদের আবাসিক ভবনের সম্মুখে</td></tr>
<tr><td></td><td></td></tr>
<tr><td>নির্মিত নন-গেজেটেড কর্মচারীদের আবাসিক ভবনের সম্মুখ ভাগ</td><td>নন-গেজেটেড কর্মচারীদের আবাসিক
ভবনের জন্য স্থাপিত জেনারেটর</td></tr>
</table>

১৯। সুপারিশ/মতামতঃ

১৯.১। আলোচ্য প্রকল্পে ফেব্রুয়ারি ২০১৮ হতে জুন ২০২০ পর্যন্ত মাত্র ০২টি পিআইসি এবং ০২টি পিএসসি সভা অনুষ্ঠিত হয়েছে। প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়ন, মনিটরিং ও তদারকির স্বার্থে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় ও গণপূর্ত অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত ভবিষ্যত প্রকল্প সমূহে নিয়মিত পিআইসি ও পিএসসি সভা আয়োজনের ব্যবস্থা সুনিশ্চিত করতে হবে;

১৯.২। ২০১৭-১৮, ২০১৮-১৯ ও ২০১৯-২০ অর্থবছরে ইন্টারনাল ও এক্সটারনাল অডিট সম্পন্ন হয়েছে বলে প্রকল্প পরিচালক জানিয়েছেন। কিন্তু প্রকল্প সমাপ্তির দীর্ঘ দুই বছর পরও প্রকল্প কর্তৃপক্ষ অডিট অধিদপ্তর হতে অডিট নিরীক্ষা প্রতিবেদন সংগ্রহ করতে সক্ষম হননি অর্থাৎ আলোচ্য প্রকল্পের ক্ষেত্রে অডিট কর্তৃপক্ষের কোন আপত্তি নেই মর্মে প্রতিবেদন দাখিল করেননি। গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এবং গণপূর্ত অধিদপ্তর বিষয়টি নিশ্চিত করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারে;

১৯.৩। আলোচ্য প্রকল্পের আওতায় ক্রয়কৃত মোটর সাইকেল দুটি পরিবহন পুলে জমা না দিয়েই গণপূর্ত অধিদপ্তরে টিওএন্ডইভুক্ত করা হয়েছে। ভবিষ্যতে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এবং গণপূর্ত অধিদপ্তর প্রকল্প সমাপ্তির পর মোটর ও অন্যান্য যান টিওএন্ডইভুক্ত করার ক্ষেত্রে আরও সতর্ক ও যত্নবান হবে বলে আশা করা যায়;

১৯.৪। প্রকল্পের আওতায় নির্মিত ভবনে নিয়মিত ভিত্তিতে বর্জ্য ব্যবস্থাপনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। এক্ষেত্রে বসবাসকারী বাসিন্দারা বর্জ্য ব্যবস্থাপনা কমিটি গঠন করে বিষয়টি সমাধানে উদ্যোগী হতে পারেন;

১৯.৫। আলোচ্য প্রকল্পে নন-গেজেটেড কর্মচারীদের ভবনের নীচতলায় বৈদ্যুতিক উপকেন্দ্র স্থাপন করা হয়েছে, যার ফলে দুর্ঘটনা ঘটলে ভবনে বসবাসকারীদের ক্ষয়ক্ষতি হতে পারে বলে প্রতীয়মান হয়েছে। এছাড়াও উক্ত কক্ষের ক্যাবল ড্রেনসমূহ উন্মুক্ত অবস্থায় রাখা হয়েছে, যা ঝুঁকিপূর্ণ। ইস্পাতের চেকার প্লট দিয়ে ড্রেনের উপরিভাগ ঢেকে দেয়ার জন্য গণপূর্ত অধিদপ্তর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারেন;

১৯.৬। নন-গেজেটেড কর্মচারীদের আবাসিক ভবনের শিশুদের জন্য কোন খেলার মাঠের ব্যবস্থা রাখা হয়নি। সমজাতীয় ভবিষ্যত প্রকল্পসমূহে খেলার মাঠের ব্যবস্থা রাখার বিষয়ে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এবং গণপূর্ত অধিদপ্তর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারে;

১৯.৭। উপর্যুক্ত সুপারিশ/মতামত অনুযায়ী প্রশাসনিক মন্ত্রণালয়/সংস্থা কর্তৃক গৃহীত ব্যবস্থা সম্পর্কে আগামী ১১/১২/২০২২ তারিখের মধ্যে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায় বিভাগ-কে অবহিত করতে হবে।

ঢাকার বেইলী রোডে মাননীয় মন্ত্রী বর্গের জন্য আবাসিক ভবন নির্মাণ (মিনিস্টার্স এপার্টমেন্ট-৩ নির্মাণ)
শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত: জুন, ২০২০)

১। প্রকল্পের নাম: "ঢাকার বেইলী রোডে মাননীয় মন্ত্রী বর্গের জন্য আবাসিক ভবন নির্মাণ (মিনিস্টার্স এপার্টমেন্ট-৩ নির্মাণ)" ।

২। প্রকল্পের ধরন (বিনিয়োগ/কারিগরি সহায়তা/সমীক্ষা): বিনিয়োগ প্রকল্প।

৩। অর্থায়নের উৎস: জিওবি।

৩.১। উন্নয়ন সহযোগী: প্রযোজ্য নয়।

৪। উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ: গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।

৪.১। বাস্তবায়নকারী সংস্থা: গণপূর্ত অধিদপ্তর।

৫। (ক) প্রকল্প ব্যয়, বাস্তবায়নকাল ও অনুমোদন সংক্রান্ত: (লক্ষ টাকায়)

বিষয়	অনুমোদিত প্রাক্কলন				বাস্তবায়নকাল	অনুমোদন		পরিবর্তন (+/-)	
	মোট	জিওবি	প্র: সা:	অন্যান্য		একনেক	প্রশাসনিক	ব্যয় (%)	মেয়াদ (%)
মূল	৪৭৭৫.০০	৪৭৭৫.০০	--	--	জুলাই, ২০১৫ থেকে জুন, ২০১৮	০৬/০৩/১৫	--	৫৩৭.৮৬ বা (১১.২৬%)	২ বছর বা ৬৬.৬৬ %
১ম সংশোধিতি	৫৩১২.৮৬	৫৩১২.৮৬	--	--	জুলাই, ২০১৫- ডিসেম্বর, ২০১৯	০৪/০২/১৯	--		
মেয়াদ বৃদ্ধি	৫৩১২.৮৬	৫৩১২.৮৬	--	--	জুলাই, ২০১৫ থেকে জুন, ২০২০	ডিসেম্বর, ২০১৯			
প্রকৃত ব্যয়	৪৬০৮.৮৬	৪৬০৮.৮৬			জুলাই, ২০১৫ থেকে জুন, ২০২০				

(খ) মূল প্রাক্কলনের সাথে ক্রমপুঞ্জিত ব্যয় বৃদ্ধির হার: ১১.২৬%।

(গ) মূল প্রাক্কলনের সাথে ক্রমপুঞ্জিত মেয়াদ বৃদ্ধির হার: ৬৬.৬৬%।

৬। প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন: প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (PCR) অনুযায়ী প্রকল্পটির অঙ্গভিত্তিক বাস্তব ও আর্থিক অগ্রগতি

নিম্নে দেয়া হল:

(লক্ষ টাকায়)

ক্রঃনঃ	পিসিআর অনুযায়ী কাজের বিভিন্ন অঙ্গের নাম	একক	অনুমোদিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
	(ক) রাজস্ব:					
১.	মুদ্রণ ও পকাশনা		১২.০০		১০.৬৭	১০০%
২.	স্টেশনারী ক্রয়		৮.০০		৮.০০	১০০%
৩.	সম্মানী		২.০০		২.০০	১০০%

ক্রঃনঃ	পিসিআর অনুযায়ী কাজের বিভিন্ন অঙ্গের নাম	একক	অনুমোদিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
৪.	যানবাহনের রেজিস্ট্রেশন		৪.০০		২.০০	১০০%
৫.	বিজ্ঞাপন		৬.০০		৬.০০	১০০%
৬.	টেস্টিং মেটেরিয়াল ও মাটি পরীক্ষা		৮.০০		৮.০০	১০০%
৭.	পরিদর্শনের জন্য যানবাহনের ফুয়েল ও লুব্রিকেন্ট		৫.০০		৫.০০	১০০%
৮.	কম্পিউটার (সফটওয়্যার, প্রিন্টার, ইউপিএস ইত্যাদি)		৩.০০		৩.০০	১০০%
৯.	যানবাহন মেরামত ও রক্ষণাবেক্ষণ		৩.০০		৩.০০	১০০%
	উপমোট (ক)=		**৫১.০০**		**৪৭.৬৭**	
	(খ) মূলধন:					
১.	মাননীয় মন্ত্রীবর্গের জন্য আবাসিক ভবন, বাউন্ডারী ওয়াল, গেট ও এপ্রোচ রোড নির্মাণ		৩৬৩৭.০০		৩৪৭৩.৭০	১০০%
২.	ফার্নিচার ক্রয়		১৫৩.০০			
৩.	ভিত্তি প্রস্তর উদ্বোধন		৫.০০			
৪.	ডিপ টিউবওয়েল-১টি (৫০ হর্সপাওয়ার সাব-মার্জিবল পাম্প মটর ওয়াসাচার্জসহ)		৭০.০০		৫৯.৩২	১০০%
৫.	বহিস্থ: পানি সরবরাহ, ভূ-গর্ভস্থ পানি সংরক্ষণাগার, বিতরণ লাইন, পাম্প হাউস, সেপটিক ট্যাংক, সোক ওয়েল		৫২.৮২			
৬.	বহিস্থ: বিদ্যুৎ ও ইলেক্ট্রোমেকানিকেল কম্পোনেন্ট		৫০৬.৫২		৩৮৬.৭৯	১০০%
৭.	অতিরিক্ত কাজসহ বহিস্থ: বিদ্যুৎ ও ইলেক্ট্রোমেকানিকেল কম্পোনেন্ট		৫৩৯.৫২		৫৩৮.৬১	১০০%
৮.	আরবরিকালচার ও ল্যান্ডস্কেপিং		১৫.০০		১৪.৯৭	১০০%
৯.	অগ্নিনির্বাপক সিস্টেম		৪০.০০		১২.৫০	১০০%
১০.	বহিস্থ: গ্যাস লাইনসহ তিতাস ফি ও অন্যান্য		৪০.০০			
১১.	ডিপিডিসি সংযোগ ফি ও অন্যান্য		৫.০০		৫.০০	১০০%
১২.	প্রকল্প উদ্বোধন		৮.০০			
১৩.	যানবাহন ক্রয় (১টি জিপ ও ২টি মোটরসাইকেল)		৯০.০০		৭০.৩০	১০০%
	উপমোট=		**৫১৬১.৮৬**		**৪৫৬১.১৯**	
	উপমেটো (ক+খ)=		**৫২১২.৮৬**		**৪৬০৮.৮৬**	
	ফিজিক্যাল কন্টিনজেন্সি (ক+খ) এর ২%		৫০.০০		-	
	প্রাইস কন্টিনজেন্সি (ক+খ) এর ২%		৫০.০০		-	
	সর্বমোট		**৫৩১২.৮৬**		**৪৬০৮.৮৬**	

৭। কাজ অসমাপ্ত থাকলে তার কারণ: ডিপিপি'র লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রকল্পের সকল কাজ সম্পন্ন হয়েছে।

৮। মূল্যায়ন পদ্ধতিঃ প্রকল্পটির সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নে নিম্নোক্তবিষয়/পদ্ধতি অনুসরণ করা হয়েছে:

প্রকল্পের ডিপিপি পর্যালোচনা;

- প্রকল্পের PCR পর্যালোচনা;
- কাজের বাস্তব অগ্রগতি যাচাই ও তথ্য সংগ্রহের জন্য সরেজমিন পরিদর্শন;
- প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা ও মতামত গ্রহণ;

৯। প্রকল্পের মূল উদ্দেশ্য:

- ❖ মাননীয় মন্ত্রী, প্রতিমন্ত্রী, উপ-মন্ত্রী মহোদয়গণের আবাসন ব্যবস্থা করণ;
- ❖ সুপিরিয়র টাইপ ভবন;


- ❖ গাড়ি পার্কিং ব্যবস্থা;
- ❖ ওয়াকওয়ে সুবিধা;
- ❖ বসবাসকারীগণের জন্য ডিপ টিউবওয়েল স্থাপন;
- ❖ আন্ডার গ্রাউন্ড পানির রিজার্ভার স্থাপন; এবং
- ❖ অগ্নি নির্বাপন ব্যবস্থা।

৯.১। **প্রকল্পের পটভূমি:** ঢাকার বেইলী রোডে মাননীয় মন্ত্রী, প্রতিমন্ত্রী ও উপমন্ত্রী মহোদয়গণের জন্য ইতোপূর্বে ৬ তলা বিশিষ্ট ২টি আবাসিক ভবন নির্মাণ করা হয়েছে, যার প্রতিটিতে ১০টি করে মোট ২০টি ফ্ল্যাট নির্মাণ করা হয়েছিল। কিন্তু বর্তমানে বাংলাদেশ সরকারের মন্ত্রীসভা বৃহদাকার হওয়ায় নতুন ৬ তলা বিশিষ্ট ১টি ভবন নির্মাণ করা হয়েছে। এ ভবনেও ১০টি ফ্ল্যাট বিদ্যমান। নতুন এ ভবন নির্মাণের জন্য ৫৩১২.৮৬ লক্ষ টাকায় ৩ বছরে সম্পন্ন করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছিল। ভবনটি সুপিরিয়র টাইপের নির্মাণ করা হয় এবং প্রতিটি ফ্ল্যাট ৫৫০০.০০ বর্গফুট আয়তনের। এছাড়াও দুইটি লিফট ক্রয়, ফায়ার প্রটেকশন, গ্যাস সংযোগ, ১টি ডীপ টিউবয়েল স্থাপন, পানি সরবরাহ ও বিদ্যুতায়ন, আসবাবপত্র ক্রয়, ৩টি যানবাহন (১টি জিপ ও ২টি মটরসাইকেল) ক্রয় ইত্যাদি।

১০। **প্রকল্পের অনুমোদন প্রক্রিয়া:** আলোচ্য প্রকল্পটি ৪৭৭৫.০০ লক্ষ টাকা প্রাক্কলনে জুলাই, ২০১৫ থেকে জুন, ২০১৮ মেয়াদে বাস্তবায়নের জন্য গত ০৬/০৩/২০১৫ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে প্রকল্পটি ৫৩১২.৮৬ লক্ষ টাকা ও মেয়াদ জুলাই, ২০১৫ থেকে ডিসেম্বর, ২০১৯ নির্ধারণ করে গত ০৪/০২/২০১৯ তারিখে ১ম সংশোধনী অনুমোদিত হয়। যার ফলে প্রকল্পের প্রাক্কলন বৃদ্ধি পায় ৫৩৭.৮৬ লক্ষ টাকা বা ১১.২৬% এবং মেয়াদ বৃদ্ধি পায় ১ বছর ৬ মাস বা ৫০%। নির্ধারিত মেয়াদে বাস্তবায়ন কাজ শেষ না হওয়ায় পুনরায় ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ আরো ৬ মাস অর্থ্যাৎ জুলাই, ২০১৫ থেকে জুন, ২০২০ পর্যন্ত বৃদ্ধি করা হয়, যা গত ১৮/০২/২০২০ তারিখে অনুমোদিত হয়। এক বার সংশোধনী ও একবার ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি করার ফলে প্রকল্পের প্রাক্কলন বৃদ্ধি পায় ৫৩৭.৮৬ লক্ষ টাকা বা ১১.২৬% এবং মেয়াদ বৃদ্ধি পায় ২৪ মাস বা ৬৬.৬৬%।

১১। প্রকল্প এলাকা পরিদর্শন: প্রকল্পটি সমাপ্তির পর প্রকল্পের কার্যক্রম মূল্যায়নের নিমিত্ত বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের ৭ নং সেক্টরের পরিচালক জনাব মো: রফিকুল আলম গত ০৩/১১/২০২০ তারিখে প্রকল্প এলাকাতে প্রকল্পের কার্যক্রম সরেজমিন পরিদর্শন করেন। পরিদর্শনকালে প্রকল্প পরিচালকসহ প্রকল্প সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন এবং প্রয়োজনীয় তথ্যাদি দিয়ে সহযোগিতা করেন। প্রকল্প সরেজমিন পরিদর্শন ও রেকর্ডপত্র যাচাই করে প্রতিবেদন প্রণয়ন করা হয়েছে।

১১.১। **<u>নিম্নে পরিদর্শিত অংশের চিত্র দেয়া হলো:</u>**

	
প্রকল্পের মাধ্যমে নির্মিত ভবনের রিসিপশনের দৃশ্য	প্রকল্পের মাধ্যমে নির্মিত ভবনের মাস্টার বেড এর দৃশ্য

	
প্রকল্পের মাধ্যমে নির্মিত ভবনের দৃশ্য	প্রকল্পের মাধ্যমে নির্মিত ভবনের দৃশ্য

১২। <u>প্রকল্প বাস্তবায়নে মনিটরিং কার্যক্রম:</u>

পরিদর্শনের সময় দেখা যায়, সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও সংস্থা এবং আইএমইডি'র কর্মকর্তাবৃন্দ প্রকল্প বাস্তবায়নকালে বিভিন্ন সময়ে প্রকল্পের কার্যক্রম পরিদর্শন করেছেন। এদের মধ্যে প্রধান প্রকৌশলী মোহাম্মাদ রফিকুল ইসলাম, প্রধান প্রকৌশলী মোঃ খোরশেদ আলম, প্রধান প্রকৌশলী মোঃ শাহাদাত হোসেন, প্রধান প্রকৌশলী মোঃ আশরাফুল আলম উল্লেখযোগ্য। এ ছাড়া আইএমইডি কর্তৃক মহাপরিচালক, আল মামুন গত ০৯/০৫/২০১৭ তারিখে, পরিচালক, মোঃ রফিকুল আলম গত ২৭/০২/২০১৮ তারিখে এবং উপ পরিচালক, মশিউর রহমান গত ০৮/১১/২০১৮ ও ২৬/০১/২০২০ তারিখে সরেজমিন পরিদর্শন করেছেন। পরিদর্শন প্রতিবেদনের সুপারিশগুলো বাস্তবায়িত হয়েছে দেখা যায়।

১৩। **প্রকল্পের জনবল নিয়োগ:** এ প্রকল্পের প্রকল্প পরিচালকসহ অন্যান্য জনবল গণপূর্ত অধিদপ্তরের নিজস্ব জনবল যারা এ প্রকল্পে অতিরিক্ত দায়িত্ব পালন করেছেন। এ কারণে এ প্রকল্পে কোন জনবল নিয়োগ করার প্রয়োজন হয়নি।

১৪। **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:**

ক্রঃ নং	কর্মকর্তার নাম	পদবি	পূর্ণকালীন/খন্ডকালীন	সময়কাল
১।	মোঃ মিজানুর রহমান	তত্ত্বাবধায়ক প্রকৌশলী ঢাকা গণপূর্ত সার্কেল-১, ঢাকা	অতিরিক্ত দায়িত্ব	০১/০৬/২১৫ হতে ২৬/০১/২০১৬ ইং পর্যন্ত
২।	আব্দুল কাদের চৌধুরী	তত্ত্বাবধায়ক প্রকৌশলী ঢাকা গণপূর্ত সার্কেল-১, ঢাকা	অতিরিক্ত দায়িত্ব	২৬/০১/২০১৬ হতে ২৩/০১/২০১৭ ইং পর্যন্ত
৩।	উৎপল কুমার দে	তত্ত্বাবধায়ক প্রকৌশলী ঢাকা গণপূর্ত সার্কেল-১, ঢাকা	অতিরিক্ত দায়িত্ব	২৩/০১/২০১৭ ইং হতে ২৭/০৮/২০১৮ ইং পর্যন্ত
৪।	এ.কে.এম সৌহরাওয়ার্দী	তত্ত্বাবধায়ক প্রকৌশলী ঢাকা গণপূর্ত সার্কেল-১, ঢাকা	অতিরিক্ত দায়িত্ব	২৭/০৮/২০১৮ ইং হতে সমাপ্তি পর্যন্ত

১৫| <u>প্রকল্পের ক্রয় কার্যক্রম:</u>

প্রকল্প অফিসে সংরক্ষিত প্রকল্পের ক্রয় সংক্রান্ত দলিলপত্র পর্যালোচনা করা হয়। ক্রয় সম্পর্কিত তথ্য নিম্নরুপ:

ক. ডিপিপিতে মোট প্যাকেজ সংখ্যা: পণ্য ১১টি, কার্য ১২ টিসহ মোট ২৩টি।

খ. পণ্য, কার্য ও সেবা ক্রয় সংক্রান্ত তথ্য:

প্যাকেজ	দরপত্র আহবানের তারিখ ও প্রাক্কলিত মূল্য		ক্রয়পদ্ধতি		অনুমোদকারী কর্তৃপক্ষ		চুক্তির তারিখ ও চুক্তিমূল্য		কাজ সমাপ্তির তারিখ			বাস্তবায়নে বিলম্ব হলে তার কারণ
	আরডিপিপি অনুযায়ী	প্রকৃত	আরডিপিপি অনুযায়ী	প্রকৃত	আরডিপিপি অনুযায়ী	প্রকৃত	আরডিপিপি অনুযায়ী	প্রকৃত	চুক্তি অনুযায়ী	প্রকৃত	সময় বৃদ্ধি সংক্রান্ত	
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩
WD-1	ডিসে: ১৫ থেকে ডিসে: ১৬ এর মধ্যে		ডিপিএম	ডিপিএম	ডিওএফপি		ডিসে: ১৫ থেকে ডিসে: ১৬ এর মধ্যে		ডিসে: ১৫ থেকে ডিসে: ১৬ এর মধ্যে			প্রযোজ্য নয়
WD-2	ডিসে: ১৫ থেকে ডিসে: ১৭ এর মধ্যে	২৪/৫/১৬	এলটিএম	এলটিএম	ডিওএফপি		ডিসে: ১৫ থেকে ডিসে: ১৭ এর মধ্যে	২২/৬/১৬	ডিসে: ১৫ থেকে ডিসে: ১৭ এর মধ্যে			প্রযোজ্য নয়
WD-3	ডিসে: ১৫ থেকে জানু: ১৬ এর মধ্যে	০৮/০৩/১৬	এলটিএম		ডিওএফপি		ডিসে: ১৫ থেকে জানু: ১৬ এর মধ্যে	৫/৯/১৬	ডিসে: ১৫ থেকে জানু: ১৬ এর মধ্যে			প্রযোজ্য নয়
WD-4	ডিসে: ১৫ থেকে মার্চ, ১৯ এর মধ্যে	৬/৩/১৬	ওটিএম	ওটিএম	ডিওএফপি		ডিসে: ১৫ থেকে মার্চ, ১৯ এর মধ্যে	৫/৯/১৬	ডিসে: ১৫ থেকে মার্চ, ১৯ এর মধ্যে	৩০/৬/২০	-	প্রযোজ্য নয়
WD-5	জুলাই, ১৭ থেকে ডিসে: ১৭ এর মধ্যে	২৪/৫/১৭	ওটিএম	ওটিএম	ডিওএফপি		জুলাই, ১৭ থেকে ডিসে: ১৭ এর মধ্যে	৮/৮/১৭	জুলাই, ১৭ থেকে ডিসে: ১৭ এর মধ্যে	৩০/৬/২০	-	প্রযোজ্য নয়
WD-6	জুলাই, ১৭ থেকে ডিসে: ১৭ এর মধ্যে		ওটিএম	ওটিএম	ডিওএফপি		জুলাই, ১৭ থেকে ডিসে: ১৭ এর মধ্যে		জুলাই, ১৭ থেকে ডিসে: ১৭ এর মধ্যে			প্রযোজ্য নয়
WD-7	জুলাই, ১৮ থেকে মে, ১৯		ওটিএম		ডিওএফপি		জুলাই, ১৮ থেকে মে, ১৯		জুলাই, ১৮ থেকে মে, ১৯			প্রযোজ্য নয়
WD-8	ডিসে: ১৮ থেকে ডিসে: ১৯	২৯/৬/১৭	এলটিএম	এলটিএম	ডিওএফপি		ডিসে: ১৮ থেকে ডিসে: ১৯	৬/৮/১৭	ডিসে: ১৮ থেকে ডিসে: ১৯	১৯/১০/১৭	-	প্রযোজ্য নয়
WD-9	জুলাই, ১৮ থেকে ডিসে: ১৮		ওটিএম		ডিওএফপি		জুলাই, ১৮ থেকে ডিসে: ১৮		জুলাই, ১৮ থেকে ডিসে: ১৮			প্রযোজ্য নয়
WD-10	ডিসে: ১৭ থেকে এপ্রিল, ১৮		ওটিএম		ডিওএফপি		ডিসে: ১৭ থেকে এপ্রিল, ১৮		ডিসে: ১৭ থেকে এপ্রিল, ১৮			প্রযোজ্য নয়
WD-11	জুলাই, ১৬ থেকে ডিসে: ১৬		এলটিএম		ডিওএফপি		জুলাই, ১৬ থেকে ডিসে: ১৬		জুলাই, ১৬ থেকে ডিসে: ১৬			প্রযোজ্য নয়
WD-12	জুলাই, ১৭ থেকে সেপ্টে: ১৭		ওটিএম		ডিওএফপি		জুলাই, ১৭ থেকে সেপ্টে: ১৭		জুলাই, ১৭ থেকে সেপ্টে: ১৭			প্রযোজ্য নয়

১৬। **<u>প্রকল্পের উদ্দেশ্য অর্জন:</u>**

পরিকল্পনা	অর্জন	পরিদর্শনের আলোকে
১.মাননীয় মন্ত্রী, প্রতিমন্ত্রী, উপ-মন্ত্রী মহোদয়গণের আবাসন ব্যবস্থা করণ;	৬ তলা বিশিষ্ট ১টি সুপিরিয়র টাইপ আবাসিক ভবন নির্মাণ, যাতে ৫৫০০.০০ বর্গফুট আয়তনের ১০টি ফ্ল্যাট বিদ্যমান রয়েছে।	পরিদর্শনের সময় দেখা যায়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় মন্ত্রী, প্রতিমন্ত্রী ও উপমন্ত্রী মহোদয়গণের জন্য উন্নততর আবাসিক বাসস্থান নিশ্চিতকরণের জন্য ৬ তলা বিশিষ্ট ১টি সুপিরিয়র টাইপ আবাসিক ভবন নির্মাণ করা হয়েছে। ভবনে ১০টি ফ্ল্যাট রয়েছে যার প্রতিটির আয়তন ৫৫০০.০০ বর্গফুট। ১০টি ফ্ল্যাটের মধ্যে পরিদর্শন তারিখ পর্যন্ত ৯ জন (মন্ত্রী, প্রতিমন্ত্রী ও উপমন্ত্রী) ৯টি ফ্ল্যাটে উঠেছেন এবং তাদেঁর মধ্যে ৯জন পরিবারসহ বসবাস করছেন।
২. সুপিরিয়র টাইপ ভবন; গাড়ী পার্কিং ব্যবস্থা; ওয়াকওয়ে সুবিধা; বসবাসকারীগণের জন্য ডিপ টিউবওয়েল স্থাপন; আন্ডার গ্রাউন্ড পানির রিজার্ভার স্থাপন; এবং অগ্নি নির্বাপন ব্যবস্থা।	৬ তলা বিশিষ্ট ০১টি আবাসিক ভবন সুপিরিয়র টাইপে নির্মাণ করা হয়েছে। ফ্ল্যাটগুলো ওয়েল ফার্নিশ করা হয়েছে এবং ফ্লোরে গ্রানাইড পাথরের টাইলস দেয়া হয়েছে। গ্রাউন্ড ফ্লোরে ২৭ টি গাড়ি পার্কিং এর ব্যবস্থা রয়েছে। আবাসিক ভবনটিতে পর্যাপ্ত ফায়ার প্রটেকশন সিস্টেম স্থাপন করা হয়েছে। পানি সরবরাহের জন্য ১টি ডীপ টিউবয়েল, আন্ডার গ্রাউন্ডে পানির রিজার্ভার স্থাপন করা হয়েছে।	২. পরিদর্শনের সময় দেখা যায়, নির্মিত ভবনটির প্রতিটি ফ্ল্যাটের আয়তন ৫৫০০ বর্গফুট বিশিষ্ট এবং ওয়েল ফার্নিশ। ভবনের বিভিন্ন কমন প্লেসের ফ্লোরে ২$\frac{১}{২}$/৪ ফুট আয়তনের গ্রানাইড পাথর এবং ফ্ল্যাটের ভেতরের ফ্লোরে ৩২/৩২ আয়তনের মার্বেল পাথর ও টাইলস (গানিমেট) ব্যবহার করা হয়েছে। ফ্ল্যাটের বিভিন্ন ফিটিংস এন্ড ফিক্সিং এ ইউরো স্ট্যান্ডার্ড পণ্য (ফার্নিচার, উন্নতমানের লাইট, ফ্রীজ, এসি, ফ্যান, কমোড, বিব কক, বেসিন ইত্যাদি) ব্যবহার করা হয়েছে। প্রকল্প পরিচালক জানান, উপরে বর্ণিত বিষয়গুলো সন্নিবেশ করা হলে তাদের মতে সেটি সুপিরিয়র টাইপ ভবন হিসেবে বিবেচিত হয়। ভবনটির গ্রাউন্ড ফ্লোরে ২৭টি গাড়ি পার্কিং এর সুবিধা রয়েছে। পানি সরবরাহের জন্য একটি ডিপ টিউবওয়েল, আন্ডার গ্রাউন্ড পানি রিজার্ভার স্থাপিত হয়েছে। ভবনটিতে পর্যাপ্ত ফায়ার প্রটেকশন সিস্টেম স্থাপন করা হয়েছে।

১৭। **উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে তার কারণ:** প্রকল্পটির উদ্দেশ্য অর্জিত হয়েছে বলে পরিদর্শনে প্রতীয়মান হয়েছে।

১৭.১। অডিট সম্পাদন ও আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত তথ্য:

অডিটের অর্থবছর	অডিটের ধরণ	অডিটের তারিখ	অডিট আপত্তি সংখ্যা	আপত্তি নিষ্পত্তির সংখ্যা	নিষ্পত্তির পর্যায়	মন্তব্য
২০১৬-১৭	ইন্টার্নাল ও এক্সটার্নাল	১৪/৫/১৮ হতে ১৮/৫/১৮ এবং ২৮/১২/১৭ - ৩/১/১৮	নেই	-	-	
২০১৭-১৮	ইন্টার্নাল ও এক্সটার্নাল	১১/৮/১৮ হতে ১৬/৮/১৮ এবং ৩১/১/১৯ হতে ৬/২/১৯	নেই	-	-	
২০১৮-১৯	ইন্টার্নাল ও এক্সটার্নাল	৩১/০৮/১৯- ০৭/০৯/১৯ এবং ০১/২/২০-১০/২/২০	নেই	-	-	
২০১৯-২০	ইন্টার্নাল ও এক্সটার্নাল	১৬/০৮/২০- ২২/৮/২০	নেই	-	-	

১৮। **বাস্তবায়ন পর্যবেক্ষণ:**

১৮.১। **মেয়াদ ও ব্যয় বৃদ্ধি সংক্রান্ত:** আলোচ্য প্রকল্পটি ৪৭৭৫.০০ লক্ষ টাকা প্রাক্কলনে জুলাই, ২০১৫ থেকে জুন, ২০১৮ মেয়াদে বাস্তবায়নের জন্য গত ০৬/০৩/২০১৫ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে প্রকল্পটি ৫৩১২.৮৬ লক্ষ টাকা ও মেয়াদ জুলাই, ২০১৫ থেকে ডিসেম্বর, ২০১৯ নির্ধারণ করে গত ০৪/০২/২০১৯ তারিখে ১ম সংশোধনী অনুমোদিত হয়। নির্ধারিত মেয়াদে বাস্তবায়ন কাজ শেষ না হওয়ায় পুনরায় ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ আরো ৬ মাস অর্থ্যাৎ জুলাই, ২০১৫ থেকে ডিসেম্বর, ২০১৯ এর পরিবর্তে জুলাই, ২০১৫ থেকে জুন, ২০২০ পর্যন্ত বৃদ্ধি করা হয়, যা গত ১৮/০২/২০২০ তারিখে অনুমোদিত হয়। সংশোধনী ও ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি করার ফলে প্রকল্পের প্রাক্কলন বৃদ্ধি পায় ৫৩৭.৮৬ লক্ষ টাকা বা ১১.২৬% এবং মেয়াদ বৃদ্ধি পায় ২৪ মাস বা ৬৬.৬৬%। প্রকল্পটি মূল ডিপিপি'র প্রাক্কলন ও মেয়াদের মধ্যে শেষ হয়নি, মেয়াদ ও ব্যয় বৃদ্ধি হয়েছে।

১৮.২। **প্রকল্প বাস্তবায়ন অবস্থা**: প্রকল্পের মোট ১১টি অঙ্গ ছিল, পিসিআর হতে দেখা যায়, প্রতিটি অঙ্গের বিপরীতে সংস্থানকৃত অর্থের মধ্যে ব্যয় হয়েছে। কোন অঙ্গের ব্যয় আরডিপিপি সংস্থানের চেয়ে বেশি হয়নি। ডিপিপি/আরডিপিপিতে প্রকল্পের বিভিন্ন অঙ্গের জন্য সংস্থান ছিল ৫৩১২.৮৬ লক্ষ টাকা, ব্যয় হয়েছে ৪৬০৮.৮৬ লক্ষ টাকা বা ৮৬.৭৪%। প্রকল্প পরিচালক জানান, অব্যয়িত অর্থ সংস্থা হতে ছাড় হয়নি, এ কারণে সরকারি কোষাগারে জমা করার প্রয়োজন হয়নি।

১৮.৩। **অডিট সম্পাদন সংক্রান্ত:** এ প্রকল্পের মেয়াদে ৪টি ইন্টার্নাল যথা: ২০১৬-১৭, ২০১৭-১৮, ২০১৮-১৯ এবং ২০১৯-২০ অডিট এবং ৩টি এক্সটার্নাল যথা: ২০১৬-১৭, ২০১৭-১৮, ২০১৮-১৯ অডিট সম্পাদন হয়েছে। অডিট রিপোর্টগুলো যাচাই করে দেখা হয়েছে। ইন্টার্নাল এবং এক্সটার্নাল ৭টি অডিটে কোন আপত্তি উত্থাপিত হয়নি। ২০১৯-২০ অর্থবছরে এখনো এক্সটার্নাল অডিট সম্পন্ন হয়নি।

১৮.৪। **প্রকল্পের ভৌত কাজ সংক্রান্ত**: ঢাকার বেইলী রোডে মাননীয় মন্ত্রীবর্গের জন্য আবাসিক ভবন নির্মাণ (মিনিস্টার্স এ্যাপার্টমেন্ট-০৩ নির্মাণ) শীর্ষক প্রকল্পটি মাননীয় মন্ত্রী, প্রতিমন্ত্রী, উপ-মন্ত্রী মহোদয়গণের আবাসিক বাসস্থানের জন্য ৬ তলা বিশিষ্ট ০১টি সুপিরিয়র টাইপ ভবন নির্মাণ করা হয়েছে। নির্মিত ভবনটিতে ১০টি ফ্ল্যাট রয়েছে এবং প্রতিটি ফ্ল্যাটের আয়তন ৫৫০০ বর্গফুট বিশিষ্ট এবং ওয়েল ফার্নিশ। ভবনের বিভিন্ন কমন প্লেসের ফ্লোরে ২$\frac{১}{২}$ ফুট বাই ৪ ফুট আয়তনের গ্রানাইড পাথর এবং ফ্ল্যাটের ভেতরের ফ্লোরে ৩২/৩২ আয়তনের মার্বেল পাথর ও টাইলস (গানিমেট) ব্যবহার করা হয়েছে। ফ্ল্যাটের বিভিন্ন ফিটিংস এন্ড ফিক্সিং এ ইউরো স্ট্যান্ডার্ড পণ্য (ফার্নিচার, উন্নতমানের লাইট, ফ্রীজ, এসি, ফ্যান, কমোড, বিব কক, বেসিন ইত্যাদি) ব্যবহার করা হয়েছে। প্রকল্প পরিচালক জানান, উপরে বর্ণিত বিষয়গুলো সন্নিবেশ করা হলে তাদের মতে সেটি সুপিরিয়র টাইপ ভবন হিসেবে বিবেচিত হয়। ভবনটির গ্রাউন্ড ফ্লোরে ২৭টি গাড়ি পার্কিং এর সুবিধা রয়েছে। পানি সরবরাহের জন্য একটি ডিপ টিউবওয়েল, আন্ডার গ্রাউন্ড পানি রিজার্ভার স্থাপিত হয়েছে। ভবনটিতে পর্যাপ্ত ফায়ার প্রটেকশন সিস্টেম স্থাপন করা হয়েছে। এছাড়াও আবাসিক ভবনটিতে দুইটি লিফট স্থাপন, গ্যাস সংযোগ, বিদ্যুতায়ন, আসবাবপত্র ক্রয়, ৩টি যানবাহন (১টি জিপ ও ২টি মটরসাইকেল) ক্রয় ইত্যাদি কাজ করা হয়েছে।

১৮.৫। **প্রকল্পের নির্মাণকাজের গুণগত মান:** প্রকল্পের নির্মিত ভবন সরেজমিন পরিদর্শন করে ভবন নির্মাণকালীন ব্যবহৃত নির্মাণ সামগ্রীর গুনগতমান যাচায়ের জন্য বিভিন্ন টেস্ট রিপোর্ট পর্যবেক্ষণ করা হয়। প্রকল্প পরিচালক জানান, নির্মাণ সামগ্রী বুয়েটের ল্যাবরেটরিতে টেস্ট করে নির্মাণ কাজে ব্যবহার করা হয়েছে। টেস্ট রিপোর্টসমূহ পরিদর্শনকালে প্রদর্শন করা হয়েছে। ইলেক্ট্রোমেকানিক্যাল সরঞ্জাম, ইলেক্ট্রিক্যাল ফিটিংস, সেনেটারি ফিটিংস, ম্যানুফেকচারাল গাইডলাইন এবং দরপত্রের স্প্যাসিফিকেশন অনুযায়ী ব্যবহার করা হয়েছে। দরপত্রে উল্লেখিত বিভিন্ন ফিটিংসের সাথে নির্মিত ভবনের ব্যবহৃত বিভিন্ন ইলেক্ট্রিক্যাল ফিটিংস, সেনেটারি ফিটিংস, ইলেক্ট্রোমেকানিক্যাল সরঞ্জাম, ম্যানুফেকচারাল গাইডলাইন, এবং লিফট র‍্যান্ডম ব্যাসিসে যাচাই করে সঠিক পাওয়া যায়। টেস্ট রিপোর্ট হতে দেখা যায়, নির্মাণ কাজের ব্যবহৃত বিভিন্ন পণ্য (ইট, বালি, সিমেন্ট, রড, কংক্রিট) ব্যবহার করার পূর্বে টেস্ট করা হয়েছে এবং টেস্টের ফলাফল সিডিউল অনুযায়ী আছে।

১৮.৬। **প্রকল্পের উদ্দেশ্য অর্জন**: এ প্রকল্পটির উদ্দেশ্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় মন্ত্রী, প্রতিমন্ত্রী ও উপমন্ত্রী মহোদয়গণের জন্য উন্নততর আবাসিক বাসস্থান নিশ্চিতকরণ। উদ্দেশ্য বাস্তবায়নের জন্য প্রকল্পের মাধ্যমে সরকারি অব্যবহৃত ১.২০ একর ভূমিতে মাননীয় মন্ত্রী, প্রতিমন্ত্রী ও উপমন্ত্রী মহোদয়গণের জন্য ৬ তলা বিশিষ্ট সুপিরিয়র টাইপ আবাসিক একটি ভবন নির্মাণ করা হয়েছে। উক্ত ভবনে ওয়েল ফার্নিশ ১০টি ফ্ল্যাট প্রস্তুত করা হয়েছে। এর মাধ্যমে ১০

জন মাননীয় মন্ত্রী, প্রতিমন্ত্রী ও উপমন্ত্রী মহোদয়গণের আবাসিক চাহিদা পূরণ হয়েছে। ভবনটির গ্রাউন্ড ফ্লোরে ২৭টি গাড়ি পার্কিং এর সুবিধা রয়েছে। পানি সরবরাহের জন্য একটি ডিপ টিউবওয়েল, আন্ডার গ্রাউন্ড পানি রিজার্ভার স্থাপিত হয়েছে। ভবনটিতে পর্যাপ্ত ফায়ার প্রটেকশন সিস্টেম স্থাপন করা হয়েছে। এছাড়াও আবাসিক ভবনটিতে দুইটি লিফট স্থাপন, গ্যাস সংযোগ, বিদ্যুতায়ন ইত্যাদি কাজ করা হয়েছে। উক্ত কাজগুলোর মাধ্যমে প্রকল্পের উদ্দেশ্য অর্জিত হয়েছে বলে প্রতীয়মান হয়।

১৮.৭। **ঘন ঘন প্রকল্প পরিচালক পরিবর্তন এবং একাধিক প্রকল্পের অতিরিক্ত দায়িত্ব পালন:** এ প্রকল্প বাস্তবায়নকালীন ৪ জন প্রকল্প পরিচালক দায়িত্ব পালন করেছেন, প্রত্যেকেই অতিরিক্ত হিসেবে দায়িত্ব পালন করেছেন। এছাড়া পিআইইউ এর সকলে পিডব্লিউডি'র রাজস্ব খাতের জনবল এবং তারা অতিরিক্ত দায়িত্ব পালন করেছেন। পরিকল্পনা বিভাগ হতে জারিকৃত "সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন পদ্ধতি" বিষয়ক পরিপত্র অনুসারে ৫০ কোটি টাকার উর্ধ্বে প্রকল্পের ক্ষেত্রে নিয়মিত প্রকল্প পরিচালক নিয়োগ দিতে হয়। এ প্রকল্পটির প্রাক্কলন ছিল ৫৩১২.৮৬ লক্ষ টাকা বা ৫০ কোটি টাকার উর্ধ্বে, কিন্তু পরিপত্র অনুযায়ী নিয়মিত প্রকল্প পরিচালক নিয়োগ দেয়া হয়নি। উপরন্ত তারা দাপ্তরিক দায়িত্বসহ একাধিক প্রকল্পের অতিরিক্ত দায়িত্বে ছিলেন। নিয়মিত প্রকল্প পরিচালক পদায়ন না করায় পরিপত্রের বিধান লংঘিত হয়েছে বলে প্রতীয়মান হয়।

১৮.৮। **প্রকল্পের ক্রয়কার্যক্রম পর্যালোচনা**: প্রকল্পের ডিপিপি/আরডিপিপি পর্যালোচনায় দেখা যায়, পণ্যের জন্য ১১টি ও কার্যের জন্য ১২টিসহ মোট ২৩টি প্যাকেজ ছিল। ২৩টি প্যাকেজের কার্যক্রম সমাপ্ত হয়েছে। এই প্রকল্পের ক্ষেত্রে প্যাকেজগুলোর দরপত্র আহ্বান কার্যক্রম ডিপিপি/আরডিপিপি'র সিডিউল অনুযায়ী করা হয়নি এবং কয়েকটি প্যাকেজে চুক্তির মেয়াদ বৃদ্ধি করতে হয়েছে। এ বিষয়ে প্রকল্প পরিচালক জানান, ডিজাইন, বিভিন্ন ফিটিংস এন্ড ফিক্সিং, ওয়েল ফার্নিশ ইত্যাদি বিষয়ে কয়েকবার সিদ্ধান্ত পরিবর্তন হওয়ার কারণে উক্ত কাজগুলো সমাপ্ত করতে সময় লেগেছে। তিনি আরো বলেন, নির্মিত ভবনের ফিনিশিং কাজের শেষ পর্যায়ে ফিটিংস এন্ড ফিক্সিং এবং ওয়েল ফার্নিশ বিষয়ে মূল ডিপিপিতে উল্লেখিত আইটেম পরিবর্তন করা হয়।

১৮.৯। **সুবিধাভোগীর মতামত:** এ প্রকল্পের মাধ্যমে নির্মিত ১০টি ওয়েল ফার্নিশ ফ্ল্যাট ১০ জন মাননীয় মন্ত্রি/প্রতিমন্ত্রিদের নামে বরাদ্দ দেয়া হয়েছে। এদের মধ্যে ৯জন স্বপরিবারে বসবাস করছেন এবং ১জন এখনও স্বপরিবারে থাকছেন না। বরাদ্দ প্রাপ্তগণ হলেন বাণিজ্য মন্ত্রী জনাব টিপু মুন্সি, ২য় তলা (পূর্ব), স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় প্রতিমন্ত্রী জনাব স্বপন ভট্টাচার্য, ২য় তলা (পশ্চিম), মৎস ও প্রাণিসম্পদ প্রতিমন্ত্রী জনাব মোঃ আশরাফ আলী খান খসরু, ৩য় তলা (পূর্ব), মহিলা ও শিশু বিষয়ক প্রতিমন্ত্রী বেগম ফজিলাতুন নেসা ইন্দিরা, ৩য় তলা (পশ্চিম), জনপ্রশাসন প্রতিমন্ত্রী জনাব মোঃ ফরহাদ হোসেন, ৪র্থ তলা (পূর্ব), দূর্যোগ ব্যবস্থাপনা ও ত্রান প্রতিমন্ত্রী জনাব ডা: মোঃ এনামুর রহমান, ৪র্থ তলা (পশ্চিম), সমাজকল্যান মন্ত্রী জনাব নুরুজ্জামান আহমেদ ৫ম তলা (পূর্ব), সংস্কৃতি বিষয়ক প্রতিমন্ত্রী জনাব কে এম খালিদ ৫ম তলা (পশ্চিম), যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী জনাব জাহিদ আহসান রাসেল, ৬ষ্ঠ তলা (পূর্ব) এবং পানি সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব জাহিদ ফারুক, ৬ষ্ঠ তলা (পশ্চিম)। পরিদর্শনের সময় নির্মিত ভবনে বসবাসকারী কয়েকজন মাননীয় মন্ত্রী ও মন্ত্রীবর্গের পরিবার এর সদস্য এবং দায়িত্ব পালনরত সিকিউরিটি গার্ডের সাথে মতবিনিময় হয়। মতবিনিময়ে প্রকল্পের নির্মাণ ও ফিটিং এন্ড ফিক্সিং নিয়ে বড় কোন সমস্যা পাওয়া যায়নি। নিম্নরুপ কয়েকটি সমস্যা পরিলক্ষিত হয় যেমন: সিকিউরিটি গার্ড এবং ড্রাইভারদের সুপেয় পানির জন্য একটি ওয়াটার ফিল্টার দরকার। চুলার গ্যাসের জন্য রেটিকুলেশন সিস্টেম স্থাপন করা হয়েছে, কিন্তু এখনো গ্যাস সংযোগ হয়নি। বাথটাবটি উঁচু ও বাথটাবে ওঠার সময় ধরার জন্য হাতল নেই, রান্না ঘরের বারান্দা থেকে অন্য রান্না ঘর দেখা যায়, ভারি বৃষ্টি হলে জানালা দিয়ে পানি আসে, শীতের ঠান্ডা বাতাস বন্ধ করার ব্যবস্থা নেই, ডোরসিল না থাকায় বাথরুমের পানি গড়িয়ে বেডরুমে চলে আসে। উপস্থিত প্রকল্প পরিচালক ও অন্যান্য প্রকৌশলীগণ জানান, বিস্ফোরক অধিদপ্তর থেকে এখনো অনুমোদন না পাওয়ায় গ্যাস সংযোগ দেয়া হয়নি এবং অন্যান্য সমস্যাগুলো স্থাপত্য অধিদপ্তরের সাথে সমন্বয় করে দ্রুত সমাধান করা হবে।

১৮.১০। জনবল সমস্যা: এ প্রকল্পের মাধ্যমে ১.২০ একর ভূমির উপর মামনীয় মন্ত্রীদের আবাসনের জন্য ১০টি ফ্ল্যাট নির্মাণ করা হয়েছে। পরিদর্শনের সময় প্রকল্প পরিচালকসহ অন্যান্য ব্যক্তিবর্গের সাথে আলোচনায় জানা যায়, সিকিউরিটি গার্ড, মালি, লিফট ম্যানসহ ১০-১৫ জন জনবলের প্রয়োজন। কিন্তু এ প্রকল্পের মাধ্যমে নির্মিত ভবনের জন্য রাজস্বখাতে কোন জনবল এখনো নিয়োগ করা হয়নি। গণপূর্ত অধিদপ্তরের নিজস্ব জনবল দিয়ে সাময়িক দায়িত্ব পালিত হচ্ছে। কিন্তু গণপূর্ত অধিদপ্তরের উল্লেখিত পদে পর্যাপ্ত জনবল নেই।

১৮.১১। অডিট সম্পাদন সংক্রান্ত: এ প্রকল্পের মেয়াদে ৪টি ইন্টার্নাল যথা: ২০১৬-১৭, ২০১৭-১৮, ২০১৮-১৯ এবং ২০১৯-২০ অডিট এবং ৩টি এক্সটার্নাল যথা: ২০১৬-১৭, ২০১৭-১৮, ২০১৮-১৯ অডিট সম্পাদন হয়েছে। অডিট রিপোর্টগুলো যাচাই করে দেখা হয়েছে। ইন্টার্নাল এবং এক্সটার্নাল ৭টি অডিটে কোন আপত্তি উত্থাপিত হয়নি।

১৮.১২। প্রকল্পের ক্রয়কৃত যানবাহন: এ প্রকল্পের ডিপিপিতে ১টি জিপ গাড়ী ও ২টি মোটর সাইকেল ক্রয়ের সংস্থান ছিল, যা ক্রয় করা হয়েছিল। যানবাহনটি প্রকল্প শেষে এখনো হস্তান্তর করা হয়নি। প্রকল্প শেষে ক্রয়কৃত যানবাহন পরিবহনপুলে জমা করার বিধান রয়েছে। যানবাহনটি পরিবহনপুলে জমা করা প্রয়োজন।

১৯। মতামত/সুপারিশ :

১৯.১। প্রকল্পটি নির্ধারিত মেয়াদে শেষ হয়নি, মেয়াদ বৃদ্ধি পেয়েছে ২৪ মাস বা ৬৬.৬৬% এবং প্রাক্কলন বৃদ্ধি পেয়েছে ৫৩৭.৮৬ লক্ষ টাকা বা ১১.২৬%। মন্ত্রণালয়/বাস্তবায়নকারী সংস্থার পরবর্তী নতুন প্রকল্পের ক্ষেত্রে মেয়াদ ও প্রাক্কলন এমনভাবে করতে হবে যাতে মেয়াদ ও প্রাক্কলন বৃদ্ধি করতে না হয়।

১৯.২। এ প্রকল্পের ক্রয়কার্যক্রমে ডিপিপি'র সিডিউল অনুসরণ করা হয়নি এবং ঠিকাদার প্রতিষ্ঠানের চুক্তির মেয়াদের মধ্যে কাজ সম্পন্ন হয়নি। মন্ত্রণালয় ও বাস্তবায়নকারী সংস্থার চলমান প্রকল্পের ক্রয়কার্যক্রমে যথাসম্ভব ডিপিপি'র সিডিউল অনুসরণ করতে হবে এবং চুক্তি মেয়াদের মধ্যে কাজ সম্পন্ন করতে হবে।

১৯.৩। এ প্রকল্পের মাধ্যমে নির্মিত ভবনের বিভিন্ন ফ্ল্যাট ও কমন স্পেসে কিছু চাহিদা ও ত্রুটি দেখা গেছে যেমন: গ্রাউন্ড ফ্লোরে একটি ওয়াটার ফিল্টারের চাহিদা, গ্যাস সংযোগ, বাথটাবটি উঁচু ও বাথটাবের পাশে কোন হাতল নেই, এক ফ্ল্যাটের রান্না ঘরের বারান্দা থেকে অন্য ফ্ল্যাটের রান্না ঘর দেখা যায়, বৃষ্টির পানি ভেতরে আসে, শীতের ঠান্ডা বাতাস বন্ধ করার ব্যবস্থা নেই, ডোরসিল না থাকায় বাথরুমের পানি গড়িয়ে বেডরুমে চলে আসে ইত্যাদি। স্থাপত্য অধিদপ্তরের সাথে সমন্বয় করে সমস্যাগুলো দ্রুত সমাধান করতে হবে।

১৯.৪। এ প্রকল্পে ৪ জন প্রকল্প পরিচালক দাপ্তরিক দায়িত্বসহ একাধিক প্রকল্পের অতিরিক্ত দায়িত্বে ছিলেন। এ ছাড়া এ প্রকল্পের সকল জনবল PWD'র রাজস্ব খাত হতে অতিরিক্ত দায়িত্ব পালন করেছেন। মন্ত্রণালয় ও বাস্তবায়নকারী সংস্থার পরবর্তী প্রকল্পের ক্ষেত্রে পরিকল্পনা বিভাগের পরিপত্রের বিধান অনুসরণ করে প্রকল্প পরিচালকসহ অন্যান্য জনবল নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

১৯.৫। এ প্রকল্পের মাধ্যমে নির্মিত ভবন পরিচালনার জন্য সিকিউরিটি গার্ড, মালি, লিফট ম্যান, পরিচ্ছন্নতাকর্মী, ইলেক্ট্রিশিয়ানসহ প্রায় ১০-১৫ জন প্রয়োজনীয় জনবল নিয়োগ হয়নি। ভবনটি পরিচালনার জন্য প্রয়োজনীয় পদ সৃজন বা আউট সোর্সিংয়ের মাধ্যমে জনবল দ্রুত নিয়োগের ব্যবস্থা করতে হবে।

১৯.৬। এ প্রকল্পে ২০১৬-১৭, ২০১৭-১৮, ২০১৮-১৯ এবং ২০১৯-২০ অর্থবছরে এক্সটার্নাল ও ইন্টার্নাল ৭টি অডিট হয়েছে এবং অডিটে কোন আপত্তি উত্থাপিত হয়নি। ২০১৯-২০ অর্থবছরে এক্সটার্নাল অডিট এখনো সম্পন্ন হয়নি। এক্সটার্নাল অডিট দ্রুত সম্পন্ন করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।

১৯.৭। এ প্রকল্পে ১টি জিপ গাড়ী ও ২টি মোটর সাইকেল ক্রয় করা হয়েছিল। যানবাহনগুলো এখনো পরিবহনপুলে হস্তান্তর করা হয়নি। যানবাহনগুলো দ্রুত পরিবহণপুলে জমা দেওয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

১৯.৮। উপর্যুক্ত মতামত/সুপারিশ অনুযায়ী প্রশাসনিক মন্ত্রণালয়/সংস্থা কর্তৃক গৃহীত ব্যবস্থা সম্পর্কে আগামী ০১ (এক) মাসের মধ্যে আইএমইডিকে অবহিত করতে হবে।

ঢাকাস্থ মিরপুর ৬নং সেকশনে সরকারি কর্মকর্তা-কর্মচারিদের জন্য ১০৬৪ টি আবাসিক ফ্ল্যাট নির্মাণ (সংশোধিত ফ্ল্যাট সংখ্যা ৭৩৬টি) শীর্ষক **প্রকল্পের** সমাপ্তি **মূল্যায়ন প্রতিবেদন**
(সমাপ্ত: মার্চ, ২০২০)

১। প্রকল্পের নাম: "ঢাকাস্থ মিরপুর ৬নং সেকশনে সরকারি কর্মকর্তা-কর্মচারিদের জন্য ১০৬৪ টি আবাসিক ফ্ল্যাট নির্মাণ (সংশোধিত ফ্ল্যাট সংখ্যা ৭৩৬টি)"।

২। প্রকল্পের ধরন: বিনিয়োগ প্রকল্প।

৩। অর্থায়নের উৎস: জিওবি।

৩.১। উন্নয়ন সহযোগী: প্রযোজ্য নয়।

৪। উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ: গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।

৪.১। বাস্তবায়নকারী সংস্থা: গণপূর্ত অধিদপ্তর।

৫। (ক) প্রকল্প ব্যয়, বাস্তবায়নকাল ও অনুমোদন সংক্রান্ত:

বিষয়	প্রাক্কলন	অনুমোদিত প্রাক্কলন			বাস্তবায়নকাল	অনুমোদনের তারিখ	পরিবর্তন (+/-)	
		জিওবি	প্র:সা:	অন্যান্য			ব্যয় (%)	মেয়াদ
মূল	৮৫২৩৯.০০	৮৫২৩৯.০০	-	-	জুলাই, ২০১৫ থেকে জুন, ২০১৯	০৮/১১/২০১৫	(-) ২৩৬২৪.০৬ বা (-) ২৭.৭১%	৯ মাস ১৮.৭৫%
১ম সংশোধিত	৬১৬১৪.৯৪	৬১৬১৪.৯৪	-	-	জুলাই, ২০১৫ থেকে সেপ্টেম্বর, ২০১৯	২৬/০৬/২০১৯		
মেয়াদ বৃদ্ধি	৬১৬১৪.৯৪	৬১৬১৪.৯৪	-	-	জুলাই, ২০১৫ থেকে মার্চ, ২০২০	১২/০২/২০২০		
প্রকৃত ব্যয়	৬০১২৫.২৯	৬০১২৫.২৯	-	-	-	-	-	-

(খ) মূল প্রাক্কলনের সাথে ক্রমপুঞ্জিত ব্যয় হ্রাসের হার: (২৭.৭১%)।

(গ) মূল প্রাক্কলনের সাথে ক্রমপুঞ্জিত মেয়াদ বৃদ্ধির হার: ১৮.৭৫%।

৬। প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন: প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (PCR) অনুযায়ী প্রকল্পটির অঙ্গভিত্তিক বাস্তব ও আর্থিক অগ্রগতি নিম্নে দেয়া হল:

(Taka in Lac)

Items of (As per PP)	Unit	Target (As per RPP)		Actual Progress		Reasons for Deviation (+/-)
		Financial	Physical	Financial	Physical	
1	2	3	4	5	6	7
Revenue:						
Soil Investigation (10 Building)	LS	40.00	--	15.08	--	As per actual requirement.
Quality Assurancé, Materials Sample Collection and Testing	1 job	34.00	--	26.01	--	
Tender Document	1 job	25.00	--	25.00	--	
Architectural drawing	1 job	15.00	--	15.00	--	
Structural drawing	1 job	10.00	--	10.00	--	
Electrical drawing	1 job	5.69	--	5.69	--	
Plumbing drawing	1 job	5.00	--	5.00	--	
Advertisement	1 job	15.00	--	15.00	--	
Stationeries for field office both civil & E/M, DOA & Project office	1 job	10.00	--	10.00	--	
Honorarium	1 job	6.00	--	4.22	--	
Foreign training at least 7 days 1 tour, total three tours 7 members (2 PWD civil (P&SP and Project Circle-1/ Project Division-2) 1 PWD E/M, 1 Planning Commission (concerned wing), 2 MOHPW, 1 DOA)	LS	180.00	--	175.00	--	
Mid term evaluation of the project by formation a committee consisting members from concerned sector of Planning Commission, IMED, MOHPW and PWD.	1 job	0.00	--	0.00	--	Not required.
Sub Total :		**345.69**	--	**306.00**	--	

Items of (As per PP)	Unit	Target (As per PP)		Actual Progress		Reasons for Deviation (+/-)
		Financial	Physical	Financial	Physical	
1	2	3	4	5	6	7
Capital:						
Construction of buildings including internal sanitary & water supply, internal electrification, gas connection with connection charge, anti termite treatment and safety canopy.						
4 nos. buildings having 1500 sft 6	sq.m.	24500.00	60654.00		60654.00	
1 no. building having 1500 sft 4 units flats and others	sq.m.	5911.30	9449 sq.m. Retaining wall 272 m. Master Drain 832.31 m. Walkway 3900 sq.m. Gaid Wall 425.60 m.	54334.15	9449 sq.m. Retaining wall 272 m. Master Drain 832.31 m. Walkway 3900 sq.m. Gaid Wall 425.60 m.	
4 nos. buildings having 1250 sft 6 units flats	sq.m.	20330.00	50553.36		50553.36	
1 no. building having 1250 sft 4 units flats	sq.m.	3900.00	8749.14		8749.14	
Underground reservoir	galon	247.19	350000		350000	
Deep tube well with pump house and pump motor including sewerage & water disposal and related water line installation (WASA part)	2 nos.	334.76	2	794.87	2	As per actual requirement.
R.C.C Road	sq.m.	100.77	4000.00		4000.00	
Boundary wall and Gate	sq.m.	97.28	800.00		800.00	
Compound Drain	m.	19.00	812.00		812.00	
External water supply and sewerage System with STP (PWD Part)	LS	324.00	--	305.38	--	
Community cum school building	sq.m.	652.00	2972.87	648.60	2972.87	
Mosque	sq.m.	284.00	1114.83	282.29	1114.83	
External Electrification for 10 nos. building	10 nos. building	4291.00	10	3176.05	10	
Furniture for PD Office	LS	8.00	--	8.00	--	
Computers for field office both civil & Architect.	nos.	5.00	4	5.00	4	
Purchase of 2 nos. jeeps	nos.	176.00	2	176.00	2	
Arboriculture/ landscape/ playground development	LS	88.95	--	88.95	--	
Sub Total :		**61269.25**		**59819.29**		--
Physical Contingency 2%		0.00		0.00		--
Price Contingency 4%		0.00		0.00		--
Total :	--	**61614.94**	--	**60125.29**	--	--

৭। মূল্যায়ন পদ্ধতিঃ প্রকল্পটির সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নে নিম্নোক্ত বিষয়/পদ্ধতি অনুসরণ করা হয়েছে: প্রকল্পের ডিপিপি পর্যালোচনা;

- প্রকল্পের PCR পর্যালোচনা;
- কাজের বাস্তব অগ্রগতি যাচাই, তথ্য ও ডকুমেন্ট সংগ্রহের জন্য সরেজমিন পরিদর্শন;
- প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা ও মতামত গ্রহণ;

৮। প্রকল্পের উদ্দেশ্য:

- ❖ সরকারি কর্মকর্তাদের আবাসিক বাসস্থান নিশ্চিতকরণ;
- ❖ সরকারি অব্যবহৃত জমি ব্যবহারের মাধ্যমে সরকারের রাজস্ব আদায়ে ভূমিকা রাখা; এবং
- ❖ উন্নত ও স্বাস্থ্যসম্মত বাসস্থান নিশ্চিত করার মাধ্যমে সরকারি চাকুরিজীবীদের কাছ থেকে আরো উন্নত সেবা আদায় করা।

৯। **প্রকল্পের পটভূমি:** "ঢাকাস্থ মিরপুর ৬নং সেকশনে সরকারি কর্মকর্তা-কর্মচারিদের জন্য ১০৬৪টি (সংশোধিত-৭৩৬টি) আবাসিক ফ্ল্যাট নির্মাণ (১ম সংশোধনী)" শীর্ষক প্রকল্পের জন্য ঢাকাস্থ মিরপুর-৬ এ অবস্থিত গণপূর্ত অধিদপ্তরের কাঠের ওয়ার্কশপ ক্যাম্পাসে ১০.০০ একর খালি জমিতে বেজমেন্টসহ ১৫ তলা ৫টি ভবনে প্রতিটি ১৫০০ বর্গফুট আয়তনের ৩৬৪টি ফ্ল্যাট নির্মাণ, বেজমেন্টসহ ১৫ তলা ৫টি ভবনে প্রতিটি

১২৫০ বর্গফুট আয়তনের ৩৭২টি ফ্ল্যাট নির্মাণ, ৪০০০.০০ বর্গমিটার অভ্যন্তরীণ রাস্তা, ২০টি লিফট, ৮০০.০০ রানিং মিটার সীমানা প্রাচীর, ৮১২.০০ রানিং মিটার কমপাউন্ড ড্রেন, ৩৫০০০০ গ্যালন পানি ধারণ ক্ষমতার জলাধার, ১১১৫ বর্গমিটার মসজিদ নির্মাণ, ডিপ টিউবওয়েলসহ পাম্প হাউজ এবং স্যুয়ারেজ ট্রিটমেন্ট প্ল্যান্ট (STP) স্থাপন, ১০টি ভবনের বিদ্যুতায়ন এবং ৫টি গাড়ী ক্রয় (২টি জীপ ও ৩টি মটরসাইকেল) ইত্যাদিসহ আনুসাঙ্গিক কাজ রয়েছে।

১০। **প্রকল্পের অনুমোদন প্রক্রিয়া:** আলোচ্য প্রকল্পটি ৮৫২৩৯.০০ লক্ষ টাকা প্রাক্কলনে জুলাই, ২০১৫ থেকে জুন, ২০১৯ মেয়াদে বাস্তবায়নের জন্য গত ০৮/১১/২০১৫ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে প্রকল্পটি ১ম সংশোধনীর মাধ্যমে প্রাক্কলন ৬১৬১৪.৯৪ লক্ষ টাকা নির্ধারণ করা হয় এবং বাস্তবায়ন মেয়াদ ৩ মাস বৃদ্ধি করা হয়, যার মাধ্যমে প্রাক্কলন হ্রাস পায় ২৩৬২৪.০৬ লক্ষ টাকা বা ২৭.৭১% ও মেয়াদ বৃদ্ধি পায় ৩ (তিন) মাস বা ৬.২৫% যা গত ২৬/০৬/১৯ তারিখে মাননীয় গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়। নির্ধারিত মেয়াদে বাস্তবায়ন কাজ শেষ না হওয়ায় পুনরায় ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ আরো ৬ (ছয়) মাস বা ১২.৫০% অর্থাৎ জুলাই, ২০১৫ থেকে সেপ্টেম্বর, ২০১৯ এর পরিবর্তে জুলাই, ২০১৫ থেকে মার্চ, ২০২০ পর্যন্ত বৃদ্ধি করা হয় যা ১২/০২/২০২০ তারিখে অনুমোদিত হয়।

১১। প্রকল্প এলাকা পরিদর্শন:

১১.১। প্রকল্পটি সমাপ্তির পর প্রকল্পের কার্যক্রম মূল্যায়নের নিমিত্ত বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের ৭নং সেক্টরের মহাপরিচালক জনাব মো: আব্দুল মজিদ এনডিসি গত ২০/০৩/২০২১ তারিখ প্রকল্প এলাকাতে প্রকল্পের কার্যক্রম সরেজমিন পরিদর্শন করেন। পরিদর্শনকালে প্রকল্প পরিচালকসহ প্রকল্প সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। প্রয়োজনীয় তথ্যাদি ও রেকর্ডপত্র পরীক্ষা করা হয়। বিভিন্ন স্থাপনার মাপ যাচাই করা হয় এবং সংশ্লিষ্ট সকলের সাথে আলোচনা করা হয়।

১১.২। **নিম্নে পরিদর্শিত অংশের চিত্র দেয়া হলো:**






১২। প্রকল্প বাস্তবায়নে মনিটরিং কার্যক্রম:

পরিদর্শনের সময় দেখা যায়, সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও সংস্থা এবং আইএমইডি'র কর্মকর্তাবৃন্দ প্রকল্প বাস্তবায়নকালে বিভিন্ন সময়ে প্রকল্পের কার্যক্রম পরিদর্শন করেছেন। এদের মধ্যে প্রধান প্রকৌশলী মোহাম্মদ রফিকুল ইসলাম, প্রধান প্রকৌশলী মোঃ খোরশেদ আলম, প্রধান প্রকৌশলী মোঃ আশরাফুল আলম উল্লেখযোগ্য। আইএমইডি'র কর্মকর্তা আল মামুন, মহাপরিচালক, ১৪/০৫/২০১৭ তারিখে, মোঃ রফিকুল আলম, পরিচালক গত ২১/১০/২০১৮ তারিখে এবং মশিউর রহমান উপ-পরিচালক ১১/১২/২০১৯ তারিখে পরিদর্শন করেছেন। পরিদর্শন প্রতিবেদনের সুপারিশগুলো বাস্তবায়িত হয়েছে দেখা যায়।

১৩। প্রকল্পের জনবল নিয়োগ: এ প্রকল্পের প্রকল্প পরিচালকসহ অন্যান্য জনবল গণপূর্ত অধিদপ্তরের নিজস্ব জনবল যারা এ প্রকল্পে অতিরিক্ত দায়িত্ব পালন করেছেন। এ কারণে এ প্রকল্পে কোন জনবল নিয়োগ করার প্রয়োজন হয়নি।

১৩.১। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:

ক্রঃ নং	কর্মকর্তার নাম	পদবি	নিয়মিত/অতিরিক্ত	সময়কাল
১।	জনাব মোঃ সামসুদ্দোহা	তত্ত্বাবধায়ক প্রকৌশলী সাভার গণপূর্ত সার্কেল, ঢাকা	অতিরিক্ত দায়িত্ব	০৮/১১/২০১৫ হতে ২৩/০৪/২০১৭
২।	জনাব মোঃ মিজানুর রহমান	তত্ত্বাবধায়ক প্রকৌশলী সাভার গণপূর্ত সার্কেল, ঢাকা	অতিরিক্ত দায়িত্ব	২৩/০৪/২০১৭ হতে ১৩/০৭/২০১৭
৩।	জনাব মোঃ নজিবর রহমান	তত্ত্বাবধায়ক প্রকৌশলী সাভার গণপূর্ত সার্কেল, ঢাকা	অতিরিক্ত দায়িত্ব	১৩/০৭/২০১৭ হতে ১৬/০৮/২০১৮
৪।	ড. গিয়াস উদ্দিন	তত্ত্বাবধায়ক প্রকৌশলী সাভার গণপূর্ত সার্কেল, ঢাকা	অতিরিক্ত দায়িত্ব	১৩/০৮/২০১ হতে ২০/০৮/২০১৮
৫।	জনাব শঙ্কর কুমার মালো	তত্ত্বাবধায়ক প্রকৌশলী সাভার গণপূর্ত সার্কেল, ঢাকা	অতিরিক্ত দায়িত্ব	২০/০৮/২০১৮ হতে সমাপ্ত পর্যন্ত

১৪। ডিপিপি'র লক্ষ্যমাত্রা অনুযায়ী সকল কার্যক্রম সম্পন্ন হয়েছে কিনা তা যাচাইয়ের ফলাফল: প্রকল্পের অঙ্গভিত্তিক সকল কাজ ডিপিপি'র লক্ষ্যমাত্রা অনুযায়ী সুসম্পন্ন হয়েছে কিনা তা সরেজমিন পরিমাপ যাচাই, সংশ্লিষ্ট রেকর্ডপত্র, ডক্যুমেন্ট পর্যালোচনা করে নিম্নরূপ ফলাফল বা চিত্র পাওয়া যায়:

প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়নের যাচাইকৃত ফলাফল:

ক্রমিক নং	ডিপিপি/আরডিপিপি অনুযায়ী অঙ্গের/কাজের নাম	একক	আরডিপিপি অনুযায়ী অনুমোদিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন		
			পরিমাণ বা সংখ্যা	আর্থিক(লক্ষ টাকা)	পরিমাণ/ সংখ্যা	আর্থিক (লক্ষ টাকা)	শতকরা হার (%) (পার্থক্য)
	Revenue:						
১।	Soil Investigation (10 Building)		LS	40.00	LS	15.08	37.70
২।	Quality Assurance, Materials Sample Collection and Testing		LS	34.00	LS	26.01	76.50

ক্রমিক নং	ডিপিপি/আরডিপিপি অনুযায়ী অঙ্গের/কাজের নাম	একক	আরডিপিপি অনুযায়ী অনুমোদিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন		
			পরিমাণ বা সংখ্যা	আর্থিক(লক্ষ টাকা)	পরিমাণ/ সংখ্যা	আর্থিক (লক্ষ টাকা)	শতকরা হার (%) (পার্থক্য)
৩।	Tender Document		LS	25.00	LS	25.00	100.00
৪।	Architectural drawing		LS	15.00	LS	15.00	100.00
৫।	Structural drawing		LS	10.00	LS	10.00	100.00
৬।	Electrical drawing		LS	5.69	LS	5.69	100.00
৭।	Plumbing drawing		LS	5.00	LS	5.00	100.00
৮।	Advertisement		LS	15.00	LS	15.00	100.00
৯।	Stationeries for field office both civil & E/M, DOA & Project office		LS	10.00	LS	10.00	100.00
১০।	Honorarium		LS	6.00	LS	4.22	70.33
১১।	Foreign training at least 7 days 1 tour, total three tours 7 members (2 PWD civil (P&SP and Project Circle-1/ Project Division-2) 1 PWD E/M, 1 Planning Commission (concerned wing), 2 MOHPW, 1 DOA)		LS	180.00	LS	175.00	97.22
১২।	Mid-term evaluation of the project by formation a committee consisting members from concerned sector of Planning Commission, IMED, MOHPW and PWD.		LS	0.00	LS	0.00	0.00
	Sub Total :			345.69		306.00	88.52
	Capital:						
	Construction of buildings including internal sanitary & water supply, internal electrification, gas connection with connection charge, anti-termite treatment and safety canopy.						
১৩।	4 nos. buildings having 1500 sft 6 Unit flats	sq.m.	60654.00	24500.00	60654.00	24162.68	98.62
১৪।	1 no. building having 1500 sft 4 units flats and others	sq.m.	9449 sq.m. Retaining wall 272 m. Master Drain 832.31 m. Walkway 3900 sq.m. Guide Wall 425.60 m.	5911.30	9449 sq.m. Building, Retaining wall-388.00 rm, Master Drain-1949.08 rm, Walkway-3584.00 Sqm, Guide Wall-232.00 rm	5699.63	96.42
১৫।	4 nos. buildings having 1250 sft 6 units flats	sq.m.	50553.36	20330.00	50553.36	20047.42	98.61
১৬।	1 no. building having 1250 sft 4 units flats	sq.m.	8749.14	3900.00	8749.14	3823.95	98.00
১৭।	Underground reservoir	galon	350000	247.19	25000	27.32	99.48
১৮।	Deep tube well with pump house and pump motor including sewerage & water disposal	2 nos.	2	334.76	2	157.42	

ক্রমিক নং	ডিপিপি/আরডিপিপি অনুযায়ী অঙ্গের/কাজের নাম	একক	আরডিপিপি অনুযায়ী অনুমোদিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন		
			পরিমাণ বা সংখ্যা	আর্থিক(লক্ষ টাকা)	পরিমাণ/ সংখ্যা	আর্থিক (লক্ষ টাকা)	শতকরা হার (%) (পার্থক্য)
	and related water line installation (WASA part)						
১৯।	R.C.C Road	sq.m.	4000.00	100.77	8244.33	287.43	
২০।	Boundary wall and Gate	sq.m.	800.00	97.28	2857	322.70	
২১।	Compound Drain	m.	812.00	19.00	00.00	0.00	
২২।	External water supply and sewerage System with STP (PWD Part)		LS	324.00	LS	305.38	98.32
২৩।	Community cum school building	sq.m.	2972.87	652.00	2972.87	648.60	99.48
২৪।	Mosque	sq.m.	1114.83	284.00	1114.83	282.29	99.40
২৫।	External Electrification for 10 nos. building		LS	4291.00	LS	3176.05	98.12
২৬।	Furniture for PD Office		LS	8.00	LS	8.00	100.00
২৭।	Computers for field office both civil & Architect.	nos.	4	5.00	4	5.00	100.00
২৮।	Purchase of 2 nos. jeeps & 3 nos Motor-Cycle	nos.	5	176.00	5	176.00	100.00
২৯।	Arboriculture		LS	88.95	LS	88.95	95.00
	Sub Total :			61269.25		59819.29	98.36
	Total :			61614.94		60125.29	97.58

উপরের ছক থেকে দেখা যায় আরডিপিপি অনুযায়ী প্রকল্পের বিভিন্ন অঙ্গের জন্য সংস্থান ছিল মোট ৬১৬১৪.৯৪ লক্ষ টাকা। ব্যয় হয়েছে ৬০১২৫.২৯ লক্ষ টাকা বা ৯৭.৫৮%। প্রকল্প পরিচালক জানান অব্যয়িত অর্থ সংস্থা হতে ছাড় করা হয়নি। এ কারণে কোষাগারে জমা করার প্রয়োজন হয়নি। উপরের ছক থেকে আরো দেখা যায় ডিপিপি'র লক্ষ্যমাত্রার অপেক্ষা রিটেইনিং ওয়াল, মাস্টার ড্রেন, আরসিসি রোড, বাউন্ডারী ওয়ালের কাজ অনেক বেশি সম্পন্ন করা হয়েছে। আবার ওয়াকওয়ে, গাইড ওয়াল, আন্ডারগ্রাউন্ড জলাধার এর কাজ বা পরিমাণ ডিপিপি'র লক্ষ্যমাত্রার চেয়ে অনেক কম সম্পন্ন করা হয়েছে। জিজ্ঞাসায় জানা যায় এখানে ভেরিয়েশন আকারে ডিপার্টমেন্টের অনুমোদন নেয়া হয়েছে। মন্ত্রণালয় বা পরিকল্পনা কমিশনের কোন অনুমোদন নেয়া হয়নি। অন্যদিকে উপরের ছক অনুযায়ী ডিপিপি'র কম্পাউন্ড ড্রেন অঙ্গের কাজ আদৌ বাস্তবায়ন করা হয়নি। এক্ষেত্রেও পরিকল্পনা কমিশনের বা মন্ত্রণালয়ের অনুমোদন নেয়া হয়নি বা ডিপিপি সংশোধন করা হয়নি। এখানে উল্লেখযোগ্য ঘটনা হল বর্ণিত অঙ্গগুলোর কাজ বেশি করা বা কম করা বা আদৌ না করার বিষয়টি পিসিআর এ গোপন করা হয়েছে। পিসিআর এ কাজগুলি Asper DPP বাস্তবায়ন দেখানো হয়েছে। অর্থাৎ একটি অসত্য পিসিআর দাখিল করা হয়েছে।

উপরের ছক অনুযায়ী প্রকল্প পরিচালক এর অফিসের জন্য ৮ লক্ষ টাকার আসবাবপত্র কেনা হয়েছে। এ প্রকল্পের পিডি একজন তত্ত্বাবধায় প্রকৌশলী। তিনি অতিরিক্ত দায়িত্বে আলোচ্য প্রকল্পটিসহ আরো প্রকল্পের পিডি'র দায়িত্বে ছিলেন এবং আছেন। সব প্রকল্পেই পিডি অফিসের জন্য আসবাবপত্র কেনা হয়েছে যা অযৌক্তিক ও অনুচিত কাজ। এভাবে প্রকল্পে আসবাবপত্র কেনা পরিহার করা প্রয়োজন।

১৫। প্রকল্পের ক্রয় কার্যক্রম:

প্রকল্প অফিসে সংরক্ষিত প্রকল্পের ক্রয় সংক্রান্ত দলিলপত্র পর্যালোচনা করা হয়। ক্রয় সম্পর্কিত তথ্য নিম্নরুপ:

ক. ডিপিপি/টিএপিপিতে মোট প্যাকেজ সংখ্যা: কার্যের জন্য ২৮টি এবং পণ্যের ৪ টিসহ মোট ৩২টি।

খ. পণ্য, কার্য ও সেবা ক্রয় সংক্রান্ত তথ্য:

প্যাকেজ নং	অঙ্গের/কাজের নাম ও বিবরণ (ক্রমিক আকারে)	আরডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন						
		পরিমাণ/ সংখ্যা (বর্গঃমিঃ)	প্রাক্কলিত মূল্য (লক্ষ টাকা)	বিজ্ঞপ্তির তারিখ	চুক্তির তারিখ	কাজ সমাপ্তির তারিখ	পরিমাণ (বর্গঃমিঃ)	প্রকৃত ব্যয় (লক্ষ টাকা)	চুক্তির মেয়াদ বৃদ্ধির পরিমাণ (দিন)	মেয়াদ বৃদ্ধির কারণ
WD-2	Construction of 20 storied Building having 1500 sft 6-unit each floor with basement and Parking facilities in/c. internal sanitary & water supply arrangement, gas connection & internal electrification works at PWD Wood Workshop Campus, Mirpur-6, Dhaka. Bldg no. 06	15163.50	6100.00	21-09-15	01-11-16	15-03-20	15163.50	6003.84	314	সিভিল এভিয়েশন কর্তৃপক্ষের ছাড়পত্র অনুসারে মিরপুর এলাকায় ১৫০ ফুটের বেশি উচ্চতার ভবন করা যাবে না। যার ফলে ২০ তলা ভবনের স্থলে ১৪ তলা ভবন নির্মাণের সিদ্ধান্ত জটিলতায় সময়ক্ষেপন হয়।
WD-3	Construction of 20 storied Building having 1500 sft 6-unit each floor with basement and Parking facilities in/c. internal sanitary & water supply arrangement, gas connection & internal electrification works at PWD Wood Workshop Campus, Mirpur-6, Dhaka. Bldg no. 08	15163.50	6300.00	27-09-15	25-10-16	24-04-19	15163.50	6227.66	299	ঐ
WD-4	Construction of 20 storied Building having 1500 sft 6-unit each floor with basement and	15163.50	6200.00	27-09-15	25-10-16	31-12-19	15163.50	6116.54	253	ঐ

প্যাকেজ নং	অঙ্গের/কাজের নাম ও বিবরণ (ক্রমিক আকারে)	আরডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন						
		পরিমাণ/ সংখ্যা (বর্গঃমিঃ)	প্রাক্কলিত মূল্য (লক্ষ টাকা)	বিজ্ঞপ্তির তারিখ	চুক্তির তারিখ	কাজ সমাপ্তির তারিখ	পরিমাণ (বর্গঃমিঃ)	প্রকৃত ব্যয় (লক্ষ টাকা)	চুক্তির মেয়াদ বৃদ্ধির পরিমাণ (দিন)	মেয়াদ বৃদ্ধির কারণ
	Parking facilities in/c. internal sanitary & water supply arrangement, gas connection & internal electrification works at PWD Wood Workshop Campus, Mirpur-6, Dhaka. Bldg no. 09									
WD-5	Construction of 20 storied Building having 1500 sft 6-unit each floor with basement and Parking facilities in/c. internal sanitary & water supply arrangement, gas connection & internal electrification works at PWD Wood Workshop Campus, Mirpur-6, Dhaka. Bldg no. 10	15163.50	5900.00	27-09-15	31-10-16	07-01-20	15163.50	5814.64	246	ঐ
WD-6	Construction of 20 storied Building having 1500 sft 4-unit each floor with basement and Parking facilities in/c. internal sanitary & water supply arrangement, gas connection	9749.00	5911.30	29-09-15	19-10-16	31-03-20	9749.00	5699.63	281	ঐ

প্যাকেজ নং	অঙ্গের/কাজের নাম ও বিবরণ (ক্রমিক আকারে)	আরডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন						
		পরিমাণ/ সংখ্যা (বর্গঃমিঃ)	প্রাক্কলিত মূল্য (লক্ষ টাকা)	বিজ্ঞপ্তির তারিখ	চুক্তির তারিখ	কাজ সমাপ্তির তারিখ	পরিমাণ (বর্গঃমিঃ)	প্রকৃত ব্যয় (লক্ষ টাকা)	চুক্তির মেয়াদ বৃদ্ধির পরিমাণ (দিন)	মেয়াদ বৃদ্ধির কারণ
	& internal electrification works at PWD Wood Workshop Campus, Mirpur-6, Dhaka. Bldg no. 07 including retaining wall, master drain, walkway, guide wall & earth cutting									
WD-7	Construction of 20 storied Building having 1250 sft 6-unit each floor with basement and Parking facilities in/c. internal sanitary & water supply arrangement, gas connection & internal electrification works at PWD Wood Workshop Campus, Mirpur-6, Dhaka. Bldg no. 01	12638.34	4900.00	17-09-15	08-11-16	07-01-20	15163.50	4826.86	239	ঐ
WD-8	Construction of 20 storied Building having 1250 sft 6-unit each floor with basement and Parking facilities in/c. internal sanitary & water supply arrangement, gas connection & internal	12638.34	5230.00	17-09-15	07-11-16	24-03-20	15163.50	5169.72	317	সিভিল এভিয়েশন কর্তৃপক্ষের ছাড়পত্র অনুসারে মিরপুর এলাকায় ১৫০ ফুটের বেশি উচ্চতার ভবন করা যাবে না।যার ফলে ২০ তলা ভবনের স্থলে ১৪ তলা ভবন নির্মানের সিদ্ধান্ত জটিলতায় সময়ক্ষেপন হয়।

প্যাকেজ নং	অঙ্গের/কাজের নাম ও বিবরণ (ক্রমিক আকারে)	আরডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন						
		পরিমাণ/ সংখ্যা (বর্গঃমিঃ)	প্রাক্কলিত মূল্য (লক্ষ টাকা)	বিজ্ঞপ্তির তারিখ	চুক্তির তারিখ	কাজ সমাপ্তির তারিখ	পরিমাণ (বর্গঃমিঃ)	প্রকৃত ব্যয় (লক্ষ টাকা)	চুক্তির মেয়াদ বৃদ্ধির পরিমাণ (দিন)	মেয়াদ বৃদ্ধির কারণ
	electrification works at PWD Wood Workshop Campus, Mirpur-6, Dhaka. Bldg no. 03									
WD-9	Construction of 20 storied Building having 1250 sft 6-unit each floor with basement and Parking facilities in/c. internal sanitary & water supply arrangement, gas connection & internal electrification works at PWD Wood Workshop Campus, Mirpur-6, Dhaka. Bldg no. 04	12638.34	5200.00	20-09-15	30-10-16	15-03-20	15163.50	5093.85	327	ঐ
WD-10	Construction of 20 storied Building having 1250 sft 6-unit each floor with basement and Parking facilities in/c. internal sanitary & water supply arrangement, gas connection & internal electrification works at PWD Wood Workshop Campus, Mirpur-6,	12638.34	5000.00	20-09-15	20-10-16	29-02-20	15163.50	4956.99	309	ঐ

প্যাকেজ নং	অঙ্গের/কাজের নাম ও বিবরণ (ক্রমিক আকারে)	আরডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন						
		পরিমাণ/ সংখ্যা (বর্গঃমিঃ)	প্রাক্কলিত মূল্য (লক্ষ টাকা)	বিজ্ঞপ্তির তারিখ	চুক্তির তারিখ	কাজ সমাপ্তির তারিখ	পরিমাণ (বর্গঃমিঃ)	প্রকৃত ব্যয় (লক্ষ টাকা)	চুক্তির মেয়াদ বৃদ্ধির পরিমাণ (দিন)	মেয়াদ বৃদ্ধির কারণ
	Dhaka. Bldg no. 05									
WD-11	Construction of 20 storied Building having 1250 sft 4-unit each floor with basement and Parking facilities in/c. internal sanitary & water supply arrangement, gas connection & internal electrification works at PWD Wood Workshop Campus, Mirpur-6, Dhaka. Bldg no. 02	12248.81	3900.00	29-09-15	02-05-16	29-02-20	15163.50	3823.95	479	ঐ
WD-12	Construction of 1064 Nos. Residential Flats for Government Employees at PWD Wood Workshop Campus, Mirpur-6, Dhaka. (Sub-Head: Construction of underground reservoir, sinking & installation of deep Tube well, Construction of Drain, RCC Road	RCC Road& B/W with gate-4000-sqm UGWR-350000-gallon 2-nos T/W Compound Drain-812-rm	799.00	24-04-18	20-08-18	30-03-20	RCC Road-8244.33 Sqm & B/W-2857 Sqm with 3-nos gate-UGWR-25000-gallon 2-nos T/W Compound Drain-0.00	794.88	535	বাস্তব কাজের প্রেক্ষিতে অতিরিক্ত সময় প্রয়োজন হয়েছে।

প্যাকেজ নং	অঙ্গের/কাজের নাম ও বিবরণ (ক্রমিক আকারে)	আরডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন						
		পরিমাণ/ সংখ্যা (বর্গঃমিঃ)	প্রাক্কলিত মূল্য (লক্ষ টাকা)	বিজ্ঞপ্তির তারিখ	চুক্তির তারিখ	কাজ সমাপ্তির তারিখ	পরিমাণ (বর্গঃমিঃ)	প্রকৃত ব্যয় (লক্ষ টাকা)	চুক্তির মেয়াদ বৃদ্ধির পরিমাণ (দিন)	মেয়াদ বৃদ্ধির কারণ
	& Boundary wall with gate).						rm			
WD-13	Construction of 1064 Nos. Residential Flats for Government Employees at PWD Wood Workshop Campus, Mirpur-6, Dhaka. (Sub-Head: Construction of Sewerage Treatment Plant (STP) with Sewerage system). During the year: 2018-2019.	LS	324.00	20-11-18	28-01-19	22-03-20	LS	318.55	360	বাস্তব কাজের প্রেক্ষিতে অতিরিক্ত সময় প্রয়োজন হয়েছে।
WD-14	Construction of 4 storied Community cum School Building with 6 Storied foundation including Sanitary, Water supply & Internal Electrification works as well as a sub-station bldg at Wood workshop Campus, Mirpur-6, Dhaka .Financial Year-2017-2018	2972.87	652.00	07-03-18	16-05-18	30-03-20	2972.87	648.70	420	বাস্তব কাজের প্রেক্ষিতে অতিরিক্ত সময় প্রয়োজন হয়েছে।
WD-15	Construction of 4 storied Mosque with 6 storied foundation including Sanitary, water supply &	1114.83	284.00	13-02-18	22-04-18	30-03-20	1114.83	282.47	444	বাস্তব কাজের প্রেক্ষিতে অতিরিক্ত সময় প্রয়োজন হয়েছে।

প্যাকেজ নং	অঙ্গের/কাজের নাম ও বিবরণ (ক্রমিক আকারে)	আরডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন						
		পরিমাণ/ সংখ্যা (বর্গঃমিঃ)	প্রাক্কলিত মূল্য (লক্ষ টাকা)	বিজ্ঞপ্তির তারিখ	চুক্তির তারিখ	কাজ সমাপ্তির তারিখ	পরিমাণ (বর্গঃমিঃ)	প্রকৃত ব্যয় (লক্ষ টাকা)	চুক্তির মেয়াদ বৃদ্ধির পরিমাণ (দিন)	মেয়াদ বৃদ্ধির কারণ
	internal electrification works at wood workshop campus,Mirpur-6, Dhaka									
WD-16	2000 KVA sub-station equipment, HT, LT &others loop Cable	1-job	397.00	11-06-18	09-08-18	30-09-18	1114.83	396.74		
WD-17	Main Service Connection and control for Different building (10 nos. Buildings)	1-job	415.00	12-06-18	15-07-18	11-06-19		359.93	238	সাব-স্টেশন রুম যথাসময়ে প্রস্তুত না হওয়ায় অতিরিক্ত সময় বর্ধনের প্রয়োজন হয়।
WD-20	1000 kg 14 stop passenger/bed lift	20-nos	1594.00	04-06-18	16-07-18	01-11-18		1593.55		
WD-21	Fire Protection and extinguisher system	1-job	645.00	25-04-18	24-06-18	10-06-19		582.63	248	স্থাপত্য অধিদপ্তর কর্তৃক প্রদত্ত নক্সায় ফায়ার হাইড্রেন্ট এর রাইজার ও ফায়ার হাইড্রেন্ট বক্স স্থাপনের স্থান চিহ্নিতকরণে বিলম্ব হওয়ায় অতিরিক্ত সময় বর্ধনের প্রয়োজন হয়।
WD-22	20 HP submersible pump motor set	1-job	180.00	18-07-18	29-08-18	15-11-18		179.28		
WD-23	Lighting conductor (LC) with earthing	1-job	45.00	18-07-18	28-08-18	12-11-18		44.99		
WD-24	PABX and intercom system	1-job	270.00	18-07-18	12-09-18	08-11-18		269.55		
WD-25	100 KVA diesel generating system	1-job	330.00	11-06-18	26-07-18	16-10-18		329.40		
WD-26	Security & compound	1-job	90.00	06-01-19	20-02-19	11-06-19		89.35		

প্যাকেজ নং	অঙ্গের/কাজের নাম ও বিবরণ (ক্রমিক আকারে)	আরডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন						
		পরিমাণ/ সংখ্যা (বর্গঃমিঃ)	প্রাক্কলিত মূল্য (লক্ষ টাকা)	বিজ্ঞপ্তির তারিখ	চুক্তির তারিখ	কাজ সমাপ্তির তারিখ	পরিমাণ (বর্গঃমিঃ)	প্রকৃত ব্যয় (লক্ষ টাকা)	চুক্তির মেয়াদ বৃদ্ধির পরিমাণ (দিন)	মেয়াদ বৃদ্ধির কারণ
	light									
WD-27	Air Conditioning system	1-ton	25.00	30-01-19	24-03-19	12-06-19		24.06		
WD-28	Arboriculture/Landscape/playground development	LS	88.95	11-04-19	29-04-19	12-06-19		84.50		

সকল প্যাকেজের দরপত্র আহ্বান করে কার্যক্রম সমাপ্ত হয়েছে। এ প্রকল্পের প্যাকেজগুলোর দরপত্র আহ্বান কার্যক্রম ডিপিপি/আরডিপিপি'র সিডিউলের প্রায় নিকটবর্তী সময়ে করা হয়েছে। প্যাকেজগুলোর অফিসিয়াল দরপত্র প্রস্তুতকরণ, উন্মুক্তকরণ, মূল্যায়ন এবং অনুমোদন কার্যক্রমে নির্ধারিত কমিটি এবং কর্তৃপক্ষের মাধ্যমে করা হয়েছে। প্যাকেজগুলো বাস্তবায়নের ক্ষেত্রে নিয়োজিত ঠিকাদার প্রতিষ্ঠানের সাথে কাজ সমাপ্তির চুক্তি মেয়াদ ৮টি প্যাকেজে ২০০ দিনের বেশি, ৪টি প্যাকেজে ৩০০ দিনের বেশি, ৩টি প্যাকেজে ৪০০ দিনের বেশি, ১টি প্যাকেজে ৫০০ দিনের বেশি বৃদ্ধি পেয়েছে। সময় বৃদ্ধির বিষয়ে উপরের ছকে পিডি অফিস সে কারণগুলি উল্লেখ করেছেন তা খুব বেশি যৌক্তিক কারণ হিসেবে বিবেচনা করার অবকাশ আছে বলে প্রতীয়মান হয় না।

১৬। **প্রকল্পের নির্মাণ কাজের গুণগতমান:** প্রকল্পের নির্মিত ভবন সরেজমিন পরিদর্শন করে ভবন নির্মাণকালীন ব্যবহৃত নির্মাণ সামগ্রির গুণগতমান যাচাইয়ের জন্য বিভিন্ন টেস্ট রিপোর্ট পর্যবেক্ষণ করা হয়। প্রকল্প পরিচালক জানান, নির্মাণ সামগ্রি বুয়েটের ল্যাবরেটরিতে টেস্ট করে নির্মাণ কাজে ব্যবহার করা হয়েছে। টেস্ট রিপোর্টসমূহ পরিদর্শনকালে পর্যবেক্ষণ করা হয়েছে। ইলেক্ট্রোমেকানিক্যাল সরঞ্জাম, ইলেক্ট্রিক্যাল ফিটিংস, স্যানিটারি ফিটিংস, ম্যানুফেকচারাল গাইডলাইন এবং দরপত্রের স্প্যাসিফিকেশন অনুযায়ী ব্যবহার করা হয়েছে। দরপত্রে উল্লেখিত বিভিন্ন ফিটিংসের সাথে নির্মিত ভবনের ব্যবহৃত বিভিন্ন ইলেক্ট্রিক্যাল ফিটিংস, সেনেটারি ফিটিংস, ইলেক্ট্রোমেকানিক্যাল সরঞ্জাম, ম্যানুফেকচারাল গাইডলাইন এবং লিফট র‍্যান্ডম ব্যাসিসে যাচাই করে সঠিক পাওয়া যায়। টেস্ট রিপোর্ট হতে দেখা যায়, নির্মাণ কাজে ব্যবহৃত বিভিন্ন পণ্য (ইট, বালি, সিমেন্ট, রড, কংক্রিট) ব্যবহার করার পূর্বে টেস্ট করা হয়েছে এবং টেস্টের ফলাফল সিডিউল অনুযায়ী আছে।

১৭। **প্রকল্পের উদ্দেশ্য অর্জন**: এ প্রকল্পের মাধ্যমে সরকারি কর্মকর্তাদের আবাসিক বাসস্থান নিশ্চিতকরণ; সরকারি অব্যবহৃত জমি ব্যবহারের মাধ্যমে সরকারের রাজস্ব আদায়ে ভূমিকা রাখা এবং উন্নত ও স্বাস্থ্যসম্মত বাসস্থান নিশ্চিত করার মাধ্যমে সরকারি চাকুরিজীবীদের কাছ থেকে আরো উন্নত সেবা আদায় করা এই ৩টি উদ্দেশ্য ছিল । উদ্দেশ্য বাস্তবায়নের জন্য প্রকল্পের মাধ্যমে সরকারি কর্মকর্তা-কর্মচারিদের জন্য বেজমেন্টসহ ১৫ তলা ৫টি ভবনে প্রতিটি ১৫০০ বর্গফুট আয়তনের ৩৬৮টি ফ্ল্যাট এবং বেজমেন্টসহ ১৫ তলা ৫টি ভবনে প্রতিটি ১২৫০ বর্গফুট আয়তনের ৩৬৮টি ফ্ল্যাট প্রস্তুত করা হয়েছে। এ প্রকল্পের মাধ্যমে ১৫ তলা বিশিষ্ট ১০টি ভবনে ৭৩৬টি ফ্ল্যাট নির্মাণ করা হয়েছে যার মাধ্যমে ৭৩৬টি সরকারি কর্মকর্তাদের আবাসিক চাহিদা পূরণ হওয়ায় সরকারের রাজস্ব আদায় বৃদ্ধি পাবে। আবাসিক এলাকাটি যথেষ্ট খোলামেলা এবং মনোরম পরিবেশ হয়েছে। ভবনগুলোর ডিজাইন এবং ফ্ল্যাটগুলোর অভ্যন্তরীণ ডিজাইন খুবই সুন্দর। ফলে ঢাকা মহানগরীর সরকারি কর্মকর্তা-কর্মচারিদের নবনির্মিত ভবনে উন্নত ও স্বাস্থ্যসম্মত বাসস্থান নিশ্চিত করা হয়েছে।

১৮। **সুবিধাভোগীর মতামত:** পরিদর্শনের সময় পর্যন্ত প্রায় ৪০% (আনুমানিক) ফ্ল্যাট বরাদ্দ নিয়ে বিভিন্ন সরকারি দপ্তরের কর্মকর্তারা বসবাস করছেন। পরিদর্শনের দিনে কয়েকজন কর্মকর্তা ও তাদের পরিবারের সদস্যদের সাথে আলাপ হয়। কেউ ভবনের নির্মাণ কাজের মান বা সুযোগ সুবিধা নিয়ে কোন অভিযোগ বা সমস্যা উপস্থাপন করেননি। কেউ কেউ জানান ক্যাম্পাসের সামগ্রিক পরিবেশ খুব ভাল।

১৯। **প্রকল্পের ক্রয়কৃত যানবাহন:** ডিপিপি অনুযায়ী ২টি জিপ গাড়ী ও ৩টি মটরসাইকেল ১৭৬.০০ লক্ষ টাকায় কেনার কথা। পিসিআর এর অঙ্গভিত্তিক বাস্তবায়নে ২টি জিপ গাড়ী ১৭৬.০০ লক্ষ টাকায় কেনার কথা বলা হয়েছে। কোন মটরসাইকেল কেনার কথা বলা হয়নি। অন্যদিকে পিসিআর এর খ-অংশের ৭নং অনুচ্ছেদে গাড়ি সংক্রান্ত এক্সক্লুসিভ কলামে ২টি জিপ ও ৩টি মটরসাইকেল আরডিপিপি এর লক্ষ্যমাত্রা হিসেবে দেখানো হয়েছে। কিন্তু procurement ও অন্যান্য তথ্যের কলামগুলি ফাঁকা রাখা হয়েছে। সেখানে কোন সংখ্যা বা তথ্য প্রদান করা হয়নি। এই অনুচ্ছেদ অনুযায়ী প্রমানিত হয় গাড়ি কেনা হয়নি। উপরের ছক অনুযায়ী সরেজমিন যাচাইয়ের সময় মৌখিকভাবে জানানো হয় ৫টি গাড়ীই কেনা হয়েছে এবং ডিপার্টমেন্টে ব্যবহার করা হচ্ছে। কিন্তু এ সম্পর্কে কোন বস্তুনিষ্ঠ তথ্য প্রমান তাৎক্ষনিকভাবে পাওয়া যায়নি। গাড়ী ক্রয় করা সম্পর্কে পিসিআর-এ পরস্পর বিরোধী তথ্য দেয়াতে গাড়ী কেনা সম্পর্কে বিভ্রান্তি তৈরি হয়েছে। এ বিভ্রান্তি নিরসনকল্পে পিসিআর এর ২য় অংশের ৭নং অনুচ্ছেদে বর্ণিত ছক মোতাবেক পূর্ণাঙ্গ তথ্যাদি ও প্রমানক আবশ্যক। এ বিষয়ে মন্ত্রণালয়ের দৃষ্টি আকর্ষণ করা হলো।

২০। **ঘন ঘন প্রকল্প পরিচালক পরিবর্তন এবং একাধিক প্রকল্পের অতিরিক্ত দায়িত্ব পালন:** এ প্রকল্প বাস্তবায়নকালীন ৫জন প্রকল্প পরিচালক দায়িত্ব পালন করেছেন, প্রত্যেকেই অতিরিক্ত হিসেবে দায়িত্বে ছিলেন। এছাড়া PIU এর সকলে PWD'র রাজস্ব খাতের জনবল এবং তারা অতিরিক্ত দায়িত্ব পালন করেছেন। পরিকল্পনা বিভাগ হতে জারিকৃত "সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন পদ্ধতি" বিষয়ক পরিপত্র অনুসারে ৫০ কোটি টাকার উর্ধ্বে প্রকল্পের ক্ষেত্রে নিয়মিত প্রকল্প পরিচালক নিয়োগ দিতে হয়। এ প্রকল্পটির প্রাক্কলন ছিল ৬১৬১৪.৯৪ লক্ষ টাকা বা ৫০ কোটি টাকার উর্ধ্বে, কিন্তু পরিপত্র অনুযায়ী নিয়মিত প্রকল্প পরিচালক নিয়োগ দেয়া হয়নি। উপরন্ত তারা দাপ্তরিক দায়িত্বসহ একাধিক প্রকল্পের অতিরিক্ত দায়িত্বে ছিলেন। নিয়মিত প্রকল্প পরিচালক পদায়ন না করায় পরিপত্রের বিধান লংঘিত হয়েছে বলে প্রতীয়মান হয়।

২১। **অডিট আপত্তি ও নিষ্পত্তি সংক্রান্ত:** এ প্রকল্পে ২০১৭-১৮, ২০১৮-২০১৯ ও ২০১৯-২০২০ অর্থবছরে কার্যক্রম সম্পন্ন হয়েছে এবং procurement সম্পন্ন হয়েছে। পরিদর্শনের সময় জানা যায় ২০১৭-১৮, ২০১৮-২০১৯ অর্থবছরে অভ্যন্তরীণ ও পূর্ত অডিট সম্পন্ন হয়েছে। ২০১৯-২০২০ অর্থবছরের অডিট হয়নি। নিম্নে ২০১৭-১৮ ও ২০১৮-১৯ এর অডিট আপত্তি ও নিষ্পত্তির তথ্য নিম্নরূপ:

অর্থবছর	অডিট কর্তৃপক্ষ	আপত্তির সংখ্যা ও বিবরণ	জড়িত টাকার পরিমাণ	নিষ্পত্তির অগ্রগতি (সুনির্দিষ্টভাবে)
২০১৭-২০১৮	অভ্যন্তরীণ অডিট	৩টি আপত্তি নং-১। ভিত্তিগর্ত খনন কাজের আইটেমের কাজের সাথে ট্রেন্স ড্রাই করার দর সংযুক্ত থাকার পরও ভিত্তিগর্ত হতে পানি উত্তোলনের বিল ঠিকাদারকে পরিশোধের নামে সরকারের ৩,২০,০০০/- টাকার আর্থিক ক্ষতিসাধন। আপত্তি নং-২। Water Proofing membrane on Wall আইটেমের সাথে Lapping এর দর সংযুক্ত থাকার পরও আলাদাভাবে পরিমাপ পরিদর্শন করে ঠিকাদারকে ১,৬৭,৭০২/- টাকা পরিশোধ দেখিয়ে আর্থিক ক্ষতিসাধন। আপত্তি নং-৫। পরিশোধিত বিল হতে ঠিকাদারের নিকট আয়কর কম কর্তন করায় আয়কর বাবদ ১,৩০,০০০/- টাকা অনাদায়ী।	৩,২০,০০০.০০ ১,৬৭,৭০২.০০ ১,৩০,০০০.০০	অভ্যন্তরীণ নিরীক্ষা পরিদপ্তর এর স্মারক নং-১৯৪ তারিখঃ ২৫/১১/২০২০ এর মাধ্যমে নিষ্পত্তি হয়েছে।

২০১৮-২০১৯	অভ্যন্তরীণ অডিট	১টি অনুচ্ছেদ নং-৫। পরিশোধিত বিল হতে ঠিকাদারের নিকট ভ্যাট কম কর্তন করায় ভ্যাট বাবদ ২,২৪,৯৯৫/- টাকা অনাদায়ী।	২,২৪,৯৯৫.০০	অভ্যন্তরীণ নিরীক্ষা পরিদপ্তর এর স্মারক নং-১৯৪ তারিখঃ ২৫/১১/২০২০ এর মাধ্যমে নিস্পত্তি হয়েছে।
২০১৭-২০১৮	পূর্ত অডিট	২টি অনুচ্ছেদ নং-১৪(ক) ও (খ)। ২০১৭-১৮ সালে সংশোধিত বাজেটে অতিরিক্ত ১৯,৯৯,৪৮,১০০/- টাকা ব্যয় এবং রাজস্ব খাত হতে ১,০১,০০,০০০/- টাকা পুনঃউপযোজনের মাধ্যমে মূলধন হতে স্থানান্তর। অনুচ্ছেদ নং-৫। নির্ধারিত হার অপেক্ষা কম হারে আয়কর কর্তন কারণে সরকার ১,৩০,০০০/- টাকার রাজস্ব প্রাপ্তি হতে বঞ্চিত।	১৯,৯৯,৪৮,১০০.০০ ১,০১,০০,০০০.০০ ১,৩০,০০০.০০	অডিট আপত্তির জবাব পাঠানো হয়েছে। নিস্পত্তি হয়নি।
২০১৮-২০১৯	পূর্ত অডিট	২টি অনুচ্ছেদ নং-২(১০)। ঠিকাদার কর্তৃক চুক্তির শর্তানুযায়ী চুক্তিকৃত কাজের বীমা না থাকার কারণে বীমা ও প্রিমিয়ামের উপর ভ্যাট আরোপ না হওয়াতে রাজস্ব ক্ষতির পরিমাণ ৪০,৪৪,৮৬৭/-টাকা। অনুচ্ছেদ নং-৫৫(৩)। অনিয়মিতভাবে হস্তরশিদের মাধ্যমে বিল পরিশোধ ১৫৭,৩৯,৯১,০২৯/- টাকা।	৪০,৪৪,৮৬৭.০০ ১৫৭,৩৯,৯১,০২৯.০০	অডিট আপত্তির জবাব পাঠানো হয়েছে। নিস্পত্তি হয়নি।

উপরের ছক থেকে দেখা যায় এ প্রকল্পে ২০১৭-১৮ ও ২০১৮-১৯ অর্থবছরের অভ্যন্তরীণ ও পূর্ত অডিট সম্পন্ন হয়েছে। কিন্তু ২০১৯-২০ অর্থবছরের কোন ধরণের অডিট সম্পন্ন হয়নি। প্রথম দু'বছরের অভ্যন্তরীণ অডিটের মোট ৪টি আপত্তি ছিল যা ইতোমধ্যে নিস্পত্তি হয়েছে। উক্ত দু'বছরে পূর্ত অডিটে মোট ৫টি আপত্তি ছিল। সেখানে জড়িত টাকার পরিমাণ ১৭৮,৮২,১৩,৯৯৬.০০ টাকা যা এখনো নিস্পত্তি হয়নি। এগুলো দ্রুত নিস্পত্তি করানো প্রয়োজন।

২২। **মতামত/সুপারিশ** :

২২.১। প্রকল্পটি নির্ধারিত মেয়াদে শেষ হয়নি, মেয়াদ বৃদ্ধি পেয়েছে ৯ মাস বা ১৮.৭৫%। মন্ত্রণালয়/বাস্তবায়নকারী সংস্থার পরবর্তী প্রকল্পের ক্ষেত্রে নির্ধারিত মেয়াদ ও প্রাক্কলনের মধ্যে বাস্তবায়নের জন্য দৃষ্টি আকর্ষণ করা হল;

২২.২। এ প্রকল্পে বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (বেবিচক) হতে উচ্চতার অনাপত্তি পত্র না নিয়ে ২০তলা ভবন নির্মাণের পরিকল্পনা করা হয়েছিল। পরবর্তীতে অনাপত্তি পত্রে উচ্চতা কমে যাওয়ায় ২০তলার স্থলে ১৫তলা এবং ১০৬৪টির স্থলে ৭৩৬টি ফ্ল্যাট নির্মাণের লক্ষ্যে ডিপিপি'র সংশোধন করা হয়। উচ্চতার অনাপত্তি পত্র ছাড়া ডিপিপি প্রণয়ন যথাযথ ছিলনা। বাস্তবায়নকারী সংস্থা ও মন্ত্রণালয়ের পরবর্তী প্রকল্পের ক্ষেত্রে প্রয়োজনীয় সকল অনাপত্তি পত্র সংযুক্ত করে ডিপিপি প্রণয়ন ও অনুমোদন করাতে হবে;

২২.৩। ২০১৭-১৮ ও ২০১৮-১৯ অর্থবছরের পূর্ত অডিটে মোট ৫টি আপত্তি ছিল, যাতে জড়িত টাকার পরিমাণ মোট ১৭৮,৮২,১৩,৯৯৬.০০ টাকা। এ আপত্তিগুলি দ্রুত নিস্পত্তি করে আইএমইডিতে প্রমাণক পাঠাতে হবে;

২২.৪। এ প্রকল্পের ডিপিপি অনুযায়ী ১৭৬.০০ লক্ষ টাকায় ২টি জিপ গাড়ী ও ৩টি মটরসাইকেল কেনার লক্ষ্যমাত্রা ছিল। কিন্তু পিসিআর এর অঙ্গভিত্তিক বাস্তবায়নে বলা হয়েছে একই পরিমাণ টাকায় ২টি জিপ গাড়ী কেনা হয়েছে। কোন মরটসাইকেল কেনার তথ্য দেয়া হয়নি। অন্যদিকে পিসিআর এর (খ) অংশের ৭নং অনুচ্ছেদে প্রদত্ত তথ্যানুযায়ী প্রকল্পে কোন গাড়ী কেনা হয়নি। পিসিআর মূল্যায়নের সময় জানানো হয়েছে ৫টি গাড়িই কেনা হয়েছে। গাড়ি ডিপার্টমেন্টে ব্যবহার করা হচ্ছে। এ সম্পর্কে তাৎক্ষণিকভাবে কোন বস্তুনিষ্ঠ তথ্য প্রমাণ দিতে পারেননি। গাড়ি ক্রয় করা সম্পর্কে বর্ণিত পরস্পর বিরোধী তথ্যের কারণে গাড়ি ক্রয় সম্পর্কে বিভ্রান্তি সৃষ্টি হয়েছে। এ বিভ্রান্তি নিরসনকল্পে পিসিআর এর (খ) অংশের ৭নং অনুচ্ছেদের ছক মোতাবেক পূর্ণাঙ্গ তথ্য ও প্রমাণক দ্রুত আইএমইডিতে প্রেরণ করতে হবে;

২২.৫। এ প্রকল্পে রিটেইনিং ওয়াল, মাস্টার ড্রেন, আরসিসি রোড, বাউন্ডারী ওয়ালের কাজ ডিপিপি'র লক্ষ্যমাত্রা অপেক্ষা অনেক বেশি পরিমাণে করা হয়েছে, কিন্তু ওয়াকওয়ে, গাইড ওয়াল, ভূগর্ভস্থ জলাধারের কাজ ডিপিপি'র লক্ষ্যমাত্রা থেকে অনেক কম করা হয়েছে। অন্যদিকে কম্পাউন্ড ড্রেন অঙ্গের কোন কাজ করা হয়নি। এ বিষয়ে মন্ত্রণালয় বা পরিকল্পনা কমিশনের অনুমোদন নেয়া হয়নি এবং ডিপিপিও সংশোধন করা হয়নি। এ সকল পরিবর্তন এবং অঙ্গ বাদ দেয়ার বিষয়গুলি পিসিআর এ প্রকাশ করা হয়নি। পিসিআর এ As per DPP বাস্তবায়ন দেখানো হয়েছে। এ সকল কার্যাবলী একই সাথে আর্থিক শৃঙ্খলা এবং প্রশাসনিক শৃঙ্খলার পরিপন্থী। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য মন্ত্রণালয়ের দৃষ্টি আকর্ষণ করা হলো;

২২.৬। উপর্যুক্ত সুপারিশ/মতামত অনুযায়ী প্রশাসনিক মন্ত্রণালয়/সংস্থা কর্তৃক গৃহীত ব্যবস্থা সম্পর্কে আগামী ২১ (একুশ) দিনের মধ্যে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ-কে অবহিত করতে হবে।

ঢাকাস্থ মিরপুর পাইকপাড়ায় সরকারি কর্মকর্তা-কর্মচারিদের জন্য ৬০৮টি (সংশোধিত ৪১৬টি) আবাসিক ফ্ল্যাট নির্মাণ শীর্ষক **প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন**

(সমাপ্ত: মার্চ, ২০২০)

১। প্রকল্পের নাম: "ঢাকাস্থ মিরপুর পাইকপাড়ায় সরকারি কর্মকর্তা-কর্মচারিদের জন্য ৬০৮টি (সংশোধিত ৪১৬টি) আবাসিক ফ্ল্যাট নির্মাণ"।

২। প্রকল্পের ধরন (বিনিয়োগ/কারিগরি সহায়তা/সমীক্ষা): বিনিয়োগ প্রকল্প।

৩। অর্থায়নের উৎস: জিওবি।

৩.১। উন্নয়ন সহযোগী: প্রযোজ্য নয়।

৪। উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ: গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।

৪.১। বাস্তবায়নকারী সংস্থা: গণপূর্ত অধিদপ্তর।

৫। (ক) প্রকল্প ব্যয়, বাস্তবায়নকাল ও অনুমোদন সংক্রান্ত: (লক্ষ টাকায়)

বিষয়	অনুমোদিত প্রাক্কলন				বাস্তবায়নকাল	অনুমোদনের তারিখ	পরিবর্তন (+/-)	
	মোট	জিওবি	প্র: সা:	অন্যান্য			ব্যয় (%)	মেয়াদ (%)
মূল	৪৫৮৬২.০০	৪৫৮৬২.০০	--	--	জুলাই, ২০১৫ থেকে জুন, ২০১৯	২২/১১/১৫		
১ম সংশোধিতি	৩৩৩৯৬.৫২	৩৩৩৯৬.৫২	--	--	জুলাই, ২০১৫-সেপ্টেম্বর, ২০১৯	২৬/০৬/১৯	১২৪৬৫.৪৮ বা (-২৭%)	৩ মাস বা ৬.২৫%
মেয়াদ বৃদ্ধি	৩৩৩৯৬.৫২	৩৩৩৯৬.৫২	--	--	জুলাই, ২০১৫ থেকে মার্চ, ২০২০	১৬/০১/২০২০		৬ মাস বা ১২.৫০%
প্রকৃত ব্যয়	৩২৫৩৫.৪০	৩২৫৩৫.৪০			জুলাই, ২০১৫ থেকে মার্চ, ২০২০			

(খ) মূল প্রাক্কলনের সাথে ক্রমপুঞ্জিত ব্যয় হ্রাসের হার: -২৭%।

(গ) মূল প্রাক্কলনের সাথে ক্রমপুঞ্জিত মেয়াদ বৃদ্ধির হার: ১৮.৭৫%।

৬। প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন: প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (PCR) অনুযায়ী প্রকল্পটির অঙ্গভিত্তিক বাস্তব ও আর্থিক অগ্রগতি নিম্নে দেয়া হল:

(লক্ষ টাকায়)

ক্রঃ নঃ	পিসিআর অনুযায়ী কাজের বিভিন্ন অঙ্গের নাম	একক	অনুমোদিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
A) Revenue Component						
১	Soil Investigation (8 Building)	LS	30.00	--	29.00	--
২	Quality Assurance, Materials Sample Collection and Testing	1 job	25.56	--	14.56	--
৩	Tender Document	1 job	16.00	--	16.00	--
৪	Architectural drawing	1 job	12.00	--	12.00	--
৫	Structural drawing	1 job	12.00	--	12.00	--

ক্রঃ নঃ	পিসিআর অনুযায়ী কাজের বিভিন্ন অঙ্গের নাম	একক	অনুমোদিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
৬	Electrical drawing	1 job	4.00	--	4.00	--
৭	Plumbing drawing	1 job	4.00	--	4.00	--
৮	Advertisement	1 job	8.00	--	8.00	--
৯	Stationeries for field office both civil & E/M, DOA & Project office	1 job	10.00	--	10.00	--
১০	Honorarium	1 job	4.00	--	2.52	--
১১	Foreign training at least 7 days 1 tour, total three tours 7 members (2 PWD civil (P&SP and Project Circle-1/ Project Division-2) 1 PWD E/M, 1 Planning Commission (concerned wing), 2 MOHPW, 1 DOA)	LS	150.00	--	138.70	--
১২	Mid-term evaluation of the project by formation a committee consisting members from concerned sector of Planning Commission, IMED, MOHPW and PWD.	1 job	5.00	--	0.00	--
	Sub-Total (Revenue Component**)**		**280.56**		**250.78**	
B) Capital Component						
১	Construction of buildings including internal sanitary & water supply, internal electrification, gas connection with connection charge, anti termite treatment and safety canopy.					
২	1 nos. buildings having 1250 sft flats	sqm.	3850.00	8884.84	3827.97	8884.84
৩	1 nos. Twin buildings having 1250 sft flats.	sq.m.	7800.00	17769.68	7510.61	17769.68
৪	1 nos. buildings having 1000 sft 6 units flats	sq.m.	3300.00	7243.92	3103.31	7243.92
৫	2 nos. Twin building having 1000 sft 4 units flats	sq.m.	13050.00	28975.68	12840.47	28975.68
৬	Underground reservoir	galon	105.00	300000.00		300000.00
৭	Deep tube well with pump house and pump motor including sewerage & water disposal and related water line installation (WASA part)	2 nos.	127.00	2.00	637.87	2.00
৮	External water supply (PWD Part)	LS	23.00	LS		LS
৯	R.C.C Road	sq.m.	166.99	3350.60		3350.60

ক্রঃ নঃ	পিসিআর অনুযায়ী কাজের বিভিন্ন অঙ্গের নাম	একক	অনুমোদিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
১০	Boundary wall and Gate	sq.m.	151.75	860.00		860.00
১১	Compound Drain	m.	76.26	382.00		382.00
১২	Sewerage System with STP	LS	240.00		234.05	
১৩	Community building	sq.m.	314.96	1236.00	311.19	1236.00
১৪	school Building	sqm	0.00	0.00	0.00	0.00
১৫	Land Development.	cum	0.00	0.00	0.00	0.00
১৬	Lake Development.	sq.m.	195.00	1380.00	118.62	1380.00
১৭	External Electrification for 10 nos. building.	10 nos. building	3636.00	LS.	3631.06	LS.
১৮	Furniture for PD Office	LS	6.00	LS.	6.00	LS.
১৯	Computers for field office both civil & Architect.	nos.	4.00	4.00	4.00	4.00
২০	Purchase of 1 nos. inspection car for DOA	nos.	40.00	1.00	30.99	1.00
২১	Arboriculture/ landscape/ playground development	LS	30.00	LS.	28.50	LS.
Sub-total (Capital Component**)**			**33115.96**		**32284.64**	
Sub-total (Revenue +Capital**)**			**33396.52**		**32535.42**	
C) Physical Contingency 2%			**0.00**		**0.00**	
D) Price Contingency 4%			**0.00**		**0.00**	
Grand Total (A+B+C+D)			**33396.52**	**--**	**32535.42**	

৭। কাজ অসমাপ্ত থাকলে তার কারণ: ডিপিপি'র লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রকল্পের সকল কাজ সম্পন্ন হয়েছে।

৮। মূল্যায়ন পদ্ধতিঃ প্রকল্পটির সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নে নিম্নোক্তবিষয়/পদ্ধতি অনুসরন করা হয়েছে:

প্রকল্পের ডিপিপি পর্যালোচনা;

- প্রকল্পের PCR পর্যালোচনা;
- কাজের বাস্তব অগ্রগতি যাচাই ও তথ্য সংগ্রহের জন্য সরেজমিন পরিদর্শন;
- প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা ও মতামত গ্রহণ;

৯। প্রকল্পের মূল উদ্দেশ্য:

- ❖ সরকারি কর্মকর্তাদের আবাসিক বাসস্থান নিশ্চিতকরণ;
- ❖ সরকারি অব্যবহৃত জমি ব্যবহারের মাধ্যমে সরকারের রাজস্ব আদায়ে ভূমিকা রাখা; এবং
- ❖ উন্নত ও স্বাস্থ্যসম্মত বাসস্থান নিশ্চিত করার মাধ্যমে সরকারি চাকুরিজীবীদের কাছ থেকে আরো উন্নত সেবা আদায় করা।

৯.১। **প্রকল্পের পটভূমি:** "ঢাকাস্থ মিরপুর পাইকপাড়ায় সরকারি কর্মকর্তা-কর্মচারিদের জন্য ৬০৮ টি (সংশোধিত-৪১৬টি) আবাসিক ফ্ল্যাট নির্মাণ (১ম সংশোধনী)"। প্রকল্পের জন্য ঢাকাস্থ মিরপুর পাইকপাড়ায় সরকারি কলোনির ৪.০০ একর খালি জমিতে বেজমেন্টসহ ১৫ তলা ৫টি ভবনে প্রতিটি ১০০০ বর্গফুট আয়তনের ২৬০টি ফ্ল্যাট নির্মাণ, বেজমেন্টসহ ১৫ তলা ৩টি ভবনে প্রতিটি ১২৫০ বর্গফুট আয়তনের ১৫৬টি ফ্ল্যাট নির্মাণ, ৩৩৫০.৬০ বর্গ মিটার অভ্যন্তরীণ রাস্তা নির্মাণ, ১৬টি লিফট ক্রয়, ৩৮২.০০ রানিং মিটার কম্পাউন্ড ড্রেন, ১২৩৬.০০ বর্গ মিটার কমিউনিটি স্পেস, সীমানা প্রাচীর ৮৬০ বর্গ মিটার, ৩,০০,০০০ গ্যালন ধারন ক্ষমতার ভূ-গর্ভস্থ জলাধার, স্যুয়ারেজ ট্রিটমেন্ট প্ল্যান্ট (STP) স্থাপন, বিদ্যুতায়ন, এবং ১টি যানবাহন ক্রয় ইত্যাদি সহ আনুসাঙ্গিক কাজ রয়েছে।

১০। **প্রকল্পের অনুমোদন প্রক্রিয়া:** আলোচ্য প্রকল্পটি ৪৫৮৬২.০০ লক্ষ টাকা প্রাক্কলনে জুলাই, ২০১৫ থেকে জুন, ২০১৯ মেয়াদে বাস্তবায়নের জন্য গত ২২/১১/২০১৫ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে প্রকল্পটি সংশোধনীর মাধ্যমে প্রাক্কলন ৩৩৩৯৬.৫২ লক্ষ টাকা নির্ধারণ করা হয় এবং বাস্তবায়ন মেয়াদ ৩ মাস বৃদ্ধি করা হয়, যার মাধ্যমে প্রাক্কলন হ্রাস পায় ১২৪৬৫.৪৮ লক্ষ টাকা বা -২৭% ও মেয়াদ বৃদ্ধি পায় ৩ (তিন) মাস বা ৬.২৫% যা গত ২৬/০৬/১৯ তারিখে মাননীয় গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়। নির্ধারিত মেয়াদে বাস্তবায়ন কাজ শেষ না হওয়ায় পুনরায় ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ আরো ৬(ছয়) মাস বা ১২.৫০% অর্থাৎ জুলাই, ২০১৫ থেকে সেপ্টেম্বর ২০১৯ এর পরিবর্তে জুলাই, ২০১৫ থেকে মার্চ- ২০২০ পর্যন্ত বৃদ্ধি করা হয় যা ১৬/০১/২০২০ তারিখে অনুমোদিত হয়।

১১। প্রকল্প এলাকা পরিদর্শন: প্রকল্পটি সমাপ্তির পর প্রকল্পের কার্যক্রম মূল্যায়নের নিমিত্ত বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের ৭ নং সেক্টরের পরিচালক জনাব মো: রফিকুল আলম গত ২৫/০৮/২০২০ তারিখে প্রকল্প এলাকাতে প্রকল্পের কার্যক্রম সরেজমিন পরিদর্শন করেন। পরিদর্শনকালে প্রকল্প পরিচালকসহ প্রকল্প সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন এবং প্রয়োজনীয় তথ্যাদি দিয়ে সহযোগিতা করেন। প্রকল্প সরেজমিন পরিদর্শন ও রেকর্ডপত্র যাচাই করে প্রতিবেদন প্রণয়ন করা হয়েছে।

১১.১। **নিম্নে পরিদর্শিত অংশের চিত্র দেয়া হলো:**

<table>
<tr><td></td><td></td></tr>
<tr><td>সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনার দৃশ্য</td><td>প্রকল্পের মাধ্যমে নির্মিত ভবনের দৃশ্য</td></tr>
<tr><td></td><td></td></tr>
<tr><td>প্রকল্পের মাধ্যমে নির্মিতস্থানের দৃশ্য</td><td>সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে পরিদর্শনের দৃশ্য</td></tr>
</table>

১২। প্রকল্প বাস্তবায়নে মনিটরিং কার্যক্রম:

পরিদর্শনের সময় দেখা যায়, সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও সংস্থা এবং আইএমইডি'র কর্মকর্তাবৃন্দ প্রকল্প বাস্তবায়নকালে বিভিন্ন সময়ে প্রকল্পের কার্যক্রম পরিদর্শন করেছেন। এদের মধ্যে প্রধান প্রকৌশলী মোহাম্মদ রফিকুল ইসলাম, প্রধান প্রকৌশলী মোঃ খোরশেদ আলম, প্রধান প্রকৌশলী মোঃ আশরাফুল আলম উল্লেখযোগ্য। এ প্রকল্পটি আইএমইডি'র কর্মকর্তা সহকারী পরিচালক প্রকৌশলী মোহাম্মদ তানভীর আক্কাস এবং মোঃ রফিকুল আলম, পরিচালক কর্তৃক ১৬/০৪/২০১৭ ও ১১/১২/২০১৯ তারিখে পরিদর্শন করেছেন। পরিদর্শন প্রতিবেদনের সুপারিশগুলো বাস্তবায়িত হয়েছে দেখা যায়।

১৩। **প্রকল্পের জনবল নিয়োগ:** এ প্রকল্পের প্রকল্প পরিচালকসহ অন্যান্য জনবল গণপূর্ত অধিদপ্তরের নিজস্ব জনবল যারা এ প্রকল্পে অতিরিক্ত দায়িত্ব পালন করেছেন। এ কারণে এ প্রকল্পে কোন জনবল নিয়োগ করার প্রয়োজন হয়নি।

১৪। **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:**

ক্রঃ নং	কর্মকর্তার নাম	পদবি	পূর্ণকালীন/খন্ডকালীন	সময়কাল
১।	মোঃ সামসুদ্দোহা	তত্ত্বাবধায়ক প্রকৌশলী সাভার গণপূর্ত সার্কেল, ঢাকা	অতিরিক্ত দায়িত্ব	০২/০৭/২০১৫ হতে ২৩/০৪/২০১৭ ইং পর্যন্ত
২।	মোঃ মিজানুর রহমান	তত্ত্বাবধায়ক প্রকৌশলী সাভার গণপূর্ত সার্কেল, ঢাকা	অতিরিক্ত দায়িত্ব	২৩/০৪/২০১৭ হতে ১৩/০৭/২০১৭ ইং পর্যন্ত
৩।	মোঃ নজিবর রহমান	তত্ত্বাবধায়ক প্রকৌশলী সাভার গণপূর্ত সার্কেল, ঢাকা	অতিরিক্ত দায়িত্ব	১৩/০৭/২০১৭ ইং হতে ১৬/০৮/২০১৮ ইং পর্যন্ত
৪।	ড. গিয়াস উদ্দিন	তত্ত্বাবধায়ক প্রকৌশলী সাভার গণপূর্ত সার্কেল, ঢাকা	অতিরিক্ত দায়িত্ব	১৩/০৮/২০১৮ ইং হতে ২০/০৮/২০১৮ ইং পর্যন্ত
৫।	শঙ্কর কুমার মালো	তত্ত্বাবধায়ক প্রকৌশলী সাভার গণপূর্ত সার্কেল, ঢাকা	অতিরিক্ত দায়িত্ব	২০/০৮/২০১৮ ইং হতে সমাপ্ত পর্যন্ত

১৫| প্রকল্পের ক্রয় কার্যক্রম:

প্রকল্প অফিসে সংরক্ষিত প্রকল্পের ক্রয় সংক্রান্ত দলিলপত্র পর্যালোচনা করা হয়। ক্রয় সম্পর্কিত তথ্য নিম্নরুপ:

ক. ডিপিপি/টিএপিপিতে মোট প্যাকেজ সংখ্যা: ২৪ টি।

খ. পণ্য, কার্য ও সেবা ক্রয় সংক্রান্ত তথ্য:

ক্রঃ নং	কাজের নাম	চুক্তি মূল্য (লক্ষ টাকায়)	টেন্ডার বিজ্ঞপ্তির তারিখ	কার্যাদেশের তারিখ	কাজ সমাপ্তির তারিখ	সমাপ্তির তারিখ	চুক্তির মেয়াদ বৃদ্ধির সংখ্যা/সময়	মন্তব্য
1	WD-3	3843.45	06/11/15	16/11/16	10/06/2019	29/02/2020	1NO 11/6/19 to 29/02/2020	
2	WD-4	7549.22	25/08/15	15/12/16	30/06/2019	29/02/2020	1 NO 16/6/19 to	

							29/02/2020	
3	WD-5	6484.77	23/08/15	15/12/16	09/07/2019	29/02/2020	1 NO 16/6/19 to 29/02/2020	
4	WD-6	6439.62	25/08/15	15/06/16	26/12/2018	30/01/2020	1 NO 27/12/18 to 30/01/2020	
5	WD-7	3149.79	23/08/15	26/04/16	09/11/2018	29/02/2020	1 NO 10/11/18 to 29/02/2020	
6	WD-8,	649.98	21/10/18	22/11/18	11/03/2019	29/02/2020	1 NO 12/03/19 to 29/02/2020	
7	WD-9,	238.52	20/11/18	13/01/19	27/04/2019	31/01/2020	1 NO 29/4/19 to 31/01/2020	
8	WD-10,	313.95	04/03/18	25/04/18	17/02/2019	29/02/2020	1 NO 15/1/19 to 29/02/2020	
9	WD-12,	28.50	18/04/19	12/05/19	11/06/19	11/06/19	-	
10	WD-13,	480.5	11/6/2018	9/8/2018	30/11/18	28/11/18	-	
11	WD-15,	1354.1	4/6/2018	16/07/18	07/11/18	04/11/18	-	
12	WD-16,	144.49	24/05/18	13/08/18	16/12/18	10/12/18	-	
13	WD-17,	143.31	31/07/18	5/9/2018	18/11/18	14/11/18	-	
14	WD-18,	481.26	6/5/2018	8/7/2018	11/11/18	05/11/18	-	
15	WD-19,	91.64	10/9/2018	23/10/18	29/01/19	26/01/19	-	
16	WD-20,	30.65	18/07/18	28/8/18	23/11/18	20/11/18	-	
17		60.13	13/02/19	14/03/19	28/07/19	24/06/19	-	
18		120.72	12/5/2018	11/7/18	12/10/18	02/10/18	-	
19	WD-21,	10.44	30/01/19	24/03/19	03/07/19	18/06/19	-	
20	WD-22,	167.13	12/6/2018	15/07/18	13/11/18	06/11/18	-	
21	WD-23,	29.3	18/07/18	12/9/18	08/12/18	02/12/18	-	
22		54.01	13/07/18	3/9/2018	12/11/18	08/11/18	-	
23	WD-24,	119.08	20/09/18	11/04/19	28/07/2019	28/07/2019	-	

১৬। **<u>প্রকল্পের উদ্দেশ্য অর্জন:</u>**

পরিকল্পনা	অর্জন	পরিদর্শনের আলোকে
(ক) সরকারি কর্মকর্তাদের আবাসিক বাসস্থান নিশ্চিতকরণ;	(ক) বেজমেন্টসহ ১৫ তলা ৫টি ভবনে প্রতিটি ১০০০ বর্গফুট আয়তনের ২৬০টি ফ্ল্যাট এবং বেজমেন্টসহ ১৫ তলা ৩টি ভবনে প্রতিটি ১২৫০ বর্গফুট আয়তনের ১৫৬টি ফ্ল্যাটসহ মোট ৪১৬টি ফ্ল্যাট নির্মিত হয়েছে।	(ক) সরেজমিন পরিদর্শনে দেখা যায়, সরকারি কর্মকর্তাদের আবাসিক বাসস্থান নিশ্চিতকরণের জন্য বেজমেন্টসহ ১৫ তলা ৫টি ভবনে প্রতিটি ১০০০ বর্গফুট আয়তনের ২৬০টি ফ্ল্যাট এবং বেজমেন্টসহ ১৫ তলা ৩টি ভবনে প্রতিটি ১২৫০ বর্গফুট আয়তনের ১৫৬টি ফ্ল্যাটসহ মোট ৪১৬ টি ফ্ল্যাট নির্মাণ করা হয়েছে।
(খ) সরকারি অব্যবহৃত জমি ব্যবহারের মাধ্যমে সরকারের রাজস্ব আদায়ে ভূমিকা রাখা;	(খ) আবাসিক চাহিদা পূরণে সর্বোচ্চ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ।	(খ) সরেজমিন পরিদর্শনে দেখা যায়, এ প্রকল্পের মাধ্যমে ১৫ তলা বিশিষ্ট ৮ টি ভবনে ৪১৬টি ফ্ল্যাট নির্মাণ করা হয়েছে যার মাধ্যমে ৪১৬ জন সরকারি কর্মকর্তাদের আবাসিক চাহিদা পূরণ হওয়ায় সরকারের রাজস্ব আদায় বৃদ্ধি পাবে।
(গ) উন্নত ও স্বাস্থ্যসম্মত বাসস্থান নিশ্চিত করার মাধ্যমে সরকারি চাকুরিজীবীদের কাছ থেকে আরো উন্নত সেবা আদায় করা।	(গ) উন্নত ও স্বাস্থ্যসম্মত বাসস্থান নিশ্চিত করা হয়েছে।	(গ) সরেজমিন পরিদর্শনে দেখা যায়, প্রকল্পটি বাস্তবায়নের ফলে ঢাকা মহানগরীর সরকারি কর্মকর্তা-কর্মচারিদের নবনির্মিত ভবনে আবাসনের ব্যবস্থা করা হয়েছে। আবাসিক এলাকায় সবুজায়ন, খেলার মাঠ, শিশুদের খেলার পার্ক, একটি ছোট লেক, ১টি মাল্টিপার্পাস হল(কমিউনিটি সেন্টার, ইলেক্ট্রিক সাবস্টেশন ও অভিযোগ কেন্দ্র) ইত্যাদি রয়েছে। নিরাপত্তার জন্য চার পার্শ্বে বাউন্ডারী দেয়াল এবং মেইন গেটে নিরাপত্তা প্রহরী নিযুক্ত রয়েছে। সব মিলিয়ে আবাসিক এলাকাটি চমৎকার এবং স্বাস্থ্যসম্মত হয়েছে।

১৭। **উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে তার কারণ:** প্রকল্পটির উদ্দেশ্য অর্জিত হয়েছে বলে পরিদর্শনে প্রতীয়মান হয়েছে।

১৭.১। **অডিট নিষ্পত্তি সংক্রান্ত**: পিসিআর হতে দেখা যায়, ২০১৯-২০ অর্থবছরে অভ্যন্তরীণ নিরীক্ষা দপ্তর কর্তৃক উক্ত প্রকল্পের বিপরীতে ১টি অডিট আপত্তি উত্থাপিত হয়েছে এবং অডিট আপত্তির জবাব প্রদান করা হয়েছে। এখনো নিষ্পত্তির বিষয়ে কোন দ্বিপক্ষীয় বা তৃপক্ষীয় কোন সভা হয়নি এবং আপত্তিটি নিষ্পত্তিও হয়নি। আপত্তিটি নিষ্পত্তির জন্য কার্যক্রম অব্যাহত রয়েছে।

২০১৮-১৯ সালে অভ্যন্তরীণ নিরীক্ষা দপ্তর কর্তৃক উক্ত প্রকল্পের বিপরীতে ১টি অডিট আপত্তি উত্থাপিত হয়েছে। আপত্তির শিরোনাম: Water Profing Membrance on wall আইটেমের সাথে Lapping এর দর সংযুক্ত থাকার পরও আলাদাভাবে পরিমাপ প্রদর্শন করে ঠিকাদারকে ১৫০০৬২/- টাকা পরিশোধ দেখিয়ে আর্থিক ক্ষতি সাধন। অডিট আপত্তি নিস্পত্তির জন্য জবাব প্রদান করা হয়েছে। গত ০৯/১১/২০২০ তারিখে দ্বিপক্ষীয় সভা অনুষ্ঠিত হয়েছে এবং উক্ত সভায় আপত্তিটি নিষ্পত্তি হয়েছে (কপি সংযুক্ত)।

২০১৭-১৮ অর্থবৎসরে অভ্যন্তরীণ নিরীক্ষা পরিদপ্তর কর্তৃক উক্ত প্রকল্পের ২টি অডিট আপত্তি উত্থাপিত হয়েছে। আপত্তির শিরোনাম: ডিপিপিতে অনুমোদিত অঙ্গভিত্তিক মূল্য অপেক্ষা অতিরিক্ত মূল্যে চুক্তি সম্পাদন, কার্যাদেশ ও কার্যমূল্য পরিশোধে সরকারি আর্থিক ক্ষতি ৩,৩৫,৯০,৭৮০/- টাকা। ২য় আপত্তির শিরোনাম: ২০১৭-১৮ সালে সংশোধিত বাজেট অতিরিক্ত ১৯,৯৯,৪৮,১০০/- টাকা ব্যয় এবং রাজস্ব খাত হতে ১,০১,০০,০০০/- টাকা পুনঃ উপযোজনের মাধ্যমে মূলধন খাতে স্থানান্তর। গণপূর্ত অধিদপ্তর কর্তৃক অডিট আপত্তি নিস্পত্তির জন্য জবাব প্রদান করা হয়েছে। গত ০৯/১১/২০২০ তারিখে দ্বিপক্ষীয় সভা অনুষ্ঠিত হয়েছে এবং উক্ত সভায় আপত্তিটি নিষ্পত্তি হয়েছে বলে প্রকল্প পরিচালক জানান। কিন্তু আপত্তিটি নিষ্পত্তির কোন প্রমাণক পাওয়া যায়নি। এ বিষয়ে প্রকল্প পরিচালক জানান, সভার কার্যবিবরণী এখনো জারি হয়নি এবং তা পাওয়ার জন্য নিয়মিত যোগাযোগ রাখা হচ্ছে।

১৮। **বাস্তবায়ন পর্যবেক্ষণ:**

১৮.১। **Time & cost over run**: প্রকল্পটির মূল ডিপিপি ৪৫৮৬২.০০ লক্ষ টাকা প্রাক্কলনে জুলাই ২০১৫ হতে জুন, ২০১৯ মেয়াদে গত ২২/১১/২০১৫ তারিখে অনুমোদিত হয়েছিল। ১ম সংশোধনীতে প্রাক্কলন ৩৩৩৯৬.৫২ লক্ষ টাকা নির্ধারণ করে জুলাই, ২০১৫ হতে সেপ্টেম্বর ২০১৯ মেয়াদে অনুমোদিত হয়। অর্থাৎ প্রকল্পটির সময় বৃদ্ধি পায় ৩ (তিন) মাস বা ৬.২৫% এবং প্রাক্কলন হ্রাস পায় ১২৪৬৫.৪৮ লক্ষ টাকা বা -২৭%। নির্ধারিত সময়ে কাজ শেষ না হওয়ায় পরবর্তীতে আরো ০৬ (ছয়) মাস মেয়াদ বৃদ্ধি করে জুলাই, ২০১৫ থেকে মার্চ- ২০২০ নির্ধারণ করা হয় । এ প্রকল্পের ২ বারে সময় বৃদ্ধি পেয়েছে ৯ (নয়) মাস বা ১৮.৭৫% এবং প্রাক্কলন হ্রাস পেয়েছে ১২৪৬৫.৪৮ লক্ষ টাকা বা ২৭%।

১৮.২। **প্রকল্প বাস্তবায়ন অবস্থা**: প্রকল্পের মোট ২৮টি অঙ্গ ছিল, পিসিআর দৃষ্টে দেখা যায়, প্রতিটি অঙ্গের বিপরীতে সংস্থানকৃত অর্থের মধ্যে ব্যয় হয়েছে। কোন অঙ্গের ব্যয় আরডিপিপি সংস্থানের চেয়ে বেশি হয়নি। ডিপিপি/আরডিপিপিতে প্রকল্পের বিভিন্ন অঙ্গের জন্য সংস্থান ছিল ৩৩৩১৬.৫২ লক্ষ টাকা, ব্যয় হয়েছে ৩২৫৩৫.৪২ লক্ষ টাকা বা ৯৭.৬৫%। প্রকল্প পরিচালক জানান, অব্যয়িত অর্থ সংস্থা হতে ছাড় হয়নি, এ কারণে সরকারি কোষাগারে জমা করার প্রয়োজন হয়নি।

১৮.৩। **প্রকল্পের ভৌত কাজ সংক্রান্ত**: ডিপিপিতে ২০ তলা ভবন নির্মাণ ছিল।আরডিপিপিতে ১৫ তলা ভবন নির্ধারণ করা হয়, কারণ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (বেবিচক) হতে ১৫০ ফিট উচ্চতার অনাপত্তি পত্র দেওয়া হয়েছিল যা ১৫ তলা ভবনের সমান। প্রকল্পের মাধ্যমে বেজমেন্টসহ ১৫ তলা বিশিষ্ট ৮টি ভবন নির্মাণ করা হয়েছে। এর মধ্যে ৫টি ভবনে প্রতিটি ১০০০ বর্গফুট আয়তনের ২৬০টি ফ্ল্যাট এবং ৩টি ভবনে প্রতিটি ১২৫০ বর্গফুট আয়তনের ১৫৬টি ফ্ল্যাটসহ মোট ৪১৬টি ফ্ল্যাট নির্মিত হয়েছে। এছাড়া ৩৩৫০.৬০ বর্গ মিটার অভ্যন্তরীণ রাস্তা, ১৬টি লিফট স্থাপন, ৩৮২.০০ রানিং মিটার কমপাউন্ড ড্রেন, ১২৩৬.০০ বর্গ মিটার কমিউনিটি স্পেস, সীমানা প্রাচীর ও গেট-৮৬০ বর্গ মিটার, ৩,০০,০০০ গ্যালন ধারন ক্ষমতার ভূ-গর্ভস্থ জলাধার, স্যুয়েরেজ ট্রিটমেন্ট প্ল্যান্ট (STP) স্থাপন, বিদ্যুতায়ন, ১টি দৃষ্টিনন্দন ছোট লেক ইত্যাদি সহ আনুসাঙ্গিক ভৌত কাজ রয়েছে।

১৮.৪। **প্রকল্পের নির্মাণকাজের গুণগত মান:** প্রকল্পের নির্মিত ভবন সরেজমিন পরিদর্শন করে ভবন নির্মাণকালীন ব্যবহৃত নির্মাণ সামগ্রীর গুনগতমান যাচাই এর জন্য বিভিন্ন টেস্ট রিপোর্ট পর্যবেক্ষণ করা হয়। প্রকল্প পরিচালক জানান, নির্মাণ সামগ্রী বুয়েটের ল্যাবরেটরিতে টেস্ট করে নির্মাণ কাজে ব্যবহার করা হয়েছে। টেস্ট রিপোর্টসমূহ পরিদর্শনকালে প্রদর্শন করা হয়েছে। ইলেক্ট্রোমেকানিক্যাল সরঞ্জাম, ইলেক্ট্রিক্যাল ফিটিংস, সেনেটারি ফিটিংস, ম্যানুফেকচারাল গাইডলাইন এবং দরপত্রের স্পেসিফিকেশন অনুযায়ী ব্যবহার করা হয়েছে। দরপত্রে উল্লেখিত বিভিন্ন ফিটিংসের সাথে নির্মিত ভবনের ব্যবহৃত বিভিন্ন ইলেক্ট্রিক্যাল ফিটিংস, সেনেটারি ফিটিংস, ইলেক্ট্রোমেকানিক্যাল সরঞ্জাম, ম্যানুফেকচারাল গাইডলাইন, এবং লিফট র‍্যান্ডম ব্যাসিসে যাচাই করে সঠিক পাওয়া যায়। টেস্ট রিপোর্ট হতে দেখা যায়, নির্মাণ কাজের ব্যবহৃত বিভিন্ন পণ্য (ইট, বালি, সিমেন্ট, রড, কংক্রিট) ব্যবহার করার পূর্বে টেস্ট করা হয়েছে এবং টেস্টের ফলাফল সিডিউল অনুযায়ী আছে।

১৮.৫। **প্রকল্পের উদ্দেশ্য অর্জন**: এ প্রকল্পের মাধ্যমে সরকারি কর্মকর্তাদের আবাসিক বাসস্থান নিশ্চিতকরণ; সরকারি অব্যবহৃত জমি ব্যবহারের মাধ্যমে সরকারের রাজস্ব আদায়ে ভূমিকা রাখা; এবং উন্নত ও স্বাস্থ্যসম্মত বাসস্থান নিশ্চিত করার মাধ্যমে সরকারি চাকুরিজীবীদের কাছ থেকে আরো উন্নত সেবা আদায় করা এই ০৩ টি উদ্দেশ্য ছিল । উদ্দেশ্য বাস্তবায়নের জন্য প্রকল্পের মাধ্যমে সরকারি অব্যবহৃত ৪.০০ একর ভূমিতে সরকারি কর্মকর্তা-কর্মচারিদের জন্য বেজমেন্টসহ ১৫ তলা বিশিষ্ট ৮টি ভবন নির্মাণ করা হয়েছে। এ প্রকল্পের মাধ্যমে ১৫ তলা বিশিষ্ট ৮ টি ভবনে ৪১৬টি ফ্ল্যাট নির্মাণ করা হয়েছে যার মাধ্যমে ৪১৬ টি সরকারি কর্মকর্তাদের আবাসিক চাহিদা পূরণ হওয়ায় সরকারের রাজস্ব আদায় বৃদ্ধি পাবে। প্রকল্পটির বাস্তবায়নের ফলে ঢাকা মহানগরীর সরকারি কর্মকর্তা-কর্মচারিদের নবনির্মিত ভবনে উন্নত ও স্বাস্থ্যসম্মত বাসস্থান নিশ্চিত করা হয়েছে । এর ফলে সরকারি চাকুরিজিবিদের কাছ থেকে আরো উন্নত সেবা আদায় করা সম্ভব হবে।

১৮.৬। **ঘন ঘন প্রকল্প পরিচালক পরিবর্তন এবং একাধিক প্রকল্পের অতিরিক্ত দায়িত্ব পালন:** এ প্রকল্প বাস্তবায়নকালীন ৫ জন প্রকল্প পরিচালক দায়িত্ব পালন করেছেন, প্রত্যেকেই অতিরিক্ত হিসেবে দায়িত্ব পালন করেছেন। এছাড়া PIU এর সকলে PWD'র রাজস্ব খাতের জনবল এবং তারা অতিরিক্ত দায়িত্ব পালন করেছেন। পরিকল্পনা বিভাগ হতে জারিকৃত "সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন পদ্ধতি" বিষয়ক পরিপত্র অনুসারে ৫০ কোটি টাকার উর্ধ্বে প্রকল্পের ক্ষেত্রে নিয়মিত প্রকল্প পরিচালক নিয়োগ দিতে হয়। এ প্রকল্পটির প্রাক্কলন ছিল ৩৩৩৯৬.৫২ লক্ষ টাকা বা ৫০ কোটি টাকার উর্ধ্বে, কিন্তু পরিপত্র অনুযায়ী নিয়মিত প্রকল্প পরিচালক নিয়োগ দেয়া

হয়নি। উপরন্ত তারা দাপ্তরিক দায়িত্বসহ একাধিক প্রকল্পের অতিরিক্ত দায়িত্বে ছিলেন। নিয়মিত প্রকল্প পরিচালক পদায়ন না করায় পরিপত্রের বিধান লংঘিত হয়েছে বলে প্রতীয়মান হয়।

১৮.৭। **প্রকল্পের ক্রয়কার্যক্রম পর্যালোচনা:** প্রকল্পের ডিপিপি/আরডিপিপি পর্যালোচনায় দেখা যায়, পণ্য, কার্য এবং সেবার জন্য ২৪টি প্যাকেজ ছিল। ২৪টি প্যাকেজের মধ্যে ২৩টি প্যাকেজের দরপত্র আহ্বান করে কার্যক্রম সমাপ্ত হয়েছে। আরডিপিপিতে WD-11 স্কুল ভবন নির্মাণ বাতিল করা হয়। এই প্রকল্পের ক্ষেত্রে প্যাকেজগুলোর দরপত্র আহ্বান কার্যক্রম ডিপিপি/আরডিপিপি'র সিডিউল অনুযায়ী করা হয়নি এবং চুক্তি মেয়াদের মধ্যে কাজ শেষ হয়নি, একবার ৯ মাস করে মেয়াদ বৃদ্ধি করা হয়েছে। প্রকল্প পরিচালক জানান, প্রকল্প স্থানের পুরাতন ভবন অপসারণ করে ঠিকাদারী প্রতিষ্ঠানকে সাইট বুঝিয়ে দিতে বিলম্বের কারণে চুক্তির মেয়াদ বৃদ্ধি করতে হয়েছে।

১৮.৮। অডিট আপত্তি ও নিষ্পত্তি সংক্রান্ত: এ প্রকল্পে ২০১৭-১৮, ২০১৮-২০১৯ ও ২০১৯-২০২০ অর্থবছরে অভ্যন্তরীণ নিরীক্ষা পরিদপ্তর কর্তৃক ৪টি অডিট হয়েছে এবং ৩টি আপত্তি রয়েছে। ২০১৭-১৮ অর্থবছরে উত্থাপিত আপত্তির শিরোনাম: ডিপিপিতে অনুমোদিত অঙ্গভিত্তিক মূল্য অপেক্ষা অতিরিক্ত মূল্যে চুক্তি সম্পাদন, কার্যাদেশ ও কার্যমূল্য পরিশোধে সরকারি আর্থিক ক্ষতি ৩,৩৫,৯০,৭৮০/- টাকা। ২য় আপত্তির শিরোনাম ২০১৭-১৮ সালে সংশোধিত বাজেট অতিরিক্ত ১৯,৯৯,৪৮,১০০/- টাকা ব্যয় এবং রাজস্ব খাত হতে ১,০১,০০,০০০/- টাকা পুনঃ উপযোজনের মাধ্যমে মূলধন খাতে স্থানান্তর। গণপূর্ত অধিদপ্তর কর্তৃক অডিট আপত্তি নিস্পত্তির জন্য জবাব প্রদান করা হয়েছে। ২০১৮-১৯ অর্থবছরে উত্থাপিত অডিটের সাথে আপত্তিকৃত টাকার পরিমান, ১৫০০৬২/- টাকা। আপত্তিটির নিস্পত্তির জন্য জবাব প্রদান করা হয়নি। আপত্তিটি দ্রুত নিস্পত্তি করার জন্য জবাব প্রেরণ করা প্রয়োজন।

১৮.৯। **সুবিধাভোগীর মতামত:** পরিদর্শনের সময় নির্মিত ভবনে বসবাসকারী ১০-১২ জনের সাথে মতবিনিময় হয়। তাদের সাথে মতবিনিময়ের সময় কিছু সমস্যা পাওয়া যায়, যেমন: ৫২টি ফ্ল্যাট সম্বলিত প্রতিটি ভবনে ১২৫০ কেজি ধারণ ক্ষমতা সম্পন্ন ২টি লিফট দেওয়া হয়েছে, যা প্রয়োজনের তুলনায় কম। ১ নং ভবনের ২টি লিফট প্রায়ই হ্যাং হয়ে যায়। গেট ও ভবনের প্রধান দরজার নিচে ফাঁকা থাকায় আবাসিক এলাকা ও ভবনের নিচ তলায় কুকুর প্রবেশ করে। মাঠের মধ্যে এখনো নির্মাণ সামগ্রীর অনেক ভাঙ্গা-চুরা অংশ রয়েছে। ১ নং ভবনের নির্ধারিত জায়গায় আরবরিকালচার হতে এখনো গাছ লাগানো হয়নি। অফিস ও গেটের বাথরুমের ফ্লাশ কাজ করেনা। এ সকল বিষয়ে উপস্থিত নির্বাহী প্রকৌশলী (ই এম), প্রকল্প পরিচালকসহ প্রকল্প সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ হতে জানা যায়, ০১ নং ভবনের লিফটটি বিদ্যুৎ বিভ্রাটের কারণে সাময়িক হ্যাং হয়েছিল, পরবর্তীতে তা ঠিক করা হয়েছে। প্রধান গেইট এবং প্রতিটি ভবনের গেটের ডিজাইনের কারণে নিচ দিয়ে কুকুর ঢুকতে পারে। নিরাপত্তা প্রহরীরা অফিস ও গেটের বাথরুম যত্রতত্র ব্যবহারের কারণে ফ্লাশ অকেজো হয়েছিল, পরবর্তীতে ঠিক করা হয়েছে এবং উক্ত বাথরুম ব্যবহার না করতে নিরাপত্তা প্রহরীদের বলা হয়েছে। আরবরিকালচারের কাজ শেষে খেলার মাঠ পরিষ্কার করা হবে। আরবরিকালচারের লোকজন বলেন বৃক্ষরোপণ চলমান রয়েছে কয়েকদিনের মধ্যে শেষ হবে। প্রকল্প এলাকার কয়েকটি ফাঁকা জায়গায় আরবরিকালচার হতে লাগানো গাছের মধ্যে সবজি চাষ করা হচ্ছে। সবজি চাষের কারণে রোপনকৃত সৌন্দর্যবর্ধক বিভিন্ন প্রজাতির গাছের ক্ষতি হচ্ছে।

১৮.১০। প্রকল্পের ক্রয়কৃত যানবাহন: এ প্রকল্পের ডিপিপিতে একটি কারগাড়ী ক্রয়ের সংস্থান ছিল, যা ক্রয় করা হয়েছিল। যানবাহনটি প্রকল্প শেষে এখনো হস্তান্তর করা হয়নি। প্রকল্প শেষে ক্রয়কৃত যানবাহন পরিবহনপুলে জমা করার বিধান রয়েছে। যানবাহনটি পরিবহনপুলে জমা করা প্রয়োজন।

১৯। **মতামত/সুপারিশ** :

১৯.১। প্রকল্পটি নির্ধারিত মেয়াদে শেষ হয়নি, মেয়াদ বৃদ্ধি পেয়েছে ৯ মাস বা ১৮.৭৫%। মন্ত্রণালয়/বাস্তবায়নকারী সংস্থার পরবর্তী প্রকল্পের ক্ষেত্রে নির্ধারিত মেয়াদ ও প্রাক্কলনের মধ্যে বাস্তবায়নের জন্য দৃষ্টি আকর্ষণ করা হল।

১৯.২। এ প্রকল্পের ক্রয়কার্যক্রমে ডিপিপি'র সিডিউল অনুসরণ করা হয়নি এবং ঠিকাদার প্রতিষ্ঠানের চুক্তির মেয়াদের মধ্যে কাজ সম্পন্ন হয়নি। মন্ত্রণালয় ও বাস্তবায়নকারী সংস্থার চলমান প্রকল্পের ক্রয়কার্যক্রমে যথাসম্ভব ডিপিপি'র সিডিউল অনুসরণ করতে হবে এবং চুক্তি মেয়াদের মধ্যে কাজ সম্পন্ন করতে হবে।

১৯.৩। এ প্রকল্পে ৫ জন প্রকল্প পরিচালক দায়িত্ব পালন করেছেন, তারা দাপ্তরিক দায়িত্বসহ একাধিক প্রকল্পের অতিরিক্ত দায়িত্বে ছিলেন। এ ছাড়া এ প্রকল্পের সকল জনবল PWD'র রাজস্ব খাতের এবং তারা অতিরিক্ত দায়িত্ব পালন

করেছেন। মন্ত্রণালয় ও বাস্তবায়নকারী সংস্থার পরবর্তী প্রকল্পের ক্ষেত্রে পরিকল্পনা বিভাগের পরিপত্রের বিধান অনুসরণ করে প্রকল্প পরিচালকসহ অন্যান্য জনবল নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

১৯.৪। ০১ নং ভবনের লিফটসহ সকল ভবনের লিফট নিয়মিত সার্ভিসিং করতে হবে। আবাসিক এলাকা ও ভবনে কুকুর প্রবেশ বন্ধ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। খেলার মাঠ দ্রুত পরিষ্কার করতে হবে। প্রকল্প এলাকার সৌন্দর্যবর্ধক গাছের মধ্যে সবজি চাষ বন্ধ করতে হবে।

১৯.৫। ২০১৭-১৮ ও ২০১৮-১৯ এই দুই অর্থবছরে অভ্যন্তরীণ নিরীক্ষা পরিদপ্তর কর্তৃক ৩টি আপত্তি উত্থাপিত হয়েছে এবং এর সাথে ২৪,৩৭,৮৮,৯৪২/-টাকা সম্পৃক্ততা রয়েছে। অডিট আপত্তিগুলো দ্রুত নিষ্পত্তি করতে হবে।

১৯.৬। এ প্রকল্পের আওতায় একটি কার ক্রয় করা হয়েছিল, যা এখনো পরিবহণপুলে জমা দেওয়া হয়নি। যানবাহনটি দ্রুত পরিবহণপুলে জমা দেওয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

১৯.৭। উপর্যুক্ত সুপারিশ/মতামত অনুযায়ী প্রশাসনিক মন্ত্রণালয়/সংস্থা কর্তৃক গৃহীত ব্যবস্থা সম্পর্কে আগামী ০১ (এক) মাসের মধ্যে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ-কে অবহিত করতে হবে।

বারনই আবাসিক এলাকা উন্নয়ন (২য় সংশোধিত) শীর্ষক **প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন**

(সমাপ্ত: জুন, ২০২০)

১। প্রকল্পের নাম: বারনই আবাসিক এলাকা উন্নয়ন (২য় সংশোধিত)।

২। প্রকল্পের ধরন (বিনিয়োগ/কারিগরি সহায়তা/সমীক্ষা): বিনিয়োগ।

৩। অর্থায়নের উৎস: (জিওবি ও প্রকল্প সাহায্য/জেডিসিএফ/স্ব-অর্থায়ন/অন্যান্য): স্ব-অর্থায়ন।

৩.১। উন্নয়ন সহযোগী: প্রযোজ্য নহে।

৪। উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ: গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।

৪.১। বাস্তবায়নকারী সংস্থা: রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ।

৫। (ক) প্রকল্প ব্যয়, বাস্তবায়নকাল ও অনুমোদন সংক্রান্ত:

(লক্ষ টাকায়)

বিষয়	অনুমোদিত প্রাক্কলন		বাস্তবায়নকাল	অনুমোদনের তারিখ	পরিবর্তন (+/-)	
	মোট	স্ব-অর্থায়ন			ব্যয় (%)	মেয়াদ (%)
মূল	৪৩৭২.৫৪	৪৩৭২.৫৪	ডিসেম্বর, ২০১০-জুন, ২০১৪	২০/১২/২০১২	২৯৩৮.৬৪ বা (৬৭.২০)	৬ বছর বা (১৭১.৪২%
১ম সংশোধিত	৬৯৫৫.৫৭	৬৯৫৫.৫৭	ডিসেম্বর, ২০১০-ডিসেম্বর, ২০১৭	২৫/১০/২০১৬		
২য় সংশোধিত	৭৩১১.১৮	৭৩১১.১৮	ডিসেম্বর, ২০১০-জুন, ২০১৯	১৮/০৪/২০১৮		
প্রকৃত ব্যয়	৭২৭৬.০০	৭২৭৬.০০	ডিসেম্বর, ২০১০-জুন, ২০২০			

(খ) মূল প্রাক্কলনের সাথে ক্রমপুঞ্জিত ব্যয় বৃদ্ধির হার: ২৯৩৮.৬৪ লক্ষ টাকা বা (৬৭.২০%)।

(গ) মূল প্রাক্কলনের সাথে ক্রমপুঞ্জিত মেয়াদ বৃদ্ধির হার: ৬ বছর বা (১৭১.৪২%)।

৬। প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন: প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (PCR) অনুযায়ী প্রকল্পটির অঙ্গভিত্তিক বাস্তব ও আর্থিক অগ্রগতি নিম্নে দেয়া হল:

(লক্ষ টাকায়)

পিসিআর অনুযায়ী কাজের বিভিন্ন অঙ্গের নাম	একক	অনুমোদিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
		আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
(1)	(2)	(3)	(4)	(5)	(6)
Tour Exenditure	L.S	3.00		3.00	
Fuel & Maintenances	L.S	5.00		5.00	
Stationary	L.S	2.00		2.00	
Advertisment	L.S	8.00		8.00	
Purchase of useable articles	L.S	3.00		3.00	
Honorium	L.S	2.00		2.00	
Survey	L.S	1.00		1.00	
Others	L.S	3.00		3.00	
Abroad study tour	L.S	80.00		128.60	
Vehicle: (a) Motor cycle	No.	2.50	01 no.	2.50	01 no.

পিসিআর অনুযায়ী কাজের বিভিন্ন অঙ্গের নাম	একক	অনুমোদিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
		আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
(1)	(2)	(3)	(4)	(5)	(6)
(b) Double cabin pickup.	No.	45.11	01 no.	45.11	01 no.
Plotter	No.	6.94	01 no.	5.94	01 no.
Computer & printer		1.16	01 no.	1.16	01 no.
Plantation & beautification		2.00	--	--	--
Land acquisition and landed over properties of assets	Acre	5877.00	18.11	5877.70	18.11
Land development	Cum	305.72	114459.08	254.10	108489.77
Construction of bituminous road	Meter	285.44	1860.00	255.03	1900.57
Construction of RCC box culvert	Nos	57.93	18	64.52	19
Construction of RCC drain	meter	427.34	4575.00	400.50	3973.36
Installation of water supply line	meter	52.58	--	35.57	--
Construction of demarcation pillar	Nos	6.70	1008.00	2.87	285.00
Installation of electric line	meter	134.06		175.40	
Total		**7311.18**		**7276.00**	

৭। কাজ অসমাপ্ত থাকলে তার কারণ: সংশোধিত টিপিপি'র লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রকল্পের সকল কাজ সম্পন্ন হয়েছে।

৮। প্রকল্পটির সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নে নিম্নোক্ত বিষয়/পদ্ধতি অনুসরন করা হয়েছে:

- প্রকল্পের সংশোধিত আরটিএপিপি পর্যালোচনা;
- প্রকল্পের PCR পর্যালোচনা;
- কাজের বাস্তব অগ্রগতি যাচাই ও তথ্য সংগ্রহের জন্য সরজমিনে পরিদর্শন;

৯। প্রকল্পের মূল উদ্দেশ্য:

ক) আবাসিক সমস্যা হ্রাস এবং রাজশাহী নগরীকে পরিকল্পিত নগরী হিসাবে গড়ে তোলা;
খ) রাজশাহী নগরীর পরিবেশের ভারসাম্য রক্ষা;
গ) আয় বর্ধক প্রকল্প হিসাবে রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের আয় বৃদ্ধিতে সহায়তা; এবং
ঘ) প্রকল্প চলাকালীন সময়ে নারী শ্রমিকসহ স্থানীয় জনসাধারণের কর্মসংস্থান সৃষ্টি।

৯.১। Background: There is a shortage of planned residential area in Rajshahi City. Padma, Chandrima, Mohanandha, Parijat, Chyaneer and Extension of Banalata Commercial Area and Development of Residential Area has already been developed by the Authority. At present residential demand of the city has been increased but there is no scope to extend the area around those residential project. So Rajshahi Development Authority has taken an initiative to develop Baroi Residential Area of 18.11 Acre. In this project, there is provision of 40 & 30 feet wide internal road & RCC drain with sufficient parking space & green space and 189 Nos. residential plots and 08 Nos. commercial Plots. On the other hand, the land which is located for Mosque and play groung is also in this project.

১০। **প্রকল্পের অনুমোদন প্রক্রিয়া:** আলোচ্য প্রকল্পটি স্ব-অর্থায়নে ৪৩৭২.৫৪ লক্ষ টাকা প্রাক্কলনে ডিসেম্বর, ২০১০ থেকে জুন, ২০১৪ মেয়াদে বাস্তবায়নের জন্য গত ২০/১২/২০১২ তারিখে অনুমোদিত হয়। নির্ধারিত মেয়াদ ও প্রাক্কলনে প্রকল্পটি সমাপ্ত না হওয়ায় ২য় সংশোধনীর মাধ্যমে প্রকল্পের প্রাক্কলন নির্ধারণ করা হয় ৭৩১১.১৮ লক্ষ টাকা এবং মেয়াদ

নির্ধারণ করা হয় ডিসেম্বর, ২০১০ থেকে জুন, ২০১৯ পর্যন্ত, যা গত ১৮/০৪/২০১৮ তারিখে অনুমোদিত হয়। এর ফলে প্রকল্পটির প্রাক্কলন বৃদ্ধি পায় ২৯৩৮.৬৪ লক্ষ টাকা বা ৬৭.২০% এবং বাস্তবায়ন মেয়াদ বৃদ্ধি পায় ৬ বছর বা ১৭১.৪২%।

১১। **প্রকল্প এলাকা পরিদর্শন:** প্রকল্পটি সমাপ্তির পর প্রকল্পের কার্যক্রম মূল্যায়নের নিমিত্ত বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের ৭ নং সেক্টরের উপ-পরিচালক (উপসচিব) জনাব মশিউর রহমান গত ৩১/১২/২০২১ তারিখে রাজশাহী জেলার, বারনই এলাকায় প্রকল্পের কার্যক্রম সরজমিন পরিদর্শন করেন। পরিদর্শনকালে প্রকল্প পরিচালকসহ প্রকল্প সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন এবং প্রয়োজনীয় তথ্যাদি দিয়ে সহযোগিতা করেন। প্রকল্প সরজমিন পরিদর্শন ও রেকর্ডপত্র যাচাই করে প্রতিবেদন প্রণয়ন করা হয়েছে।

১১.১। **নিম্নে পরিদর্শিত অংশের চিত্র দেয়া হলো:**




প্রকল্প এলাকা পরিদর্শনের দৃশ্য




রাস্তা ও ড্রেনের দৃশ্য

১২। প্রকল্প বাস্তবায়নে মনিটরিং কার্যক্রম:

পরিদর্শনের সময় দেখা যায়, সংশ্লিষ্ট মন্ত্রণালয় এবং আইএমইডি'র কর্মকর্তাবৃন্দ প্রকল্প বাস্তবায়নকালে বিভিন্ন সময়ে প্রকল্পের কার্যক্রম পরিদর্শন করেছেন। এদের মধ্যে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের অতিরিক্ত মহাপরিচালক জনাব হাকিম উদ্দিন গত ২৪/১০/২০১৯ তারিখে পরিদর্শন করেন। এছাড়া আইএমইডি'র কর্মকর্তা সহকারী পরিচালক জনাব মো: সিদ্দিকুর রহমান, পরিচারক (সমন্বয়) জনাব মো: হাবিবুল ইসলাম, উপপরিচালক জনাব মশিউর রহমান এবং সহকারী পরিচালক জনাব মো: পূবন আখতার কর্তৃক গত ১১/০৫/২০১৭, ১২/০৩/২০১৮, ৩০/০৩/২০১৮ এবং ২১/১১/২০১৮ তারিখে পরিদর্শন করেছেন।

১৩। **প্রকল্পের জনবল নিয়োগ:** প্রকল্পের প্রকল্প পরিচালক এবং অন্যান্য জনবল রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের নিজস্ব জনবল অতিরিক্ত দায়িত্ব হিসেবে পালন করেছেন।

১৪। **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:**

ক্রঃ নং	কর্মকর্তার নাম	পদবি	পূর্ণকালীন/খন্ডকালীন	সময়কাল
১।	জনাব শেখ কামরুজ্জামান	সহকারী প্রকৌশলী, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ	পূর্ণকালীন	জানুয়ারি, ২০১৩ থেকে প্রকল্প সমাপ্ত পর্যন্ত

১৫| <u>প্রকল্পের ক্রয় কার্যক্রম:</u> (কার্য ও পণ্য ক্রয় ২০০.০০ লক্ষ টাকার উর্ধ্বে ও সেবা ক্রয় ১০০.০০ লক্ষ টাকার উর্ধ্বে)।

(Crore Taka)

Description of Procurement (works) As per bid Document	Tender/Bid/proposal Cost		Tender/Bid/proposal		Date of completion of works/services and supply of goods	
	As per Dpp/RDPP	Contracted value	Invatation date	Contract signing/L.C opening date	As per contract	Actual
2	3	4	5	6	7	8
Development of Barnoi Residential area (Sub-head: Land development, Construction of RCC drain, Construction of bituminous wearning course and construction of RCC box culvert)	11.22	10.09	03/07/2011	18/06/2018	30/06/2019	15/06/2019

১৬। **<u>প্রকল্পের উদ্দেশ্য অর্জন:</u>**

প্রকল্পের উদ্দেশ্য	উদ্দেশ্য অর্জন
ক) আবাসিক সমস্যা হ্রাস এবং রাজশাহী নগরীকে পরিকল্পিত নগরী হিসাবে গড়ে তোলা;	প্রকল্প এলাকার প্লট উন্নয়নের মাধ্যমে আবাসিক এলাকায় রূপান্তর এবং পরিকল্পিত নগরী হিসাবে গড়ে উঠেছে।
খ) রাজশাহী নগরীর পরিবেশের ভারসাম্য রক্ষা;	রাজশাহী নগরী পরিষ্কার পরিচ্ছন্ন নগরী হিসেবে বেশ পরিচিত, প্লটগুলো এমনভাবে নির্মাণ করা হয়েছে যেন, পরিবেশের ভারসম্য রক্ষা পায়।
গ) আয় বর্ধক প্রকল্প হিসাবে রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের আয় বৃদ্ধিতে সহায়তা; এবং	প্রকল্পের মাধ্যমে প্লট উন্নয়ন করে সেগুলো বিভিন্ন ব্যক্তি পর্যায়ে বরাদ্দ প্রদান করা হয়েছে, ফলে আরডিএ'র আয় বৃদ্ধি পেয়েছে;
ঘ) প্রকল্প চলাকালীন সময়ে নারী শ্রমিকসহ স্থানীয় জনসাধারণের কর্মসংস্থান সৃষ্টি।	প্রকল্পের মাধ্যমে প্লট উন্নয়নের সময় অনেক শ্রমিক প্রয়োজন ছিল, সে প্রেক্ষিতে নারী-পুরুষ শ্রমিকদের কর্মসংস্থান হয়েছিল;

১৭। **উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে তার কারণ:** প্রকল্পটির উদ্দেশ্য অর্জিত হয়েছে বলে পরিদর্শনে প্রতীয়মান হয়েছে।

১৭.১। অডিট সম্পাদন ও আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত তথ্য:

<u>Internal Audit:</u> আলোচ্য প্রকল্পের আওতায় ইন্টার্নাল অডিটে কোন আপত্তি উত্থাপিত হয়নি।

<u>External Audit:</u> আলোচ্য প্রকল্পের আওতায় ২০১৬-২০২০ অর্থবছরে এক্সটার্নাল অডিটে ০১টি আপত্তি উত্থাপিত হয়।

Period of Audit	Date of submission of Audit Report	Major findings/objections	Whether objections resolved or not
1	2	3	4
২০১৬-২০২০	১৮/০৩/২০২১	আলোচ্য প্রকল্পের নির্মাণ কাজ সম্পাদনের জন্য "রিথিন এন্টারপ্রাইজ এন্ড কোহিনুর এন্টারপ্রাইজ (জেভি)" এর সাথে ১০,০৯,৮৫,২১৩.০০/- (দশ কোটি নয় লক্ষ পঁচাশি হাজার দুইশত তেরো) টাকার চুক্তি সম্পাদিত হয়। চুক্তিপত্রের শর্ত মোতাবেক বর্ণিত ঠিকাদার কর্তৃক বীমা করার নির্দেশনা থাকলেও তা না করায় বীমার প্রিমিয়ামের উপর ভ্যাট বাবদ ৮৩,৩১২.০০ (তিরাশি লক্ষ তিনশত বারো) টাকা সরকারের আর্থিক ক্ষতি হয়েছে।	অডিট আপত্তি নিষ্পত্তির জন্য ব্রড শীট জবাব প্রদান করা হয়েছে।

১৮। **পরিদর্শনকালীন পর্যবেক্ষণ:**

১৮.১। **মেয়াদ ও ব্যয় বৃদ্ধি সংক্রান্ত**: আলোচ্য মূল প্রকল্পটি ৪৩৭২.৫৪ লক্ষ টাকা প্রাক্কলনে ডিসেম্বর, ২০১০ থেকে জুন, ২০১৪ মেয়াদে বাস্তবায়নের জন্য গত ২০/১২/২০১২ তারিখে অনুমোদিত হয়। নির্ধারিত মেয়াদ ও প্রাক্কলনে প্রকল্পের কার্যক্রম সমাপ্ত না হওয়ায় প্রকল্পের ১ম ও ২য় সংশোনীর মাধ্যমে প্রাক্কলন ৬৯৫৫.৫৭ লক্ষ টাকা ও ৭৩১১.১৮ লক্ষ টাকা নির্ধারণ করা হয় এবং মেয়াদ ডিসেম্বর, ২০১০ থেকে ডিসেম্বর, ২০১৭ ও ডিসেম্বর, ২০১০ থেকে জুন, ২০১৯ নির্ধারণ করা হয়। পরবর্তীতে প্রকল্পটির প্রাক্কলন অপরিবর্তিত রেখে মেয়াদ ডিসেম্বর, ২০১০ থেকে জুন, ২০২০ এ প্রকল্পের কার্যক্রম সমাপ্ত করা হয়। ফলে প্রকল্পটির বাস্তবায়নকাল বৃদ্ধি পায় ৬ বছর বা ১৭১.৪২% এবং প্রাক্কলন বৃদ্ধি পায় ২৯৩৮.৬৪ লক্ষ টাকা বা ৬৭.২০%। প্রকল্পটি নির্ধারিত মেয়াদ ও প্রাক্কলনের মধ্যে সমাপ্ত হয়নি।

১৮.২। **প্রকল্প বাস্তবায়ন অবস্থা**: প্রকল্পের মোট ২১টি অঙ্গ ছিল। পিসিআর পরিক্ষণে দেখা যায়, প্রায় প্রতিটি অঙ্গের বিপরীতে সংস্থানকৃত অর্থের মধ্যে ব্যয় হলেও বৈদেশিক প্রশিক্ষণ অংগের ব্যয় সংস্থানের চেয়ে বেশি হয়েছে। এ অংগের সংস্থান ছিল ৮০.০০ লক্ষ টাকা আর ব্যয় দেখানো হয়েছে ১২৮.৬০ লক্ষ টাকা, যা কোন ভাবেই কাম্য নয়। এছাড়া একটি মোটর সাইকলে ও একটি ডাবল কেবিন পিক-আপ ক্রয়ের সংস্থান ছিল ২.৫০ লক্ষ ও ৪৫.১১ লক্ষ টাকা। পিসিআর দৃষ্টে দেখা যায় মোটর সাইকেল ক্রয় করা হয়েছে ২.৫০ লক্ষ টাকায় এবং পিক-আপটি ক্রয় করা হয়েছে ৪৫.১১ লক্ষ টাকায়। প্রকল্প পরিচালকের সাথে আলোচনায় জানা যায়, টাইপিং এর সময় ভুলক্রমে তথ্যটি দেয়া হয়েছে। ডিপিপি/আরডিপিপি'তে প্রকল্পের বিভিন্ন অঙ্গের জন্য সংস্থান ছিল ৭৩১১.১৮ লক্ষ টাকা যার মধ্যে ব্যয় হয়েছে ৭২৭৬.০০ লক্ষ টাকা। প্রকল্পটি আরডিএ'র নিজস্ব অর্থায়নের বিধায় অব্যয়িত অর্থ আরডিএ'র নিকট জমা প্রদান করা হয়েছে মর্মে প্রকল্প পরিচালকের কাছ থেকে জানা যায়।

১৮.৩। **প্রকল্পের উদ্দেশ্য অর্জন**: আলোচ্য প্রকল্পের আবাসিক সমস্যা হ্রাস এবং রাজশাহী নগরীকে পরিকল্পিত নগরী হিসাবে গড়ে তোলা, রাজশাহী নগরীর পরিবেশের ভারসাম্য রক্ষা, আয় বর্ধক প্রকল্প হিসাবে রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের আয় বৃদ্ধিতে সহায়তা এবং প্রকল্প চলাকালীন সময়ে নারী শ্রমিকসহ স্থানীয় জনসাধারণের কর্মসংস্থান সৃষ্টি এই ০৪টি উদ্দেশ্য ছিল। প্রকল্পটি সমাপ্তের মাধ্যমে প্রকল্পের উদ্দেশ্যসমূহ অর্জন হয়েছে মর্মে পরিদর্শনকালে প্রতীয়মান হয়।

১৮.৪। পরিদর্শনকালীন পর্যবেক্ষনে দেখা যায়, রাজশাহী নগরী অন্যান্য নগরীর মতো ঘনবসতি পূর্ণ নগরী না। উক্ত প্রকল্পটি রাজশাহী নগরীর বড় বনগ্রাম মৌজায় বা রাজশাহী সিটি কর্পোরেশন ১৮.১১ একর জায়গায় অবস্থিত। প্রকল্পটির পাশ দিয়ে মেইন রোড রয়েছে, যার ফলে শহরে যাতায়াত খুবই সহজ হয়েছে। প্রকল্প এলাকার চার পাশে গাছ পালা বা সবুজায়নে সমৃদ্ধ। এর ফলে প্রকল্পের মাধ্যমে উন্নয়নকৃত প্লটগুলো বরাদ্দ প্রাপ্ত ব্যক্তিবর্গ প্রকৃতির মাঝে বসবাস করতে পারবে এবং স্বাস্থ্যসম্মত জীবন যাপন করতে পারবে। বসবাসে যেন কোন সমস্যা না হয় সে জন্য প্রকল্পের মাধ্যমে বৈদ্যুতিক লাইন স্থাপন, ৩২০০.০০ মিটার আরসিসি ড্রেন এবং ২৬০০.০০ মিটার পানি সরবরাহ লাইন এবং গ্যাস

লাইনের কাজ সমাপ্ত করা হয়েছে। এছাড়া আরসিসি বক্স, কালভার্ট নির্মাণ, বিটুমিনাস কার্পেটিং রাস্তা নির্মাণ, ডিমারকেশন পিলারসহ ইত্যাদি কাজ সম্পন্ন করা হয়েছে।

১৮.৫। অডিট আপত্তি ও নিষ্পত্তি সংক্রান্ত: পিসিআর দৃষ্টে দেখা যায়, এ প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ পর্যন্ত কোন ইন্টার্নাল অডিটে আপত্তি উত্থাপিত হয়নি কিন্তু ২০১৬-২০২০ অর্থবছরের এক্সটার্নাল অডিটে একটি আপত্তি উত্থাপিত হয়েছে। আপত্তির শিরোনাম: আলোচ্য প্রকল্পের নির্মাণ কাজ সম্পাদনের জন্য "রিথিন এন্টারপ্রাইজ এন্ড কোহিনুর এন্টারপ্রাইজ (জেভি)" এর সাথে ১০,০৯,৮৫,২১৩.০০/- (দশ কোটি নয় লক্ষ পঁচাশি হাজার দুইশত তেরো) টাকার চুক্তি সম্পাদিত হয়। চুক্তিপত্রের শর্ত মোতাবেক বর্ণিত ঠিকাদার কর্তৃক বীমা করার নির্দেশনা থাকলেও তা না করায় বীমার প্রিমিয়ামের উপর ভ্যাট বাবদ ৮৩,৩১২.০০ (তিরাশি লক্ষ তিনশত বারো) টাকা সরকারের আর্থিক ক্ষতি হয়েছে। প্রকল্প অফিসের তথ্য ও পিসিআর পর্যবেক্ষন করে দেখা যায়, আপত্তিটি নিষ্পত্তির জন্য সংশ্লিষ্ট দপ্তরে আরডিএ থেকে ব্রডশীট জবাব প্রদান করা হয়েছে।

১৮.৬। ক্রয়কৃত যন্ত্রপাতি ও মালামাল সংক্রান্ত: প্রকল্পের আওতায় যে সমস্ত যন্ত্রপাতি, কম্পিউটার ও এক্সেসরিজ ক্রয় করা হয়েছে তা সঠিকভাবে সংরক্ষণের জন্য লগবুক, সম্পদ রেজিস্ট্রার চলমান রাখা প্রয়োজন মর্মে পরিদর্শনকালে মনে হয়েছে।

১৮.৭। **প্রকল্পের ক্রয়কৃত যানবাহন:** এ প্রকল্পের ডিপিপি/আরডিপিপি'তে একটি ডাবল কেবিন পিকআপ ও একটি মোটর সাইকেল ক্রয়ের সংস্থান ছিল, যা ক্রয় করা হয়েছিল। যানবাহনগুলো আরডিএ'র নিজস্ব অর্থায়নে ক্রয় করা বিধায় আরডিএ'র তত্ত্বাবধানে রয়েছে।

১৯। মতামত/সুপারিশ :

১৯.১। প্রকল্পটি নির্ধারিত মেয়াদে শেষ হয়নি, মেয়াদ বৃদ্ধি পেয়েছে ৬ বছর বা ১৭১.৪২% এবং প্রাক্কলন বৃদ্ধি পেয়েছে ২৯৩৮.৬৪ লক্ষ টাকা বা (৬৭.২০%)। প্রকল্প থেকে সঠিক সময়ে সুফল প্রাপ্তি এবং প্রাক্কলনে সদ্ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে প্রকল্পের ডিজাইন/পরিকল্পনা এমনভাবে প্রণয়ন করতে হবে যাতে প্রকল্পের মেয়াদ ও প্রাক্কলন বৃদ্ধি না করে নির্ধারিত ব্যয়ে ও সময়ের মধ্যে প্রকল্প সমাপ্ত করা যায়;

১৯.২। আলোচ্য প্রকল্পের বৈদেশিক প্রশিক্ষণ অংগে অনুমোদিত ডিপিপি/আরডিপিপি'র সংস্থানের চেয়ে বেশি ব্যয় হয়েছে। বিষয়টি পরিকল্পনা শৃঙ্খলার সাথে সঙ্গতিপূর্ণ নয়। এ বিষয়ে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন ছিল কি-না তা খতিয়ে দেখে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উদ্যোগী মন্ত্রণালয়/সংস্থার দৃষ্টি আকর্ষণ করা হলো।

১৯.৩। প্রকল্পের আওতায় ক্রয়কৃত মালামাল, যন্ত্রপাতি ও যানবাহন যথাযথভাবে সংরক্ষণপূর্বক কার্যকরভাবে ব্যবহার নিশ্চিত করতে হবে;

১৯.৪। এ প্রকল্পের আওতায় কোন ইন্টার্নাল অডিটে আপত্তি উত্থাপিত না হলেও ২০১৬-২০২০ অর্থবছরের এক্সটার্নাল অডিটে একটি আপত্তি উত্থাপিত হয়েছে। আপত্তিটি দ্রুত নিষ্পত্তির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

কক্সবাজার জেলায় কলাতলী সরকারি জমিতে ৪৬৯টি আবাসিক ফ্ল্যাট নির্মাণ শীর্ষক সমাপ্তি প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত: জুন, ২০২০)

১। প্রকল্পের নাম : "কক্সবাজার জেলায় কলাতলী সরকারি জমিতে ৪৬৯টি আবাসিক ফ্ল্যাট নির্মাণ"।

২। উদ্যোগী মন্ত্রণালয় : গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।

৩। বাস্তবায়নকারী সংস্থা : জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ।

৪। প্রকল্পের ধরন : স্ব- অর্থায়ন।

৫। অর্থায়নের উৎস : স্ব- অর্থায়ন।

৬। প্রকল্পের অবস্থান: :

বিভাগ	জেলা	সিটি কর্পোরেশন/পৌরসভা/উপজেলা	ইউনিয়ন
চট্টগ্রাম	কক্সবাজার	সদর উপজেলা	

৭। প্রকল্পের অনুমোদিত প্রাক্কলিত ব্যয় ও বাস্তবায়ন কালঃ (লক্ষ টাকায়)

বিষয়	অনুমোদিত প্রাক্কলিত ব্যয়	বাস্তবায়ন কাল	অনুমোদনের তারিখ	পরিবর্তন (+/-)	
	মোট			ব্যয় (%)	মেয়াদ (%)
মূল	১৬০০৩.৪৩	জুলাই, ২০১২ হতে জুন, ২০১৪	২৯ অক্টোবর ২০১২। গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়	-	-
১ম সংশোধিত	১৭৭৩৮.৩২	জুলাই, ২০১২ হতে জুন, ২০১৯	১২ নভেম্বর ২০১৮। গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়	১৯৪৬.৫৭ লক্ষ টাকা বা ১২.১৬%	৬ বছর বা ৩০০%
২য় সংশোধিত	১৭৯৫০.০০	জুলাই, ২০১২ হতে জুন' ২০২০	০৮ জানুয়ারি ২০২০। গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়		

৮। **পটভূমি:** প্রকল্প এলাকার জনসাধারণের পরিকল্পিতভাবে বসবাসের জন্য স্থানীয় মাননীয় সংসদ সদস্য উক্ত এলাকায় একটি পরিকল্পিত হাউজিং প্রকল্প গ্রহণের চাহিদার পরিপ্রেক্ষিতে জেলা পর্যায় বসবাসরত মানুষের জীবন ব্যবস্থাকে উন্নত করা ও জমির সর্বোত্তম ব্যবহারের প্রয়াসে স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য পরিকল্পিত আবাসন ব্যবস্থা গড়ে তোলার লক্ষ্যে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ কর্তৃক চট্টগ্রাম বিভাগের কক্সবাজার জেলায় কলাতলী সরকারি জমিতে ৪৬৯টি আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্পটি গ্রহণ করা হয়েছে। প্রকল্পটি মোট ১৭৯৫০.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে এবং জুলাই, ২০১২ হতে জুন, ২০২০ পর্যন্ত বাস্তবায়ন মেয়াদে বাস্তবায়িত হয়েছে।

ক) জেলা শহরে আবাসন সমস্যা সমাধান ও পরিকল্পিতভাবে অল্প জায়গায় সর্বাধিক আবাসনের ব্যবস্থা গড়ে তোলার লক্ষ্যে প্রকল্পটি গ্রহণ করা হয়।

খ) শহরে নাগরিক সুযোগ-সুবিধা সম্বলিত আধুনিক জনবসতি গড়ে তোলা।

গ) প্রকট আবাসন সমস্যা সমাধানে স্বল্প ও মধ্যম আয়ের মানুষের জন্য যুক্তিসংগত মূল্যে আবাসিক ফ্ল্যাট নির্মাণ করা।

ঘ) আবাসিক সুবিধার পাশাপাশি অস্থায়ী কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা।

৯। উদ্দেশ্যঃ

ক) পরিকল্পিত উপায়ে অল্প জমির উপর সর্বাধিক সুযোগ সুবিধা সম্বলিত অত্যাধুনিক আবাসিক ফ্ল্যাট নির্মাণ করা;
(খ) আগ্রহী ব্যক্তিদের যুক্তিসংগত মূল্যে তাদের নিজস্ব একটি আবাসিক ফ্ল্যাট ক্রয়ের ক্ষেত্র তৈরি করা; এবং

(গ) আবাসিক সুবিধার পাশাপাশি অস্থায়ী কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা।

১০। প্রকল্প অনুমোদন এবং সংশোধনঃ

প্রকল্পটি ১৬০০৩.৪৩ লক্ষ টাকা ব্যয়ে জুলাই, ২০১২ হতে জুন-২০১৪ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের জন্য ২৯ অক্টোবর ২০১২ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে প্রকল্পের সংশোধিত ডিপিপি অনুমোদিত হয় এবং জুন/২০১৯ তারিখ পর্যন্ত মেয়াদ বৃদ্ধি করা হয়। অতঃপর প্রকল্পটি ১৭৯৫০.০০ লক্ষ টাকায় জুন/২০২০ মেয়াদে চুড়ান্তভাবে বাস্তবায়ন করা হয়।

১১। প্রকল্পের মূল কার্যক্রম:

- ভবন নির্মাণ।
- আরসিসি ড্রেন নির্মাণ।
- বাউন্ডারী ওয়াল নির্মাণ।

১২। **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যঃ**

প্রকল্প পরিচালকের নাম	মূল দপ্তর ও পদবি	দায়িত্বকাল	দায়িত্বের ধরণ
মোঃ নাসিম হোসেন	তত্ত্বাবধায়ক প্রকৌশলী, চট্টগ্রাম সার্কেল	২৪.০৪.৩০২২-২৪.০৪.২০১২	অতিরিক্ত দায়িত্ব
মো: রুহুল আমিন পাটোয়ারী	তত্ত্বাবধায়ক প্রকৌশলী, চট্টগ্রাম সার্কেল	২৪.০৪.২০১২ -১৭.১১.২০১৩	অতিরিক্ত দায়িত্ব
মো: আব্দুর রউফ	তত্ত্বাবধায়ক প্রকৌশলী, চট্টগ্রাম সার্কেল	১৭.১১.২০১৩ -০২.০৪.২০১৫	অতিরিক্ত দায়িত্ব
এ এস এম জিয়াউদ্দিন হায়দার	তত্ত্বাবধায়ক প্রকৌশলী, চট্টগ্রাম সার্কেল	০২.০৪.২০১৫ -০৬.০৫.২০১৫	অতিরিক্ত দায়িত্ব
ফিরোজ আহমেদ	তত্ত্বাবধায়ক প্রকৌশলী, চট্টগ্রাম সার্কেল	০৬.০৫.২০১৫-২০.০৮.২০১৫	অতিরিক্ত দায়িত্ব
মোঃ নাসিম হোসেন	তত্ত্বাবধায়ক প্রকৌশলী, চট্টগ্রাম সার্কেল	২০.০৮.২০১৫-২০.০৩.২০১৭	অতিরিক্ত দায়িত্ব
ওম প্রকাশ নন্দী	তত্ত্বাবধায়ক প্রকৌশলী, চট্টগ্রাম সার্কেল	২০.০৩.২০১৭ ১৮.০৪.২০১৭	অতিরিক্ত দায়িত্ব
মো: সাঈদ রেজা	তত্ত্বাবধায়ক প্রকৌশলী, চট্টগ্রাম সার্কেল	১৮.০৪.২০১৭-০৫.১০.২০১৭	অতিরিক্ত দায়িত্ব
মো: সামসুল আলম	তত্ত্বাবধায়ক প্রকৌশলী, চট্টগ্রাম সার্কেল	০৫.১০.২০১৭ -১১.১১.২০১৯	অতিরিক্ত দায়িত্ব
মো: সাঈদ রেজা	তত্ত্বাবধায়ক প্রকৌশলী, চট্টগ্রাম সার্কেল	১১.১১.২০১৯ -২১.০১.২০২১	অতিরিক্ত দায়িত্ব

১৩। প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায় (লক্ষ টাকায়)

আইটেমের বিবরণী (ডিপিপি অনুযায়ী)		প্রকল্পিত ব্যয় (ডিপিপি অনুযায়ী)		প্রকৃত ব্যয়	
	একক	আর্থিক	ভৌত (পরিমাণ)	আর্থিক	ভৌত (পরিমাণ)
১	২	৩	৪	৫	৬
(ক) রাজস্ব ব্যয়					
কন্টিনজেন্সি (টেন্ডার ডকুমেন্ট প্রস্তুত, প্রিন্ট ফটোকপি বিজ্ঞাপন, সম্মানি, ভিত্তিপ্রস্তর স্থাপন, লটারীকরণ ও অন্যান্য)	থোক	২৮.৫৯	থোক	২৭.৪০	থোক
স্থাপত্য ড্রইং, ইলেকট্রিক্যাল ড্রইং, কাঠামোগত ডিজাইন ও কনসালটেন্সি ফি		৫.০০		৫.০০	
স্টাফদের বেতন (আনসার/গার্ড/ আউটসোর্সিং স্টাফ)		১১.৫১		-	
যানবাহন মেরামত, পেট্রোল, মবিল ও লুব্রিকেন্ট ইত্যাদি	থোক	৪.৩৮	থোক	২.৭৯	
স্থানীয়/বৈদেশিক প্রশিক্ষণ		৪৯.৭০		৪৯.৭০	
সাব-সয়েল ইনভেস্টিগেশন (পাইল টেস্ট/ সয়েল টেস্ট)	থোক	১৭.৮৬	থোক	১৭.৮৬	
(খ) মূলধন ব্যয়					
অফিস ফার্নিচার, কম্পিউটার, ফ্যাক্স মেশিন ও সার্ভে যন্ত্রপাতি ইত্যাদি ক্রয়	থোক	২০.৪০	থোক	২০.৪০	থোক
পরিদর্শন যানবাহনঃ					
ক) জিপ -১টি/মোটর সাইকেল	১টি	৭৪.২৫	০১	৭৩.২৫	০১
জমির মূল্য	একর	২৪৪৯.৮০	১৬.৫০	২৪৪৯.৮০	১৬.৫০
ভবন নির্মাণ (১০টি আট তলা)	০০	১২২৯২.২৮	০.০০	১২২৫৩.৬৮	০.০০
ভূ-গর্ভস্থ পানি সংরক্ষণাগার		০	০	০	০
ভূমি উন্নয়ন	ঘনমিটার	১০.৯১	০	০.০০	-
রাস্তা নির্মাণ	ঘনমিটার	১৪.৯৮	০	০.০০	
বাহ্যিক গ্যাস সংযোগ স্থাপন	ঘনমিটার	০.০০		০.০০	০.০০
বাহ্যিক পানি সরবরাহ ও পয়ঃপ্রণালি					
গভীর নলকূপ স্থাপন (পাম্প হাউজসহ)	০০	১৯৮.৯২	০.০০	৭১.১৯	০.০০
সেপটিক ট্যাংক নির্মাণ	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০
সোকওয়েল নির্মাণ	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০
২৮০ মিমি ইউপিভিসি ডিস্ট্রিবিউশন ওয়াটার লাইন	০০	৯.০১	০.০০	৪.৭১	০.০০
৫০০ মিমি ও ৪০ মিমি জিআই পাইপ স্থাপন	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০
পরিদর্শন পিট নির্মাণ	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০
আরসিসি বক্স কার্লভার্ট নির্মাণ	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০
প্রধান ড্রেন ও শাখা ড্রেন নির্মাণ		৩০.২৯		৩০.২৯	
বাহ্যিক বৈদ্যুতিকরণ					

আইটেমের বিবরণী (ডিপিপি অনুযায়ী)		প্রকল্পিত ব্যয় (ডিপিপি অনুযায়ী)		প্রকৃত ব্যয়	
	একক	আর্থিক	ভৌত (পরিমাণ)	আর্থিক	ভৌত (পরিমাণ)
বৈদ্যুতিক সাবস্টেশন (৪০০ কেভিএ)		৪৭০.০৪		৪৩৮.৩২	
বৈদ্যুতিক জেনারেটর		২২৭.৫৬		২০৭.৭৮	
লিফট স্থাপন (প্যাসেঞ্জার ও বেড লিফট)		১০৭০.৬৪		১০৩৮.৩১	
অগ্নি নিরোধক ব্যবস্থাপনা স্থাপনা (হাইড্রেন্ট সিস্টেম ও অগ্নি নির্বাপক)		৫৭৯.৪০		৫৬১.৫৫	
সেন্টিফিউগাল পাম্প/মোটর স্থাপন		৪৬.৭০		৪৬.০০	
স্ট্রিট এবং কম্পাউন্ড লাইটিং		২০.০০		১৭.৬০	
সাব-মারসিবল পাম্প স্থাপন		৬৯.২৯		২৯.০৬	
টেলিফোন, ইন্টারকম ও সিসি ক্যামেরা সংযোগ		১৬.৪২		০.০০	
সোলার সিস্টেম স্থাপন		১১১.৯৯		১১১.৬২	
পিডিবি চার্জ		৩৩.৪৭		৩৩.৪৪	
প্রধান গেট, গার্ড রুম ও অভ্যর্থনা কক্ষ নির্মাণ		১৪.০০		১.০০	
আর সিসি সীমানা প্রাচীর নির্মাণ (তার কাটার বেড়া সহ)		৬৯.৬১		৬৯.৫০	
প্রধান গেট তৈরি ও স্থাপন		০.০০		০.০০	
বৃক্ষ রোপণ ও স্যেন্দর্য্য বর্ধন	টি	৩.০০		০.০০	০.০০
(গ) ফিজিক্যাল কন্টিনজেন্সি	০০	০.০০	০.০০	০০	০.০০
(ঘ) প্রাইস কন্টিনজেন্সি	০০	০.০০	০.০০	০০	০.০০
মোট=		**১৭৯৫০.০০**		**১৭৫৬০.২৫**	

তথ্য সূত্র: পিসিআর ও পরিদর্শনকালে প্রকল্প পরিচালক প্রদত্ত তথ্য অনুযায়ী

ডিপিপি অনুযায়ী প্রকল্পের প্রাক্কলিত ব্যয় **১৭৯৫০.০০** লক্ষ টাকা। তন্মধ্যে ব্যয় হয়েছে **১৭৫৬০.২৫** লক্ষ টাকা। আর্থিক অর্জন ৯৭.৮২% এবং বাস্তব অর্জন ১০০.০০%।

১৪। **প্রকল্পের কোন কাজ অসমাপ্ত থাকলে তার কারণ :** আলোচ্য প্রকল্পের বিপরীতে জুন/২০২০ পর্যন্ত ১৭৫৬০.২৫ লক্ষ টাকা ব্যয় হয়। প্রকল্পের ডিপিপি অনুযায়ী বৃক্ষ রোপণ ব্যতীত সকল অঙ্গের কার্যক্রম সমাপ্ত হয়েছে।

১৫। বছরভিত্তিক অর্থ বরাদ্দ, অর্থ ছাড় ও ব্যয়:

(লক্ষ টাকায়)

অর্থবছর	মূল ডিপিপিতে সংস্থান	এডিপি/আরএডিপি বরাদ্দ	অর্থছাড়	মোট ব্যয়	সমর্পণকৃত অর্থ
২০১২-২০১৩	৮৩২৩.৯১	৬.৯৬	৬.৯৬	৬.৯৬	
২০১৩-২০১৪	৭৬৭৯.৫১	৭৬.১৪	৭৬.১৪	৭৬.১৪	
২০১৪-২০১৫		২৫৬.৩৮	২৫৬.৩৮	২৫৬.৩৮	
২০১৫-২০১৬		৭০৪.৯১	৭০৪.৯১	৭০৪.৯১	
২০১৬-২০১৭		৪৩০৭.৮৯	৪৩০৭.৮৯	৪৩০৭.৮৯	
২০১৭-২০১৮		৩৫৬০.৯২	৩৫৬০.৯২	৩৫৬০.৯২	
২০১৮-২০১৯	৯৯২৩.৭৩	৫০০৩.২২	৫০০৩.২২	৫০০৩.২২	

অর্থবছর	মূল ডিপিপিতে সংস্থান	এডিপি/আরএডিপি বরাদ্দ	অর্থছাড়	মোট ব্যয়	সমর্পণকৃত অর্থ
২০১৯-২০২০	৮০২৫.২৭	৩৬৪৩.৮৩	৩৬৪৩.৮৩	৩৬৪৩.৮৩	
মোট:				**১৭৫৬০.২৫**	

- তথ্য সূত্র: পিসিআর ও পরিদর্শনকালে প্রকল্প পরিচালক প্রদত্ত তথ্য অনুযায়ী

১৬। **আর্থিক বিশ্লেষণ: ০৮** (আট) বছর মেয়াদি প্রকল্পটিতে মোট প্রাক্কলিত ব্যয় ১৭৯৫০.০০ লক্ষ টাকা যার বিপরীতে অর্থছাড় করা হয় **১৭৫৬০.২৫** লক্ষ টাকা এবং প্রকৃত ব্যয় হয়েছে **১৭৫৬০.২৫** লক্ষ টাকা।

১৭। **ক্রয় কার্যক্রম সংক্রান্ত পর্যালোচনাঃ** পিপিআর-২০০৮ এর বিধি বিধান অনুসরণ করে এ প্রকল্পের সকল ক্রয় প্রক্রিয়া উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে (ওটিএম-এর মাধ্যমে) সম্পাদন করা হয় মর্মে প্রকল্প পরিচালক জানান। ক্রয় সংক্রান্ত কাগজ পত্রাদি বিশ্লেষণে দেখা যায়, প্রকল্পে মোট ০১ টি প্যাকেজ ছিল। প্রকল্পের ক্রয় কার্যক্রমে পণ্য-০৩টি, কার্য-২৩টি এবং সেবার জন্য ০১টিসহ মোট ২৭টি প্যাকেজ রয়েছে। সবগুলো প্যাকেজের কাজই উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে বাস্তবায়ন করা হয়েছে।

প্যাকেজের বিবরণ নিম্নে দেওয়া হলো:

ক্রয় পরিকল্পনার বর্ণনা (পণ্য/কার্য/পরামর্শ) বিড ডকুমেন্ট অনুযায়ী	**টেন্ডার/বিড/প্রপোজাল (কোটি টাকায়)**		**ক্রয় পদ্ধতি**	**টেন্ডার/বিড/প্রপোজাল**		**কার্য/সেবা এবং পণ্য সরবরাহ সমাপ্তির তারিখ**	
	পিপি অনুযায়ী	**চুক্তি মূল্য**		**আহ্বানের তারিখ**	**চুক্তি স্বাক্ষরের তারিখ**	**চুক্তি অনুযায়ী**	**প্রকৃত**
সুনামগঞ্জ সাইট এন্ড সার্ভিসেস আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প এর ক্রয় পরিকল্পনা।							
কক্সবাজার কলাতলীতে ৪৬৯টি আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্পের ভবন নং ১ ও ৫ এর অভ্যন্তরীণ ইলেকট্রিক ও সানিটারী কাজ।	৩৩.৪৮	৩২.৩৫	ওটিএম	২২.০১.২০১৬	১৩.০৭.২০১৬	৩০.০৬.২০২০	২৫.০৬.২০২০
কক্সবাজার কলাতলীতে ৪৬৯টি আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্পের ভবন নং ২ এর অভ্যন্তরীণ ইলেকট্রিক ও সানিটারী কাজ।	১০.৩০	৯.৬৬	ওটিএম	১৫.০৫.২০১৩	০৯.১২.২০১৩	.৮.১২.২০১৬	২৩.১২.২০১৯
কক্সবাজার কলাতলীতে ৪৬৯টি আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্পের ভবন নং ৩ এর অভ্যন্তরীণ ইলেকট্রিক ও সানিটারী কাজ।	১৬.১৫	১৫.০১	ওটিএম	১৫.০৫.২০১৩	০৯.১২.২০১৩	৮.১২.২০১৬	২৬.০৬.২০১৮
কক্সবাজার কলাতলীতে ৪৬৯টি আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্পের ভবন নং ৪ এর অভ্যন্তরীণ ইলেকট্রিক ও সানিটারী কাজ।	১২.৬১	১০.৭০	ওটিএম	১৫.০৫.২০১৩	০৯.১২.২০১৩	০৪.০১.২০১৭	১৫.০৮.২০১৯
কক্সবাজার কলাতলীতে ৪৬৯টি আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্পের ভবন নং ৬ এর অভ্যন্তরীণ ইলেকট্রিক ও সানিটারী কাজ।	৪.৮২	৩.৯৫	ওটিএম	১৬.০৫.২০১৩	০৯.১২.২০১৩	৮.১২.২০১৬	৩০.০৬.২০১৮
কক্সবাজার কলাতলীতে ৪৬৯টি আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্পের ভবন নং ৭ এর অভ্যন্তরীণ ইলেকট্রিক ও সানিটারী কাজ।	৬.৩৫	৫.৮১	ওটিএম	১৬.০৫.২০১৩	০৯.১২.২০১৩	৮.১২.২০১৬	২৪.০৬.২০২০
কক্সবাজার কলাতলীতে ৪৬৯টি আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্পের ভবন নং ৮ এর অভ্যন্তরীণ ইলেকট্রিক ও সানিটারী কাজ।	৬.৫৬	৬.০৩	ওটিএম	২১.০৮.২০১৬	২৩.১১.২০১৬	২৫.০৫.২০১৯	২০.০৫.২০১৯
কক্সবাজার কলাতলীতে ৪৬৯টি আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্পের ভবন নং ৯ ও ১০ এর অভ্যন্তরীণ ইলেকট্রিক ও সানিটারী কাজ।	৩২.৬৪	৩২.৬২	ওটিএম	২২.০১.২০১৬	১৩.০৭.২০১৬	৩০.০৬.২০২০	২৫.০৬.২০২০

ক্রয় পরিকল্পনার বর্ণনা (পণ্য/কার্য/পরামর্শ) বিড ডকুমেন্ট অনুযায়ী	টেন্ডার/বিড/প্রপোজাল (কোটি টাকায়)		ক্রয় পদ্ধতি	টেন্ডার/বিড/প্রপোজাল		কার্য/সেবা এবং পণ্য সরবরাহ সমাপ্তির তারিখ	
	পিপি অনুযায়ী	চুক্তি মূল্য		আহ্বানের তারিখ	চুক্তি স্বাক্ষরের তারিখ	চুক্তি অনুযায়ী	প্রকৃত
কক্সবাজার কলাতলীতে ৪৬৯টি আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্পের ভবন নং২,৩,৪,৬,৭ ও৮ এর ফায়ার প্রটেকশন (হাইড্রেন্ট সিস্টেম) এর কাজ	৫.৬২	৪.৩০		১৯.১১.২০১৮	১৬.০৪.২০১৯	১৫.১০.২০১৯	২৬.০৬.২০২০
কক্সবাজার কলাতলীতে ৪৬৯টি আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্পের ভবন নং ১ ও ৫ এর ৮০০ কেভিএ ও ১৫০ কেভিএ সাব স্টেশন স্থাপন কাজ।	১.০২	১.০১		১৬.১১.২০১৭	২৪.০১.২০১৮	৩০.১২.২০১৮	২৮.০৬.২০১৮
কক্সবাজার কলাতলীতে ৪৬৯টি আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্পের ভবন নং ৯ ও ১০ এর ৮০০ কেভিএ ও ১৫০ কেভিএ সাব ষ্টেশন স্থাপন কাজ।	১.০৭	১.০৭		১৯.০৩.২০১৮	১৭.০৬.২০১৮	১৬.১২.২০১৮	১৩.১২.২০১৮
কক্সবাজার কলাতলীতে ৪৬৯টি আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্পের ভবন নং ১ ও ৫ এর ১৫০ কেভিএ ও ৪০ কেভিএ জেনারেটর স্থাপন কাজ।	০.৬৩	০.৬৩		১৬.১১.১৭	২৪.০১.২০১৮	৩০.১২.২০১৮	২৮.০৬.২০১৮
কক্সবাজার কলাতলীতে ৪৬৯টি আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্পের ভবন নং ৯ ও ১০ এর ১৫০ কেভিএ ও ৪০ কেভিএ জেনারেটর স্থাপন কাজ।	০.৫৩	০.৫৩		১৪.০৩.২০১৯	১৭.০৬.২০১৮	১০.১০.২০১৯	১৩.১২.২০১৮
কক্সবাজার কলাতলীতে ৪৬৯টি আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্পের ভবন নং ১ ও ৫ এর ৬৩০ কেজি ৮ প্যাসেঞ্জারস লিফট স্থাপন কাজ।	২.০৪	২.০৪		২৪.০৭.২০১৮	১২.১১.২০১৮	৩০.০৬.২০১৯	২৭.০৬.২০১৯
কক্সবাজার কলাতলীতে ৪৬৯টি আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্পের ভবন নং ৯ ও ১০ এর ৬৩০ কেজি ৮ প্যাসেঞ্জারস লিফট স্থাপন কাজ।	২.৫৪	২.৫৪		১১.০৯.২০১৭	০৯.০১.২০১৮	৩০.০৬.২০১৮	২৮.০৬.২০১৮
কক্সবাজার কলাতলীতে ৪৬৯টি আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্পের ভবন নং ১ ও ৫এর ফায়ার প্রটেকশন (হাইড্রেন্ট সিসটেম) এর কাজ	০.৭১	০.৭১		১৪.০৩.২০১৯	০৯.০৫.২০১৯	৩০.০৬.২০১৯	২৭.০৬.২০১৯
কক্সবাজার কলাতলীতে ৪৬৯টি আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্পের ভবন নং-৯ ও ১০ এর ফায়ার প্রটেকশন (হাইড্রেন্ট সিসটেম) এর কাজ	০.৬১	০.৬১		১৪.০৩.২০১৯	০৯.০৫.২০১৯	৩০.০৬.২০১৯	২৭.০৬.২০১৯
কক্সবাজার কলাতলীতে ৪৬৯টি আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্পের ভবন ১ ও ৫ এর সোলার সিস্টেম এর কাজ	০.২৭	০.২৭		১৪.০৩.২০১৯	০৯.০৫.২০১৯	৩০.০৬.২০১৯	২৭.০৬.২০১৯
কক্সবাজার কলাতলীতে ৪৬৯টি আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্পের ভবন ৯ ও ১০ এর সোলার সিস্টেম এর কাজ	০.২৩	০.২৩		১৯.০৩.২০১৮	১৭.০৬.২০১৮	১৬.১২.২০১৮	১৩.১২.২০১৮
কক্সবাজার কলাতলীতে ৪৬৯টি আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্পের ভবন ১ ও ৫ এর সেন্টিফিউগাল পাম্প মোটর সেট এর কাজ	০.০৯	০.০৯		১৬.১১.২০১৭	২৪.০১.২০১৮	২৮.১২.২০১৮	২৮.১২.২০১৮
কক্সবাজার কলাতলীতে ৪৬৯টি আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্পের ভবন ৯ ও ১০ এর সেন্টিফিউগাল পাম্প মোটর সেট এর কাজ	০.০৯	০.০৯		১৯.০৩.২০১৮	১৭.০৬.২০১৮	১৬.১২.২০১৮	১৩.১২.২০১৮

ক্রয় পরিকল্পনার বর্ণনা (পণ্য/কার্য/পরামর্শ) বিড ডকুমেন্ট অনুযায়ী	টেন্ডার/বিড/প্রপোজাল (কোটি টাকায়)		ক্রয় পদ্ধতি	টেন্ডার/বিড/প্রপোজাল		কার্য/সেবা এবং পণ্য সরবরাহ সমাপ্তির তারিখ	
	পিপি অনুযায়ী	চুক্তি মূল্য		আহ্বানের তারিখ	চুক্তি স্বাক্ষরের তারিখ	চুক্তি অনুযায়ী	প্রকৃত
কক্সবাজার কলাতলীতে ৪৬৯টি আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্পের ভবন ১ ও ৫ এর গেট এন্ড গার্ডেন লাইট এর কাজ	০.০৫	০.০৫		১৬.১১.২০১৭	২৪.০১.২০১৮	৩০.১২.২০১৮	২৮.০৬.২০১৮
কক্সবাজার কলাতলীতে ৪৬৯টি আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্পের ভবন ৯ ও ১০ এর এর গেট এন্ড গার্ডেন লাইট এর কাজ	০.০৫	০.০৫		১৪.০৩.২০১৯	১৭.০৬.২০১৯	১০.১২.২০১৯	১০.১০.২০১৯

১৮। অডিট নিষ্পত্তি সংক্রান্ত (পিসিআর অনুযায়ী):

এ প্রকল্পে ২০১৮-২০১৯ এবং ২০১৯-২০২০ এক্সটার্নাল ও ইন্টার্নাল অডিট হয়েছে। অডিট টিম কর্তৃক ২০১৮-২০১৯ এবং ২০১৯-২০২০ অর্থবছরে অডিট আপত্তি উত্থাপিত হয় নাই মর্মে প্রকল্প পরিচালক ও পিসিআর এর প্রদত্ত তথ্য অনুযায়ী জানা যায় ।

১৯। মূল্যায়ন পদ্ধতিঃ

মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়নে নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করা হয়েছে:

ক) প্রকল্পের ডিপিপি পর্যালোচনা;

খ) প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) পর্যালোচনা;

গ) এডিপি পর্যালোচনা;

ঘ) কাজের মান ও বাস্তব অগ্রগতি যাচাই এবং সরেজমিনে পরিদর্শন;

ঙ) ক্রয় সংক্রান্ত তথ্যাদি পর্যালোচনা; এবং

চ) প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা।

প্রকল্প পরিদর্শন সংক্রান্ত বিশ্লেষণ ও পর্যবেক্ষণ:

২০। (ক) পরিদর্শনকৃত এলাকা ও এলাকা ভিজিটের বর্ণনা: গত ২৪.১২.২০২৩ তারিখ আলোচ্য “কক্সবাজার জেলায় কলাতলী সরকারি জমিতে ৪৬৯ টি আবাসিক ফ্ল্যাট নির্মাণ” শীর্ষক প্রকল্পের বিভিন্ন কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে চট্টগ্রাম বিভাগের প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তা নির্বাহী প্রকৌশলী, উপ-বিভাগীয় প্রকৌশলী ও উপ সহকারী প্রকৌশলী উপস্থিত ছিলেন। সরেজমিন পরিদর্শন পর্যবেক্ষণ ও পর্যালোচনাসমূহ নিম্নে দেয়া হল:

পরিদর্শনকালে দেখা যায় যে, এ প্রকল্পের মাধ্যমে মোট ১০টি ভবন নির্মাণ করা হয় এবং প্রতিটি আলাদা আলাদা কাজের বাস্তবায়নের নিমিত্তে ঠিকাদারের সাথে চুক্তি মোতাবেক সকল কাজ সম্পন্ন করা হয়েছে। এ প্রকল্পে নির্মিত ১০টি ভবনে মোট ৪৬৯টি আবাসিক ফ্ল্যাট নির্মাণ করা হয়েছে। নির্মিত ফ্ল্যাটসমূহ বরাদ্দ প্রাপকদের বুঝিয়ে দেয়া হয়েছে এবং বরাদ্দ প্রাপকগণ বসবাস করছেন। পরিদর্শনে দেখা যায়, ৭৩.২৫ লক্ষ টাকা ব্যয় করে প্রকল্পে একটি গাড়ি ক্রয় করা হয়েছে। গাড়িটি বর্তমানে চট্টগ্রাম সার্কেল এর তত্ত্বাবধায়ক প্রকৌশলী তথা প্রকল্প পরিচালক কর্তৃক ব্যবহার করা হচ্ছে মর্মে প্রকল্প পরিচালক জানান। সার্বিক বিবেচনায় কাজের গুণগতমান বজায় রাখা হয়েছে মর্মে প্রকল্প পরিচালক জানান।

২০.২। প্রকল্প বাস্তবায়ন অবস্থা: প্রকল্পের মোট ২২টি অঙ্গ ছিল, পিসিআর দৃষ্টে দেখা যায়, প্রতিটি অঙ্গের বিপরীতে সংস্থানকৃত অর্থের মধ্যে ব্যয় হয়েছে। কোন অঙ্গের ব্যয় আরডিপিপি সংস্থানের চেয়ে বেশি হয়নি। ডিপিপি/আরডিপিপিতে প্রকল্পের বিভিন্ন অঙ্গের জন্য সংস্থান ছিল ১৭৯৫০.০০ লক্ষ টাকা, ব্যয় হয়েছে ১৭৫৬০.২৫ লক্ষ টাকা বা ৯৭.৮২%। প্রকল্প পরিচালক জানান, অব্যয়িত অর্থ সংস্থা হতে ছাড় হয়নি। এ কারণে সরকারি কোষাগারে জমা করার প্রয়োজন হয়নি।

২০.৩। প্রকল্পের আওতায় নির্মিত ১০টি ভবনের বর্ণনা: ডিপিপি/আরডিপিপিতে ০৮ তলা ভবন নির্মাণ ছিল। প্রকল্পের মাধ্যমে বেজমেন্টসহ ০৮ তলা বিশিষ্ট ১০টি ভবন নির্মাণ করা হয়েছে। এর মধ্যে ৫৭২ বর্গফুট আয়তনের ১০১টি ফ্ল্যাট, ৫৯৫ বর্গফুট আয়তনের ৩৫টি ফ্ল্যাট, ৮১৫ বর্গফুট আয়তনের ১০৯টি, ৮৬৩ বর্গফুট আয়তনের ৫৩টি, ৯৫৬ বর্গফুট আয়তনের ১২৩টি, ১০১৭

বর্গফুট আয়তনের ১৪টি, ১০২৫ বর্গফুট আয়তনের ১৪টি এবং ১০৫৩ বর্গফুট আয়তনের ৪১টি আবাসিক ভবনসহ মোট ৪৬৯টি ফ্ল্যাট নির্মিত হয়েছে। এছাড়া, ১৬টি লিফট স্থাপন, ১০টি জেনারেটর, ১০টি সাব-স্টেশন, ফায়ার হাইড্রেন্ট সিস্টেম, সোলার প্যানেল স্থাপন, ১০টি মেইন গেইট নির্মাণ এবং ভবনের নিরাপত্তা রক্ষার্থে সীমানা প্রাচীর নির্মাণ ইত্যাদিসহ আনুষঙ্গিক ভৌত কাজ রয়েছে। পরিদর্শনকালে প্রকল্পের বর্ধিত কাজসমূহ সঠিকতা পাওয়া যায়। প্রকল্প পরিচালক জানান, ডিপিপি/আরডিপিপি অনুযায়ী ভবন নির্মাণ, লিফট স্থাপন, জেনারেটর, সাব-স্টেশন, ফায়ার হাইড্রেট সিস্টেমের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করা হয়েছে। কিন্তু পরিদর্শনকালে দেখা যায়, প্রকল্পের আওতায় সোলার প্যানেল স্থাপন করা হলেও উক্ত সোলার প্যানেলে সংযোগ প্রদান না করায় তার কার্যকারিতা নেই।

২০.৪। প্রকল্পের নির্মিত ভবন সরেজমিন পরিদর্শন করে ভবন নির্মাণকালীন ব্যবহৃত নির্মাণ সামগ্রীর গুণগতমান যাচাই এর জন্য বিভিন্ন টেস্ট রিপোর্ট পর্যবেক্ষণ করা হয়। প্রকল্প পরিচালক জানান, নির্মাণ সামগ্রী বুয়েটের ল্যাবরেটরিতে টেস্ট করে নির্মাণ কাজে ব্যবহার করা হয়েছে। টেস্ট রিপোর্টসমূহ পরিদর্শনকালে প্রদর্শন করা হয়েছে। ইলেক্ট্রোমেকানিক্যাল সরঞ্জাম, ইলেক্ট্রিক্যাল ফিটিংস, সেনেটারি ফিটিংস, ম্যানুফেকচারাল গাইডলাইন এবং দরপত্রের স্পেসিফিকেশন অনুযায়ী ব্যবহার করা হয়েছে। দরপত্রে উল্লিখিত বিভিন্ন ফিটিংসের সাথে নির্মিত ভবনের ব্যবহৃত বিভিন্ন ইলেক্ট্রিক্যাল ফিটিংস, সেনেটারি ফিটিংস, ইলেক্ট্রোমেকানিক্যাল সরঞ্জাম, ম্যানুফেকচারাল গাইডলাইন, এবং লিফট র‍্যান্ডম ব্যাসিসে যাচাই করে ভবনসমূহে ব্যবহার করা হয় মর্মে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তা জানান।

২০.৫। ঘন ঘন প্রকল্প পরিচালক পরিবর্তন এবং একাধিক প্রকল্পের অতিরিক্ত দায়িত্ব পালন: এ প্রকল্প বাস্তবায়নকালীন ১০ জন প্রকল্প পরিচালক দায়িত্ব পালন করেছেন, প্রত্যেকেই অতিরিক্ত হিসেবে দায়িত্ব পালন করেছেন। এছাড়া জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের রাজস্ব খাতের জনবল এবং তারা অতিরিক্ত দায়িত্ব পালন করেছেন। পরিকল্পনা বিভাগ হতে জারিকৃত "সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন পদ্ধতি" বিষয়ক পরিপত্র অনুসারে ৫০ কোটি টাকার উর্ধ্বে প্রকল্পের ক্ষেত্রে নিয়মিত প্রকল্প পরিচালক নিয়োগ দিতে হয়। এ প্রকল্পটির প্রাক্কলন ছিল ১৭৯৫০.০০ লক্ষ টাকা বা ৫০ কোটি টাকার উর্ধ্বে, কিন্তু পরিপত্র অনুযায়ী নিয়মিত প্রকল্প পরিচালক নিয়োগ দেয়া হয়নি। উপরন্তু তারা দাপ্তরিক দায়িত্বসহ একাধিক প্রকল্পের অতিরিক্ত দায়িত্বে ছিলেন। নিয়মিত প্রকল্প পরিচালক পদায়ন না করায় পরিপত্রের বিধান লঙ্ঘিত হয়েছে বলে প্রতীয়মান হয়।

২১। উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে এর কারণ: পিসিআর ও প্রকল্প পরিদর্শনে প্রকল্পের উদ্দেশ্য অর্জিত হয়েছে মর্মে প্রতীয়মান হয়েছে।

২২। প্রকল্প পরিদর্শনের স্থির/ভিডিও চিত্র ও বর্ণনা:



প্রকল্পের বিভিন্ন কার্যক্রম পরিদর্শনের দৃশ্য।



নির্মিত ভবন ও সোলার প্যানেলের দৃশ্য

২৩। **প্রকল্পের সার্বিক পর্যবেক্ষণ:**

২৩.১। ০৮ (আট) বছর মেয়াদি প্রকল্পটিতে মোট প্রাক্কলিত ব্যয় ১৭৯৫০.০০ লক্ষ টাকা যার বিপরীতে অর্থছাড় করা হয় ১৭৫৬০.২৫ লক্ষ টাকা এবং প্রকৃত ব্যয় হয় ১৭৫৬০.২৫ লক্ষ টাকা। প্রকল্পের আর্থিক অগ্রগতি ৯৭.৮২% এবং বাস্তব অগ্রগতি ১০০%। প্রকল্পের অব্যয়িত ৩৮৯.৭৫ লক্ষ টাকা অর্থ ছাড় হয়নি বিধায় সরকারি কোষাগারে জমা প্রদানের প্রয়োজন হয়নি।

২৩.২। ক্রয় কার্যক্রম সংক্রান্ত পর্যালোচনা: পিপিআর-২০০৮ এর বিধি বিধান অনুসরণ করে সকল ক্রয় প্রক্রিয়া উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে (ওটিএম এর মাধ্যমে) সম্পাদন করা হয় মর্মে প্রকল্প পরিচালক জানান। নথিপত্র বিশ্লেষণে দেখা যায়, প্রকল্পের ক্রয় কার্যক্রমে পণ্য-০৩টি, কার্য-২৩টি এবং সেবার জন্য ০১টিসহ মোট ২৭টি প্যাকেজ রয়েছে। সবগুলো প্যাকেজের কাজই সমাপ্ত হয়েছে। এই প্রকল্পের ক্ষেত্রে প্যাকেজগুলোর দরপত্র আহ্বান কার্যক্রম ডিপিপি/আরডিপিপি'র শিডিউল অনুযায়ী হয়নি এবং চুক্তি মেয়াদের মধ্যে কাজ শেষ হয়নি। প্রকল্পটি ০২ (দুই) বার সংশোধন করা হয় এবং সেই সাথে প্যাকেজসমূহের মেয়াদও বৃদ্ধি করে কার্যক্রম সমাপ্ত করা হয়েছে।

২৩.৩। প্রকল্প বাস্তবায়নের পূর্বের সুবিধাদি এবং বর্তমান সুবিধাদি:

বিষয়	প্রকল্প গ্রহণের পূর্বে (অক্টোবর ২০১৬)	বর্তমান অবস্থা
প্রকল্পে আওতায় জমি	২২৬.৬৪ শতাংশ জমি পতিত অবস্থায় পড়ে ছিল।	বর্ণিত প্রকল্পে ব্যবহৃত সরকারি জমি (পিডব্লিউডি মালিকানাধীন) পতিত অবস্থায় ছিল। পিডব্লিউডিকে জমির মূল্য পরিশোধ স্বাপেক্ষে ১০টি ভবন নির্মাণ করে ৪৬৯ জনের আবাসন সমস্যার সমাধান করা হয়েছে।

সূত্র: প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাদের দেয়া তথ্য মোতাবেক।

২৩.৪। অডিট সম্পাদন সংক্রান্ত পর্যালোচনা (পিসিআর অনুযায়ী): প্রকল্পে ২০১৭-১৮, ২০১৮-১৯ এবং ২০১৯-২০ অর্থবছরে এক্সটার্নাল ও ইন্টার্নাল অডিট সম্পাদিত হয়েছে। প্রকল্প পরিচালকের দেয়া তথ্য ও পিসিআর দৃষ্টে দেখা যায়, সম্পাদিত অডিটে কোন আপত্তি উত্থাপিত হয়নি।

২৩.৫ সুবিধাভোগীর মতামত: পরিদর্শনকালে উক্ত এলাকার জনসাধারণের সাথে আলোচনায় নিম্নবর্ণিত সুবিধাদি পরিলক্ষিত হয়েছে: এ ধরনের একটা প্রকল্প গ্রহণের ফলে কক্সবাজার অঞ্চলের মানুষের পরিকল্পিতভাবে বসবাসের জন্য একটা ঠিকানা তৈরি হয়েছে। শহরে বসবাসকারীদের ও পর্যটকদের জন্য বিনোদনমূলক সুবিধাদিসহ নাগরিক সুযোগ-সুবিধার উন্নতি হয়েছে। সর্বোপরি উক্ত প্রকল্প বাস্তবায়নের ফলে পারিপার্শ্বিক আর্থ-সামাজিক উন্নতি সাধিত হয়েছে মর্মে প্রতীয়মান হয়েছে।

২৩.৬। প্রকল্পের উদ্দেশ্যসমূহের প্রকৃত অর্জন:

মূলকার্যক্রম	**অর্জিত ফলাফল**
জেলা পর্যায় বসবাসরত মানুষের জীবন ব্যবস্থাকে উন্নত করা ও জমির সর্বোত্তম ব্যবহারের প্রয়াসে স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য পরিকল্পিত আবাসন ব্যবস্থা গড়ে তোলার লক্ষ্যে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ কর্তৃক চট্টগ্রাম বিভাগের কক্সবাজার জেলায় কলাতলীতে সরকারি জমিতে ১০টি- ৮ম তলা ভবনে ৪৬৯ টি আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্পটি গ্রহণ করা হয়েছে। ক) প্রকল্পের আওতায় প্রতিটি ভবনের লিফট, জেনারেটর, সাব-স্টেশন, সোলার সিস্টেম প্রভৃতি সুযোগ সুবিধা রাখা হয়েছে। (খ) নাগরিক সুযোগ সুবিধা বৃদ্ধির লক্ষ্যে শহুরে ভৌত অবকাঠামো তৈরি করা করা হয়েছে। (গ) শহুরে বসবাসকারীদের জন্য বিনোদনমূলক সুবিধাদিসহ নাগরিক সুযোগ-সুবিধার উন্নতি হয়েছে। (ঘ) প্রকল্প এলাকায় পরিবেশবান্ধব বসবাসের স্থান তৈরি হয়েছে। (ঙ) যোগাযোগ ব্যবস্থার উন্নতি, অর্থনৈতিক কার্যক্রম বাড়ানো এবং পৌর অবকাঠামো পুনর্গঠনের পাশাপাশি নতুন আশা স্থাপনের মাধ্যমে শহুরে এলাকার দরিদ্র জনগোষ্ঠীর জন্য তাৎক্ষণিক ও দীর্ঘমেয়াদি কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি এবং বসবাসকারী জনগণের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন হয়েছে মর্মে জানা যায়।	কক্সবাজার জেলার কলাতলীতে সরকারি জমিতে ২২৬.৬৪ শতাংশ জমিতে সহজ কিস্তি সুবিধায় বিভিন্ন শ্রেণি পেশার মানুষের জন্য বিভিন্ন সাইজের ১০৫৬ বর্গফুট, ৯৫০ বর্গফুট, ১০৩০.৫০ বর্গফুট, ১০২১ বর্গফুট, ৫৫৯ বর্গফুট, ও ৯৭০ বর্গফুট, আবাসিক ফ্ল্যাট নির্মাণ করা হয়। প্রকল্পের আওতায় প্রতিটি ভবনের লিফট, জেনারেটর, সাব-স্টেশন, সোলার সিস্টেম প্রভৃতি সুযোগ সুবিধা রাখা হয়। যা প্রকল্প এলাকার নাগরিক সুযোগ-সুবিধা বৃদ্ধি করেছে। প্রকল্প এলাকার দরিদ্র জনগোষ্ঠীর জন্য তাৎক্ষণিক এবং দীর্ঘমেয়াদি কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধি পেয়েছে। প্রকল্প এলাকার যোগাযোগ ব্যবস্থাসহ সার্বিক পরিবেশ উন্নতি সাধন করেছে। একটি পরিকল্পিত আবাসিক এলাকা গড়ে উঠেছে।

সূত্র: পিসিআর, প্রকল্পের সরেজমিন পরিদর্শন ও প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাদের দেয়া তথ্য মোতাবেক।

২৪। সুপারিশ/মতামত:

(ক) প্রকল্পটি নির্ধারিত মেয়াদ ও প্রাক্কলনে শেষ হয়নি, মেয়াদ বৃদ্ধি পেয়েছে ৬ বছর বা ৩০০% এবং প্রাক্কলন বৃদ্ধি পেয়েছে ১৯৪৬.৫৭ লক্ষ টাকা বা ১২.১৬%। এটি প্রকল্প বাস্তবায়নে একটি বড় ধরনের সমস্যা। মন্ত্রণালয়/বাস্তবায়নকারী সংস্থার পরবর্তী প্রকল্পের ক্ষেত্রে নির্ধারিত মেয়াদ ও প্রাক্কলনের মধ্যে বাস্তবায়ন করতে হবে;

(খ) বর্ণিত প্রকল্পের আওতায় জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ কর্তৃক বাস্তবায়িত কার্যক্রমসমূহের রক্ষণাবেক্ষণ ও পুনর্বাসন ধারাবাহিকতা বজায় রাখার জন্য নিয়মিত রক্ষণাবেক্ষণ করার বিষয়টি জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ কর্তৃক নিশ্চিত করতে হবে;

(গ) উপকারভোগীদের ব্যবহার উপযোগী রাখার লক্ষ্যে প্রকল্প কর্তৃপক্ষের পক্ষ হতে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন;

(ঘ) এ প্রকল্পে ১০ জন প্রকল্প পরিচালক অতিরিক্ত দায়িত্ব করেছেন। মন্ত্রণালয় ও বাস্তবায়নকারী সংস্থার পরবর্তী প্রকল্পের ক্ষেত্রে পরিকল্পনা বিভাগের পরিপত্রের বিধান অনুসরণ করে প্রকল্প নিয়োগের ব্যবস্থা গ্রহণ করতে হবে;

(ঙ) উপর্যুক্ত সুপারিশ/মতামত অনুযায়ী প্রশাসনিক মন্ত্রণালয়/সংস্থা কর্তৃক গৃহীত ব্যবস্থা সম্পর্কে আগামী ৩১/০১/২০২৪ তারিখের মধ্যে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ-কে অবহিত করতে হবে।